# বাংলা উচ্চারণ অভিধান

নরেন বিশ্বাস

# বাঙলা উচ্চারণ অভিধান

# বাঙলা উচ্চারণ অভিধান

নরেন বিশ্বাস

বাংলা একাডেমী ঢাকা

প্রথম প্রকাশ : ফাল্গুন ১৩৯৬
ফেব্রুয়ারি ১৯৯০

বা. এ. ২২৩৯



পাণ্ডুলিপি : সংকলন উপবিভাগ

প্রকাশক : শামসুজ্জামান খান
পরিচালক
গবেষণা সংকলন ও ফোকলোর বিভাগ
বাংলা একাডেমী ঢাকা–১০০০

কম্পোজ : ইনফরমেশন নেটওয়ার্ক সার্ভিসেস লিঃ

মুদ্রণ : ওবায়দুল ইসলাম
ব্যবস্থাপক
বাংলা একাডেমী প্রেস

প্রচ্ছদ : উৎপল দাস

মূল্য : একশত টাকা মাত্র

---

**BANGLA UCHCHARAN ABHIDHAN** : by Naren Biswas [A Dictionary of Standard Bengali Pronunciation] published by Bangla Academy Dhaka Bangladesh. First Edition February, 1990. Price Taka 100.00 US Dollar 10.00 Only.

# ভূমিকা

রবীন্দ্রনাথ এক সময়ে বিস্ময়ের সঙ্গে আবিষ্কার করেছিলেন যে, আরো অনেক ভাষার মতো বাংলাভাষায়ও আমরা বানান-অনুযায়ী উচ্চারণ করি না কিংবা উচ্চারণ-অনুযায়ী বানান করি না। শতাধিক বছর আগে তিনি বাংলা শব্দের প্রমিত উচ্চারণের নিয়ম-সংকলনে প্রবৃত্ত হয়েছিলেন। অষ্টাদশ ও উনবিংশ শতাব্দীতে বাংলাভাষার কোনো কোনো অভিধানে অবশ্য বিদেশীদের সুবিধের কথা মনে রেখে উচ্চারণ নির্দেশ করা হয়েছিল। তবে রবীন্দ্রনাথের পরেই বাংলাভাষার অভিধান-সংকলকদের কেউ কেউ এবং ভাষাতাত্ত্বিক ও ধ্বনিবিজ্ঞানীরা বাংলা শব্দের উচ্চারণ-নির্দেশ করার যথার্থ প্রয়াস পেয়েছেন। স্বতন্ত্র উচ্চারণ-অভিধানও বেরিয়েছে। ঢাকা থেকেও ১৯৬৮ সালে একটি সংক্ষিপ্ত ও অসম্পূর্ণ উচ্চারণ-অভিধান প্রকাশিত হয়। তার কুড়ি বছর পরে একটি পূর্ণাঙ্গ উচ্চারণ-অভিধান সংকলনের চেষ্টা হয়। এই ধারায় এখন নরেন বিশ্বাসের 'বাঙলা উচ্চারণ-অভিধান' যুক্ত হলো।

বানানের মতো উচ্চারণও বদলায়, প্রমিত উচ্চারণ সম্পর্কে ধারণাও পাল্‌টায়। রবীন্দ্রনাথ 'আসতে' ও 'আস্তে' শব্দের উচ্চারণে পার্থক্য করতেন বলে মনে হয় না। আমরা করি। উচ্চারণের নিয়ম নিয়ে মতপার্থক্য হতে পারে, নিয়ম সম্পর্কে মতৈক্য হলেও ব্যতিক্রম নিয়ে মতান্তর হওয়া খুব স্বাভাবিক হবে।

নরেন বিশ্বাস দীর্ঘকাল ধরে প্রমিত বাংলা উচ্চারণ সম্পর্কে চিন্তাভাবনা করছেন। এ-বিষয়ে তাঁর একাধিক রচনাও গবেষণামূলক পত্রপত্রিকায় প্রকাশিত হয়েছে। বিষয়টি সম্পর্কে তাঁর আগ্রহ যেমন গভীর, এ-বিষয়ে তাঁর কাজও তেমনি একাগ্রতা ও নিষ্ঠার পরিচয়বাহী।

বর্তমান গ্রন্থে তিনি ত্রিশ হাজারের কিছু বেশি শব্দ বাছাই করে তার উচ্চারণ নির্দেশ করেছেন। গ্রন্থের ভূমিকায় তিনি বিশদভাবে উচ্চারণের সূত্র লিপিবদ্ধ করেছেন এবং কোথায় ও কেন নিয়মের ব্যতিক্রম হয়, তাও ব্যাখ্যা করেছেন। প্রচলন ও প্রবণতা অনুসরণ করে অনেক ক্ষেত্রে তিনি একই শব্দের একাধিক উচ্চারণ স্বীকার করে নিয়েছেন। রবীন্দ্রনাথও কোনো কোনো শব্দের একাধিক উচ্চারণ মেনে নিয়েছিলেন।

নরেন বিশ্বাসের গভীর আন্তরিকতা, পরিশ্রম ও ভালোবাসার পরিচয় এই বইতে রয়েছে। বইটি পাঠকসাধারণের কাজে আসবে বলে আমি মনে করি। কাজে লাগাটাই হবে গ্রন্থকারের যথার্থ পুরস্কার। আমি শুধু তাঁকে অভিনন্দন জানাই।

আনিসুজ্জামান
১৫ কার্তিক ১৩৯৬

বাংলা বিভাগ
ঢাকা বিশ্ববিদ্যালয়

# মুখবন্ধ

১৯৭৬ সাল থেকে বিভিন্ন কর্মশালা ও প্রশিক্ষণ-কেন্দ্রে বাঙলা-উচ্চারণ সম্পর্কে বক্তৃতা দিতে গিয়ে বাঙলা উচ্চারণ-অভিধানের তীব্র অভাব অনুভব করি। কারণ বাঙলাভাষার একাধিক প্রামাণ্য-অভিধান থাকলেও উচ্চারণ-অভিধান তেমন নেই। এ-ক্ষেত্রে আংশিক ব্যতিক্রম জ্ঞানেন্দ্রমোহন দাস-সঙ্কলিত 'বাঙ্গালা ভাষার অভিধান' (১৩২৩)। দুই-খণ্ডে সমাপ্ত এ-বিশাল অভিধানে তিনি স্বরধ্বনির উচ্চারণ সম্পর্কে কিছু কিছু সঙ্কেত (তাঁর ভাষায় 'স্বত উচ্চার্য্যশব্দের বর্ণশীর্ষস্থ চিহ্ন-প্রয়োগ-প্রণালী এবং উচ্চারণ-কুঞ্চিকা' বা "Key to Pronunciation") ব্যবহার করেছেন। কিন্তু তাঁর সাঙ্কেতিক চিহ্ন-প্রযুক্ত শব্দের সংখ্যা এতো সীমিত যে তাতে কোনোমতেই প্রয়োজন মেটে না। আর দীর্ঘকালের (৭৩ বছর) ব্যবধানে চলিত বাঙলাভাষার বেশকিছু শব্দের উচ্চারণও বদলে গেছে ইতোমধ্যে। যেমন, জ্ঞানেন্দ্রমোহন উচ্চারণ দেখিয়েছেন ঃ অর্থঁচ (অথচ); কঁলঁহ্ (কলহ); কাগঁজ (কাগজ্); কাতঁর (কাতর্); পাথঁর (পাথর্); পালঁন (পালন্) গঁগঁন (গগন্); গঁঠঁন (গঠন্); গোবঁর (গোবর্); গ্রঁহঁণ (গ্রোহন্); ঘটনা (ঘটনা); মানঁসিক (মানশিক্); মানঁসী (মানশি); ভোজঁন (ভোজন্); নঁবঁ (নব); নঁবাগঁতঁ (নবাগত); বঁহঁমান (বহমান্); বঁহির্ভূতঁ (বোহির্ভুত); সঁমিতি (শমিতি), সঁরঁসী (শরশি) ইত্যাদি। কিন্তু প্রাগুক্ত শব্দাবলী সাম্প্রতিক প্রমিত-উচ্চারণে বহুলাংশে ও-কারান্ত হ'য়ে গেছে। যথা ঃ অথোচো, কলোহো, কাগোজ্, কাতোর্, পাথোর্, পালোন্, গগোন্, গঠোন্, গোবোর্, গ্রোহোন্, ঘটোনা, মানোশিক্, মানোশি, ভোজোন, নবো, নবাগতো, বহোমান্, বোহির্ভুতো, শোমিতি, শরোশি ইত্যাদি)।

ইতঃপূর্বে প্রকাশিত ধীরানন্দ ঠাকুর-সঙ্কলিত (ডক্টর সুকুমার সেন-লিখিত 'পরিচায়িকা'-সংবলিত) 'বাংলা উচ্চারণ-কোষ' (১৩৬১) এবং ঢাকা টিচার্স ট্রেনিং কলেজের 'বাংলা উচ্চারণ অভিধান' (১৩৭৫)-এ প্রয়োজনের তুলনায় স্বল্পসংখ্যক শব্দের উচ্চারণ নির্দেশিত হ'য়েছে। এর মধ্যে অধিক পরিচিত ধীরানন্দ ঠাকুরের 'বাংলা উচ্চারণ-কোষ' গ্রন্থটিতে বিকল্প-উচ্চারণের বিপুলতা পাঠককে প্রায়শ বিমূঢ় করে তোলে (যথা ঃ উপক্রমণিকা - ৬টি ; উপগ্রহ - ৭টি ; তপস্যা - ৬টি ; প্রশস্ত - ৬টি ; মনোমত - ৬টি এবং প্রপঞ্চ শব্দের ৮টি উচ্চারণ দেখানো হয়েছে)। এ-অবস্থার পরিপ্রেক্ষিতে বিভিন্ন কর্মশালায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের নিরন্তর জিজ্ঞাসাই আমাকে সর্বপ্রথম উচ্চারণ-অভিধান সঙ্কলনে প্রাণিত করে।

ফলে, কয়েক বছরের (১৯৭৭-৮২) নিরলস শ্রমে ১০ হাজার শব্দের একটি উচ্চারণ-অভিধানের পাণ্ডুলিপি প্রস্তুত ক'রে (১৯৮২ সালে) বাংলা একাডেমী থেকে প্রকাশের জন্যে প্রস্তাব পাঠাই। বাংলা একাডেমী কর্তৃপক্ষ আমার প্রস্তাবে অত্যন্ত উৎসাহব্যঞ্জক সাড়া দেন। তদানীন্তন মহাপরিচালক জনাব মনজুরে মওলা অভিধানটির গ্রহণযোগ্যতা

বৃদ্ধিকল্পে I. P. A. (International Phonetic Alphabet বা আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালা)-তে উচ্চারণ-নির্দেশের পরামর্শ দেন। আমি তাঁর প্রস্তাবের পরিপ্রেক্ষিতে ভাষাবিশেষজ্ঞদের সঙ্গে আলোচনা ক'রে ধ্বনিতত্ত্ববিদ মুহম্মদ আবদুল হাই এবং ভাষাচার্য সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের নির্দেশিত I. P. A.-র তালিকা অনুসরণে বৎসরাধিক কালের প্রবল পরিশ্রমে প্রায় ২০ হাজার শব্দের উচ্চারণ-অভিধান (I. P. A.-সহ)-এর পাণ্ডুলিপি প্রস্তুত করে বাংলা একাডেমীকে জানাই। পাণ্ডুলিপি পরীক্ষার জন্যে বিশেষজ্ঞ-কমিটিও গঠিত হয় কিন্তু আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায় (I. P. A.-তে) অভিধান প্রকাশে নানাবিধ জটিলতা এবং অত্যধিক অর্থ-ব্যয়ের আশঙ্কায় হয়তো উচ্চারণ-অভিধান প্রকাশ-পরিকল্পনা তখনকার মতো স্থগিত হয়ে যায়।

১৯৮৫ সালে জাতীয় সম্প্রচার একাডেমী (বর্তমান নাম জাতীয় গণমাধ্যম ইনসটিটিউট)-আয়োজিত প্রশিক্ষণে (রেডিও-টেলিভিশনের সংবাদ পাঠক-পাঠিকা এবং ঘোষক-ঘোষিকাদের) অতিথি-বক্তা হিসেবে নিমন্ত্রিত হই। তখন ওই প্রতিষ্ঠানের মহাপরিচালক জনাব জামিল চৌধুরী ৮/৯ হাজার শব্দের একটি উচ্চারণ-নির্দেশিকা (রেডিও-টেলিভিশন ও অন্যান্য গণমাধ্যমে নিয়োজিত কর্মীদের জন্যে) সঙ্কলনের প্রস্তাব দেন। আমি তাঁর প্রস্তাবে সানন্দ-স্বীকৃতি জানিয়ে নয় মাসের মধ্যে ১৬ হাজার শব্দের 'বাঙলা-উচ্চারণ-নির্দেশিকা'র পাণ্ডুলিপি জমা দিই। এর কিছু শব্দের উচ্চারণ পরিবর্তন ক'রে জাতীয় গণমাধ্যম ইনসটিটিউট 'ব্যাবহারিক বাংলা উচ্চারণ অভিধান' (সম্পাদনা পর্ষৎ ঃ আনিসুজ্জামান, ওয়াহিদুল হক, জামিল চৌধুরী, নরেন বিশ্বাস) নাম দিয়ে প্রকাশ করেছে (১৯৮৮)।

এরপর ১৯৮৬ সালে বাংলা একাডেমীতে মহাপরিচালকরূপে যোগদান করেন ডক্টর আবু হেনা মোস্তফা কামাল। দায়িত্বগ্রহণের অনতিকাল পরেই তিনি 'উচ্চারণ-অভিধান' প্রকাশে নব-পর্যায়ের সূচনা করেন। তিনিই পরামর্শ দেন, বাঙলা-ভাষী ব্যাপক জনগণের স্বার্থে I. P. A. বাদ দিয়ে সহজ পদ্ধতিতে কেবল বাঙলা বর্ণমালায় উচ্চারণ নির্দেশের জন্যে। বস্তুত তাঁর প্রস্তাব-অনুসারে প্রায় এক বৎসরের অক্লান্ত শ্রমে আবার নোতুন উদ্যমে 'বাঙলা উচ্চারণ অভিধান'-এর (এবারে শব্দসংখ্যা ৩০ হাজারের ঊর্ধ্বে) পাণ্ডুলিপি প্রস্তুত ক'রে বাংলা একাডেমীতে জমা দিই ১৯৮৭ সালের সেপ্টেম্বর মাসে। ১৯৮৮ সালের শেষ দিকে প্রকাশের সিদ্ধান্ত গৃহীত হওয়ার পর মুদ্রণ-কাজ শুরু হয় ১৯৮৯ সালের জুন মাসে।

বাঙলা জীবন্ত ভাষা। গতি এর ধর্ম, নিরন্তর রূপান্তরেই এর ঋদ্ধি। ফলে কোনো সূত্রের সাহায্যে এ-ভাষার ব্যাকরণ, ভাষাতত্ত্ব, ধ্বনিতত্ত্ব বা উচ্চারণতত্ত্বকে চিরস্থায়ী-বন্ধনে আবদ্ধ করা আদৌ সম্ভব নয়। আমরা ভাষার এই বহমান স্পন্দনকে অস্বীকার ক'রে নয় বরঞ্চ অঙ্গীকার ক'রেই প্রমিত কথ্যভাষার বাচনভঙ্গীর অনুসরণে উচ্চারণ-সূত্র

সঙ্কলনে প্রয়াস পেয়েছি। এ কাজে আমি ররীন্দ্রনাথ ঠাকুর, সুনীতিকুমার চট্টোপাধ্যায় ও মুহম্মদ আবদুল হাই-এর নির্দেশিত পন্থাকে সর্বাধিক গুরুত্ব দিয়েছি। বাক্‌শিল্পের বিচিত্র বিকাশে, কথন-প্রক্রিয়ার নিরন্তর পরিবর্তনে সঙ্কলিত সমস্ত শব্দই সূত্রশাসন মানেনি; সেজন্যে বেশকিছু শব্দের বিকল্প উচ্চারণও নির্দেশ করা হ'য়েছে। কারণ আমরা বিশ্বাস করি কোনো ভাষার মূল-নিয়ন্ত্রক সে-ভাষাগোষ্ঠীর ব্যাপক জনগণ; সুতরাং সূত্রশাসিত, পণ্ডিত বা অভিধানকার-কথিত সমীক্ষা (শমিক্‌খা), সমুদ্র (শমুদ্‌দ্রো), রাজপুত্র (রাজোপুত্‌ত্রো), রামচন্দ্র (রামোচন্‌দ্রো), ফুলশয্যা (ফুলোশোজ্‌জা), মর্ত্যভূমি (মোর্‌তোভুমি), হর্ম্য (হোর্‌মো) কিংবা কণ্ঠ্যবর্ণ (কোন্‌ঠোবর্‌নো) আর ফিরে আসবে না; এগুলো এখন নিত্যব্যবহারে শোমিক্‌খা, শোমুদ্‌দ্রো, রাজ্‌পুত্‌ত্রো, রাম্‌চন্‌দ্রো, ফুল্‌শোজ্‌জা, মর্‌তোভুমি, হর্‌মো এবং কন্‌ঠোবর্‌নো হ'য়ে গেছে। ফলে, এ-অভিধানে বাক্‌শিল্পের অবাধ বিকাশকে অভিনন্দন জানাতেই আমরা বেশকিছু শব্দের বিকল্প উচ্চারণকে স্থান দিয়েছি। এসব ক্ষেত্রে স্থায়িত্বের চূড়ান্ত রায় প্রদানের অধিকার কেবল ভবিষ্যৎ কাল ও বাঙলাভাষী জনগণের। আমাদের মূল লক্ষ্য যেহেতু বাঙলাভাষী শিক্ষিত মানুষ এবং বাক্‌শিল্পের অনুরাগী শিক্ষার্থিবৃন্দ, সেজন্যে বাঙলা বর্ণমালার সাহায্যে উচ্চারণ দেখিয়েছি। যেসব ক্ষেত্রে বাঙলা বর্ণমালায় কাঙ্ক্ষিত উচ্চারণ নির্দেশিত হয় না, কেবল সেইসব শব্দের উচ্চারণ রোমীয় অথবা আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালার সাহায্যে ব্যকত করেছি। তবে উচ্চারণে প্রস্বর, ধ্বনিতরঙ্গের প্রকৃতি অর্থাৎ স্বরের সূক্ষ্ম-বিভাজন কোথাও নির্দেশিত হয়নি। যোগ্যতর কোনো ব্যকিত ভবিষ্যতে সে-দায়িত্ব পালন ক'রে বাঙলা বাক্‌শিল্পের উৎকর্ষবিধান করবেন ব'লে আশা করি।

এ-অভিধানের প্রাথমিক পরিকল্পনা থেকে প্রকাশ পর্যন্ত প্রতিটি পর্যায়ে আমি আমার শিক্ষক বরেণ্য শিক্ষাবিদ ডক্টর আনিসুজ্জামানের যে অম্লান সহযোগিতা লাভ করেছি তা অবিস্মরণীয়। বস্তুত তাঁর সার্বিক তত্ত্বাবধান ব্যতিরেকে আমার পক্ষে এ-অভিধানের কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করা দুঃসাধ্য ছিল। বিশেষত, শব্দ নির্বাচননীতি, উচ্চারণ-প্রতীক নির্ধারণ, বিকল্প উচ্চারণ এবং উচ্চারণতত্ত্ব-সূত্র সম্পর্কে তিনি যে প্রাজ্ঞ পরামর্শ, নিরলস শ্রম, আন্তরিক নিষ্ঠা এবং অজস্র সময় দিয়েছেন তাতে কেবল ছাত্রের প্রতি শিক্ষকের দায়িত্ব পালিত হয় নি, ভাষা-সংস্কৃতির উৎকর্ষবিধানে তাঁর প্রগাঢ় প্রেমও পরিব্যকত হয়েছে যুগপৎ। তিনি 'বাঙলা উচ্চারণ অভিধানে'র ভূমিকা লিখে দিয়ে আমার সামান্য কর্মকে অসামান্য গৌরব দান করেছেন।

অনুজপ্রতিম ডক্টর নারায়ণ বিশ্বাস, এ-অভিধানের বানাননীতির সমতাবিধান, বর্ণানুক্রম-নির্ধারণ ও প্রুফ-সংশোধনে, যে মনন, শ্রম, সময় এবং নিষ্ঠা ব্যয় করেছে তা অচিন্তনীয়। শেষ পর্যায়ে প্রুফ সংশোধনে সহযোগিতা করেছে আমার ছাত্র (বর্তমানে সহকর্মী) বিশ্বজিৎ ঘোষ ও দুলাল ভৌমিক।

এ–অভিধানে সঙ্কলিত আরবী–ফারসী শব্দের উচ্চারণ নির্ধারণের জন্যে আমাকে উদার সাহায্য করেছেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের অধ্যাপক মমতাজুর রহমান তরফদার, মুসা আনসারী, ইসলামিক স্টাডিজ বিভাগের এ. এইচ. এম. মুজতবা হুসাইন এবং মুহাম্মদ আবদুল বাকী।

সঙ্কলিত ইংরেজী শব্দের উচ্চারণ–নির্দেশে সহযোগিতা করেছেন ইংরেজী বিভাগের অধ্যাপক শামসুদ্দোহা, ডক্টর শওকাত হোসেন, খোন্দকার আশরাফ হোসেন, কাশীনাথ রায় এবং বাঙলা একাডেমীর উপপরিচালক কবি মুহম্মদ নূরুল হুদা।

সংস্কৃত (তৎসম) শব্দের ব্যুৎপত্তি–নির্ণয়ে সহযোগিতা করেছেন সংস্কৃত ও পালি বিভাগের ডক্টর দিলীপ ভট্টাচার্য এবং ডক্টর নারায়ণ বিশ্বাস।

এক দশকের এ–অভিধান সঙ্কলন–পর্বে শিক্ষার্থী থেকে শিক্ষক বহু ব্যক্তির কাছে আমার ঋণ আকণ্ঠ। এ–মুখবন্ধে সকলের নাম ও ভূমিকার উল্লেখ করা সম্ভব নয়। তবে যাঁদের সঙ্গে আলোচনা ক'রে উচ্চারণতত্ত্ব ও সূত্র বিষয়ক আমার জ্ঞান বহুলাংশে ঋদ্ধ হয়েছে, তাঁদের মধ্যে রয়েছেন আমার শিক্ষক ডক্টর কাজী দীন মুহম্মদ, ডক্টর রফিকুল ইসলাম, ডক্টর মোহাম্মদ মনিরুজ্জামান, ডক্টর আবু হেনা মোস্তফা কামাল, বিভাগীয় সহকর্মী ডক্টর সন্‌জীদা খাতুন, ডক্টর আবুল কালাম মনজুর মোরশেদ, বাঙলা একাডেমীর পরিচালক বশীর আল্‌ হেলাল এবং যাদবপুর বিশ্ববিদ্যালয়ের বাঙলা বিভাগের ডক্টর পবিত্র সরকার। শব্দ–উচ্চারণের প্রয়োগগত দিকের আলোচনায় আমাকে লাভবান করেছেন প্রবীণ বাক্‌শিল্পী জনাব মোহাম্মদ জাকারিয়া এবং প্রয়াত অমলেন্দু বিশ্বাস। আমি শ্রদ্ধার সঙ্গে এঁদের ঋণ স্বীকার করছি।

যাঁদের প্রাজ্ঞ পরামর্শ ও আন্তরিক শুভেচ্ছায় আমার প্রচেষ্টা সফল হ'তে যাচ্ছে, আমি গভীর কৃতজ্ঞতার সঙ্গে তাঁদের স্মরণ করছি ঃ অধ্যাপক আহমদ শরীফ, অধ্যাপক আব্দুল মমিন চৌধুরী, অধ্যাপক সৈয়দ মকসুদ আলী, প্রয়াত অধ্যাপক এ. বি. এম. হবিবুল্লাহ, অধ্যাপক আমিনুল ইসলাম, অধ্যাপক মনিরুজ্জামান মিয়া, অধ্যাপক ওয়াকিল আহমদ, অধ্যাপক আবু সাইদ জহুরুল হক, অধ্যাপক জাহাঙ্গীর তারেক, অধ্যাপক দানীউল হক, জনাব জামিল চৌধুরী, জনাব মোস্তফা মনোয়ার এবং জনাব মফিজুল হক।

আমার এ–দীর্ঘকালীন কর্মকে যাঁরা নিয়ত প্রেরণাসঞ্চারে সঞ্জীবিত রেখেছেন তাঁদের মধ্যে রয়েছেন বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক মনসুর মুসা, সৈয়দ আকরম হোসেন, আহমদ কবির, মোহাম্মদ আবু জাফর, আবুল কাসেম ফজলুল হক, হারুন কাদের ইউসুফ এবং সদ্য প্রয়াতা নাজমা জেসমিন চৌধুরী; আবৃত্তিকার ও অভিনেতাদের মধ্যে মুজিবর রহমান খান, মমতাজউদ্দীন আহমদ, গোলাম মোস্তফা, হাসান ইমাম, আতাউর রহমান, মামুনুর রশীদ, আশরাফুল আলম, জয়ন্ত চট্টোপাধ্যায়, ভাস্বর বন্দ্যোপাধ্যায়,

আসাদুজ্জামান নূর, পীযুষ বন্দ্যোপাধ্যায়, কাজী আবু জাফর সিদ্দিকী, ফরহাদ খান, এবং নীলাদ্রিশেখর বসু; বাক্‌শিল্পানুরাগীদের মধ্যে কামাল লোহানী, ম. হামিদ, লিয়াকৎ আলী লাকী, হায়াৎ মামুদ, বিপ্লব বালা, মোহাম্মদ ইব্রাহীম, গোলাম মঈনউদ্দীন, মুহম্মদ মুজাদ্দেদ, আসাদ চৌধুরী, রফিক আজাদ, ফজলুল হক সরকার, সৈয়দ সিদ্দিক হোসেন, এ. কে. এম. আব্দুল আজিজ, নীতীশ বিশ্বাস, মুকুলেশ বিশ্বাস, অসীম সাহা, গোলাম মোর্শেদ এবং আজিজুল হক চৌধুরী (মানিক)। প্রাগুক্ত ব্যক্তিবর্গের সঙ্গে আমার সম্পর্ক এতো নিবিড় যে লৈখিক কৃতজ্ঞতা প্রকাশে এঁদের অম্লান অবদানকে আমি সীমিত করতে চাইনে।

বাঙলা একাডেমীর মতো জাতীয় প্রতিষ্ঠান আমার এ অভিধান প্রকাশের দায়িত্ব গ্রহণ করায় আমি একাডেমী-কর্তৃপক্ষের কাছে গভীরভাবে কৃতজ্ঞ। গবেষণা, সঙ্কলন ও ফোকলোর বিভাগের পরিচালক জনাব শামসুজ্জামান খান এ-অভিধান-প্রকাশে উল্লেখযোগ্য ভূমিকা পালন করেছেন। সঙ্কলন উপবিভাগের উপপরিচালক সেলিনা হোসেন উচ্চারণ অভিধান-প্রকাশে যে নিষ্ঠা ও প্রযত্ন দেখিয়েছেন তা কেবল বিভাগীয় দায়িত্বপালনে সীমাবদ্ধ থাকেনি, মাতৃভাষার ঋদ্ধি-কল্পে অনুরক্তির প্রকাশও ঘটেছে যুগপৎ।

অনন্য আন্তরিকতায় জনাব ওবায়দুল ইসলাম অভিধানটির দ্রুত প্রকাশের সর্বাত্মক ব্যবস্থা করেছেন। ইনফরমেশন নেটওয়ার্ক সার্ভিসেস লিমিটেডের কম্পিউটারের কর্মিবৃন্দ বিশেষ করে মোহাম্মদ শহীদুল ইসলাম মুদ্রণগত দিক থেকে অভিধানটিকে সর্বাঙ্গসুন্দর করতে যে অপরিসীম ধৈর্য ও শ্রম দিয়েছেন তা সত্যি প্রশংসনীয়।

এক দশক ধরে এ-অভিধান সঙ্কলনে একাগ্র থাকতে যিনি সর্বাধিক সাহায্য করেছেন তিনি আমার গৃহিণী শ্রীমতী অঞ্জলি বিশ্বাস। বস্তুত তাঁর অনুপ্রেরণা এবং অম্লান সহযোগিতা ব্যতিরেকে সংসারের তাবৎ দায়িত্বমুক্ত হয়ে একাধিকবার এ-অভিধান - সঙ্কলন আমার পক্ষে আদৌ সম্ভব হতো না।

পরিশেষে আমার নিবেদন, কোনো অভিধানই একবারে পূর্ণাঙ্গ ও ত্রুটিমুক্ত হয় না, 'বাঙলা উচ্চারণ অভিধান'ও এর ব্যতিক্রম নয়। বাক্-শিল্পানুরাগী বিদগ্ধ ব্যক্তিবর্গের আন্তরিক সহযোগিতা ও প্রাজ্ঞ পরামর্শ পেলে, আগামী সংস্করণ অধিকতর ত্রুটিমুক্ত হবে।

বিনীত
নরেন বিশ্বাস
আশ্বিন ১৩৯৬
অক্টোবর ১৯৮৯

বাঙলা বিভাগ
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা ১০০০

# অভিধানে অনুসৃত নীতিমালা ঃ

## (ক) শব্দনির্বাচন ঃ

বাঙলা উচ্চারণ অভিধানে ত্রিশ হাজারের অধিক শব্দ অন্তর্ভুক্ত হয়েছে। বাঙলা ভাষার লক্ষাধিক শব্দ থেকে যে-সব শব্দ উচ্চারণে বিভ্রান্তির সম্ভাবনা কেবল সে-ধরনের শব্দ এ-অভিধানে উচ্চারণ নির্দেশের জন্যে নির্বাচন করা হয়েছে। হরিচরণ বন্দ্যোপাধ্যায়ের বঙ্গীয় শব্দকোষ, জ্ঞানেন্দ্রমোহন দাসের বাঙ্গালা ভাষার অভিধান, সুবলচন্দ্র মিত্রের সরল বাঙ্গালা অভিধান, কাজী আবদুল ওদুদের ব্যবহারিক শব্দকোষ, রাজশেখর বসুর চলন্তিকা, শৈলেন্দ্রনাথ বিশ্বাসের সংসদ্ বাঙ্গালা অভিধান এবং ডক্টর মুহম্মদ এনামুল হক ও শিবপ্রসন্ন লাহিড়ীর বাংলাদেশের ব্যবহারিক বাংলা অভিধান, 'বাঙলা উচ্চারণ অভিধান'-এর শব্দ-সঙ্কলনের মূল উৎস। তবে এ-সব অভিধানভুক্ত শব্দের বাইরেও বাংলাদেশের সাহিত্য-সংস্কৃতি এবং জন-জীবনে ব্যবহৃত বেশকিছু শব্দকেও এ-অভিধানে উদারভাবে গ্রহণ করা হয়েছে। ধার্মিক ও সাংস্কৃতিক বাতাবরণে সাঙ্গীকৃত বহু আরবী-ফারসী শব্দ এবং বিজ্ঞান ও প্রযুক্তির বিচিত্র ক্ষেত্রে গৃহীত নানা ভাষার শব্দ ও পরিভাষা আধুনিক বাঙলা ভাষার শব্দভাণ্ডারকে ঋদ্ধ করেছে। এ-সব শব্দ ও পরিভাষাও আমরা গ্রহণ করেছি। বাঙলা উচ্চারণ অভিধান-এর শব্দ-সঙ্কলনে আমরা ভাষার অতীত ঐতিহ্যকে অস্বীকার না ক'রেই বর্তমান গতি ও প্রগতিকে অঙ্গীকার করেছি। ফলে সঙ্কলিত শব্দের মধ্যে যেমন র'য়েছে প্রাচীন ও মধ্যযুগের সাহিত্যে ব্যবহৃত (ইদানীং অপ্রচলিত) কতিপয় শব্দ, তেমনি র'য়েছে আধুনিক জ্ঞান-বিজ্ঞান, প্রযুক্তি ও সাহিত্য-সংস্কৃতির বহুবর্ণিল শব্দরাজি।

বাঙলাভাষার বিশাল শব্দভাণ্ডার থেকে আমাদের অভিধানে সঙ্কলিত শব্দের সংখ্যা যেহেতু একান্তই সীমাবদ্ধ (ত্রিশ হাজারের কিছু বেশী) সে-জন্যে এতে বাঙলাভাষী প্রত্যেকের প্রত্যাশা পূরণ হবে এ-দাবি নিতান্তই অবান্তর। তবে প্রাজ্ঞ-জনের যৌক্তিক পরামর্শ পেলে পরবর্তী সংস্করণে 'বাঙলা উচ্চারণ অভিধান' শব্দনির্বাচনের ক্ষেত্রে আরও ঋদ্ধ হবে বলে আমাদের দৃঢ়প্রতীতি।

## (খ) বর্ণানুক্রম ঃ

বাঙলা উচ্চারণ অভিধানে সঙ্কলিত শব্দসমূহকে নিম্নোক্ত বর্ণানুক্রমে বিন্যস্ত করা হয়েছে ঃ

অ আ ই ঈ উ ঊ ঋ এ ঐ ও ঔ;

ং ঃ ঁ;

ক খ গ ঘ ঙ; চ ছ জ ঝ ঞ;

ট ঠ ড ড় ঢ ঢ় ণ; ত থ দ ধ ন;

প ফ ব ভ ম; য য় র ল শ ষ স হ ।।

### (গ) বানান ঃ

বাঙলা উচ্চারণ অভিধানে মূল শব্দের বানানে কলিকাতা বিশ্ববিদ্যালয় বানান-সংস্কার সমিতির বিধান (১৯৩৬) অবলম্বিত হয়েছে। তবে একই শব্দের একাধিক বানান থাকলে প্রচলন-অনুসারে তার বিকল্প বানানও দেওয়া হয়েছে। এ অভিধানে 'মতুপ্'-প্রত্যয়যোগে গঠিত (যেমন ঃ জ্ঞানবান্, ভাগ্যবান্, ভগবান্, বলবান্, ধনবান্, অংশুমান্, শক্তিমান্, ধীমান্, বুদ্ধিমান্, শ্রীমান্, মূল্যবান্, অর্থবান্ ইত্যাদি) এবং সংস্কৃত থেকে সরাসরি বাঙলাভাষায় আগত (যথা ঃ আপদ্, বিপদ্, পৃথক্, দিক্, সম্যক্, বাক্, সভাসদ্, সংসদ্, বিপদ্, সম্রাট্, বণিক্, পরিষদ্, উপনিষদ্ ইত্যাদি) বহু শব্দে হস্-চিহ্ন সচেতনভাবে বর্জন করা হয়েছে (যদিও এর আদি বা সংস্কৃতরূপে হস্-চিহ্নের ব্যবহার অপরিহার্য ছিল)। এ-সব শব্দের বানানে হস্-চিহ্ন রক্ষা করা বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের সময় অর্থাৎ উনবিংশ শতাব্দ পর্যন্ত বাঙলাভাষারও মান্য-রীতি ছিল (অবশ্য এখনও কেউ কেউ এ-রীতির প্রবল সমর্থক); কারণ তখনও বাঙলাভাষা শাসিত হতো সর্বাংশে সংস্কৃত-ব্যাকরণের সূত্রানুসারে। কিন্তু রবীন্দ্রনাথের সময় থেকে এ-সব শব্দে হস্-চিহ্ন বর্জন প্রায় সর্বজনগ্রাহ্য রীতিতে পরিণত হয়েছে। [যেমন ঃ রবীন্দ্রনাথ ঠাকুরের 'আপদ' (গল্পের নাম); 'ভগবান' (শিশুতীর্থ); বেগবান (শিশুতীর্থ); কাজী নজরুল ইসলামের 'যুগবাণী'তে 'দিগ্বিদিক' (মুখবন্ধ); 'বলবান' (মুখবন্ধ); 'দিক' (রোজ-কেয়ামত বা প্রলয়-দিন); মোহিতলাল মজুমদারের 'দিকচক্র' (পান্থ); প্রমথ চৌধুরীর 'পৃথক' (যৌবনে দাও রাজটিকা) ইত্যাদি শব্দে হস্-চিহ্ন বর্জিত বানান দেখা যায়। রাজশেখর বসু 'চলন্তিকা' অভিধানে এ-জাতীয় শব্দের বানানে প্রায়শ হস্-চিহ্ন ব্যবহার করলেও তাঁর 'মহাভারতে' 'বিপদ' 'বলবান' (বনপর্ব) শব্দে হসন্ত বর্জিত বানান ব্যবহৃত। বাংলা একাডেমী থেকে প্রকাশিত ডক্টর মুহম্মদ এনামুল হক ও শিবপ্রসন্ন লাহিড়ী – সম্পাদিত 'বাংলাদেশের ব্যবহারিক বাংলা অভিধানে' (১৯৮৪) এবং বাংলা ভাষার প্রয়োগ ও অপপ্রয়োগ (১৯৮৮) গ্রন্থেও এ-ধরনের শব্দের হসন্ত-বর্জিত রূপই গ্রহণ করা হয়েছে। তাই আমরাও ভাষার প্রগতির স্বার্থে বাঙলা উচ্চারণ অভিধানে এ-শ্রেণীর শব্দের বানানে হসন্ত ব্যবহার করিনি।

### (ঘ) উচ্চারণ-প্রতীক ঃ

বাঙলাভাষী ব্যাপক জনগোষ্ঠীর (প্রায় ২০ কোটি) প্রাথমিক প্রয়োজনের দিকে লক্ষ্য রেখেই যেহেতু এ-অভিধানের উচ্চারণ দেখানো হয়েছে, সে-জন্যে I. P. A. বা আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালা (ধ্বনিক উপস্থাপনা, সহধ্বনিমূলক রূপান্তরে সৃষ্ট উচ্চারণ পার্থক্য, প্রস্বর – ঝোঁক ইত্যাদির সাঙ্কেতিক বা প্রতীক চিহ্নসমূহ) ব্যবহার না করে কেবল বাঙলা-বর্ণমালার সাহায্যে সর্বত্র উচ্চারণ নির্দেশ করা হয়েছে (তবে কতিপয় শব্দের ক্ষেত্রে বিশেষ করে 'ঢ়' কিংবা 'হ'-এর সঙ্গে যুক্তবর্ণের উচ্চারণ নির্দেশের জন্যে বিকল্প ব্যবস্থা রূপে I. P. A. বা রোমীয় হরফ ব্যবহৃত হয়েছে)। এ-

অভিধানে স্বরধ্বনির উচ্চারণ প্রতীকে সাতটি মূল স্বরধ্বনি (অ, আ, এ্যা, ই, উ, এ এবং ও) ব্যবহৃত হয়েছে। অভিধানের কোথাও স্বরধ্বনির হ্রস্বতা বা দীর্ঘতা বিজ্ঞাপক কোন সাঙ্কেতিক চিহ্ন প্রয়োগ করা হয়নি। কারণ, মুহম্মদ আবদুল হাই-এর মতে, 'বাংলায় মূল স্বরধ্বনি হিসেবে কোনো দীর্ঘস্বর নেই।' সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের বিবেচনায়, একাক্ষর শব্দ বা পদ (Monosyllabic word) সাধারণতঃ বাঙ্গালায় দীর্ঘ উচ্চারিত হয়।. . . কিন্তু বাঙ্গালা ভাষায় স্বরবর্ণের হ্রস্ব বা দীর্ঘ উচ্চারণের উপরে শব্দের অর্থ নির্ভর করে না। . . . . খাঁটি বাঙ্গালাতে হ্রস্ব-দীর্ঘের বিশেষ রীতি আর নাই। বাঙ্গালা উচ্চারণে হ্রস্ব-দীর্ঘের পার্থক্য মানিয়া চলা হয় না বলিয়া, বাঙ্গালা বানানেও এ-বিষয়ে বাঁধাবাঁধি নিয়ম নাই," বস্তুত বাঙলা-স্বরধ্বনির এ দৈর্ঘ্য বা হ্রস্বতা Phonemic নয় বহুলাংশে Phonetic বা উচ্চারণগত। বাঙলা উচ্চারণ অভিধানে যেহেতু স্বতন্ত্র শব্দের উচ্চারণ নির্দেশিত হয়েছে, সে-জন্যে বাক্যে অবস্থান বা পরিবেশ-ভেদে শব্দের পার্থক্য কিংবা স্বরের হ্রস্বত্ব-দীর্ঘত্ব বিচার্য হয়নি।

**অ** (অর্ধবিবৃত বা half open) স্বরধ্বনির রূপান্তরিত ও (সিকি বা অর্ধ সংবৃত) ধ্বনিনির্দেশক কোনো প্রতীকী-চিহ্ন না থাকায় আমরা এ-অভিধানে অ-এর অর্ধসংবৃত ধ্বনিকে (ও বা ও-কারের কাছাকাছি) ও কিংবা ও (ে া) -কার চিহ্নে ব্যক্ত করেছি।

**ই, উ** ই-কার এবং উ-কারের ক্ষেত্রে উচ্চারণ-নির্দেশে কেবল হ্রস্ব-ই (ি) এবং হ্রস্ব-উ (ু) প্রতীক ব্যবহৃত হয়েছে।

**ঋ** বাঙলা ভাষায় এ-বর্ণটির উচ্চারণ 'রি' (র্-এর সঙ্গে ই-স্বরধ্বনির সংযুক্তি)। সংস্কৃত ভাষায় 'ঋ' শুদ্ধ স্বরধ্বনির মর্যাদা পেলেও বাঙলা ভাষার প্রমিত উচ্চারণে এটাকে আর স্বরধ্বনিরূপে চিহ্নিত করা সমীচীন নয়। ফলে কতিপয় সংস্কৃত শব্দের বানানে ব্যবহৃত (ঋষি, ঋণ, ঋতু, ঋদ্ধ, প্রকৃতি, পিতৃ, নেতৃ, কৃতি ইত্যাদি) ঋ অথবা ঋ-কারের উচ্চারণ বর্ণিত হয়েছে 'রি' বানানে এবং প্রতীকের আশ্রয়ে।

**এ** বাঙলা ভাষায় এ-বর্ণটির দুটো উচ্চারণ বর্তমান। এক, এর মূল বা নিজস্ব উচ্চারণ, – এ (যথা ঃ কে, সে, দেশ, তেজ, মেঘ, মেদ, বেদ ইত্যাদি) এবং দুই, এর 'তির্যক' বা 'বাঁকা-এ' – এ্যা (æ)-রূপ [যথা ঃ এক (এ্যাক); কেন (ক্যানো); দেখা (দ্যাখা); যেন (জ্যানো) ইত্যাদি]। উল্লেখ্য, এ-কারের এই তির্যক বা বাঁকা উচ্চারণ (এ্যা) সংস্কৃত বা প্রাকৃত ভাষায় স্বীকৃত নয়।

এ-অভিধানে এ-কারের 'তির্যক বা বাঁকা' উচ্চারণ নির্দেশিত হয়েছে 'এ্যা' এবং '্যা' – প্রতীকে। এ-বিষয়ে আমরা ধ্বনিতত্ত্ববিদ মুহম্মদ আবদুল হাই প্রস্তাবিত পদ্ধতিকে গ্রহণযোগ্য বিবেচনা করেছি।

**ঐ, ঔ** নামে বাঙলা স্বরবর্ণে দুটো দ্বিস্বরধ্বনি (dipthong) পাই। এর প্রকৃত উচ্চারণ ছিল অনেকটা 'আই' 'আউ' – এর মতো কিন্তু আধুনিক বাঙলা ভাষার প্রমিত উচ্চারণ হচ্ছে 'ওই' এবং 'ওউ'। আমরা সে–হেতু এ–অভিধানে ঐ–কে 'ওই' এবং ঐ (ৈ) –কারকে ও (ো) –কারের পরে ই–দিয়ে দেখিয়েছি। অনুরূপভাবে ঔ–কে (ওউ) এবং ঔ (ৌ) – কার নির্দেশিত হয়েছে ও (ো) – কারের পরে উ–দিয়ে।

**ং** (অনুস্বার) – সংস্কৃত ভাষায় যে–বর্ণের পরে অনুস্বার যুকত হতো তার উচ্চারণ কিছুটা সানুনাসিক হয়ে যেত। কিন্তু বাঙলা ভাষায় ং (অনুস্বার) –এর উচ্চারণ সর্বত্রই ঙ–র অনুরূপ (অর্থাৎ 'অঙ')। সুতরাং এ–অভিধানে ং (অনুস্বার) –এর উচ্চারণ নির্দেশের জন্যে সর্বত্র 'ঙ' ব্যবহৃত হয়েছে।

**ঃ** (বিসর্গ) — সংস্কৃতে বিসর্গের উচ্চারণ এক রকম 'হ্' – ধ্বনির মতো। একমাত্র বিস্ময়সূচক অব্যয়–পদেই বিসর্গের এই উচ্চারণ শোনা যায় [আঃ (আহ্), উঃ (উহ্), বাঃ (বাহ্) ইত্যাদি]। তাছাড়া বাঙলা ভাষায় এর উচ্চারণ নেই বললেই চলে। পদের অন্তে ঃ (বিসর্গ) — প্রায়শ ও–কারান্ত উচ্চারিত হয় [ যেমন ঃ সাধারণতঃ (শাধারনতো), বিশেষতঃ (বিশেশতো), প্রথমতঃ (প্রোথোমতো) ইত্যাদি]। আবার পদের মধ্যে থাকলে বিসর্গ–পরবর্তী ব্যঞ্জনবর্ণের দ্বিত্ব উচ্চারণ হয়ে থাকে [যথা ঃ দুঃসময় (দুশ্‌শময়্), দুঃখ (দুক্‌খো), নিঃসঙ্গ (নিশ্‌শঙ্‌গো), নৈঃশব্দ (নোইশ্‌শব্‌দো), দুঃসহ (দুশ্‌শহো) ইত্যাদি]। এ–অভিধানে প্রাগুকত নিয়ম অনুসারে ঃ (বিসর্গ) –এর উচ্চারণ নির্দেশিত হয়েছে (কোথাও সংস্কৃত রীতি–অনুসারী অর্ধ–হ্ দেখানো হয়নি)।

**ঁ** (চন্দ্রবিন্দু) — মুহম্মদ আবদুল হাই–এর ভাষ্যে "বাংলায় স্বরধ্বনিকে সানুনাসিক করার চিহ্ন (ঁ) চন্দ্রবিন্দু; ইংরেজি নাম moon-dot।" আমরা স্বরধ্বনির সানুনাসিকতা বোঝাতে 'ঁ (চন্দ্রবিন্দু)' প্রতীকই ব্যবহার করেছি।

**্** (হস্–চিহ্ন) — এ–অভিধানে ব্যঞ্জনবর্ণের ব্যঞ্জনান্ত উচ্চারণ নির্দেশের জন্যে সর্বত্র '্ (হস)' চিহ্ন ব্যবহৃত হয়েছে।

**ঙ** ঙ–র ব্যঞ্জনান্ত উচ্চারণ বিজ্ঞাপিত করার জন্যে কোথাও হস্–চিহ্ন ব্যবহার করা হয়নি; কারণ স্বরযুকত না হলে 'ঙ'–র উচ্চারণ ব্যঞ্জনান্ত বা হসন্ত হয়ে থাকে।

**ঞ** এর উচ্চারণ 'য়ঁ' বা 'ইঅঁ'–এর মতো। এ–কারণে এ–বর্ণের নামও হয়েছে 'ইঅঁ'। ঞ সাধারণত চ–বর্গের চারটি বর্ণের (চ, ছ, জ, ঝ) পূর্বে কিংবা চ–এর পরে যুকত হলে তার উচ্চারণ দন্ত্য–ন–এর মতো হয় [যথা ঃ মঞ্চ (মন্‌চো), বাঞ্ছিত

(বান্‌ছিতো), অঞ্জলি (অন্‌জোলি), ঝঞ্ঝা (ঝন্‌ঝা) এবং চ–এর পরে, যাচ্ঞা (জাচ্‌না) ইত্যাদি]। সুতরাং এ–সব ক্ষেত্রে ঞ–র উচ্চারণ নির্দেশিত হয়েছে ন দিয়ে।

**জ্ + ঞ = জ্ঞ** সংস্কৃতে এর উচ্চারণ ছিল 'জ্ঞ' [অনেকটা জ্যঁ (জইঅঁ)]। কিন্তু বাঙলা ভাষায় পদের সূচনায় এর উচ্চারণ অনেকটা গঁ বা গ্যঁ –র মতো, আর পদমধ্যে বা অন্তে উচ্চারিত হয়, — গ্‌গঁ–এর অনুরূপ। আবার জ্ঞ–এর সঙ্গে আ (া)–কার যুক্ত হ'লে প্রায়শ গ্যাঁ (্যাঁ)–কার রূপে উচ্চারিত হয়ে থাকে। আমরা এ–অভিধানে জ্ঞ–এর উচ্চারণ নির্দেশ করেছি প্রাগুক্ত উচ্চারণরীতি অনুসারে।

**ণ** এ–বর্ণটির নাম 'মূর্ধন্য ণ'। ণ–এর উচ্চারণ সম্পর্কে রবীন্দ্রনাথের মন্তব্য ঃ 'বাংলা বর্ণমালায় আর–একটা বিভীষিকা আছে, মূর্ধন্য এবং দন্ত্য ন'–এ ভেদাভেদ–তত্ত্ব। বানানে ওদের ভেদ, ব্যবহারে ওরা অভিন্ন। মূর্ধন্য ণ' এর আসল উচ্চারণ বাঙালির জানা নেই।" আর সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের মতে, "মূর্ধন্য 'ণ' –এর ধ্বনি এখন বাঙ্গালাতে নাই। বাঙ্গালায় ইহার উচ্চারণ দন্ত্য–'ন' –এর উচ্চারণ হইতে অভিন্ন।" — মুহম্মদ আবদুল হাইও মন্তব্য করেছেন, "ধ্বনিগত দিক থেকে 'ঞ' এবং 'ণ' কে আমরাই সহজেই অপসারিত করতে পারি।" ফলে বাঙলা উচ্চারণ অভিধানে মূর্ধন্য ণ–এর উচ্চারণ নির্দেশের জন্যে সর্বত্র দন্ত্য–ন ব্যবহৃত হয়েছে।। কারণ ধ্বনিতত্ত্ববিদ মুহম্মদ আবদুল হাই–এর সুস্পষ্ট মন্তব্য ঃ ". . . ট–বর্গীয় ধ্বনির পূর্বে মূর্ধন্য 'ণ' ব্যবহার করার কোনো ধ্বনিগত সার্থকতা আছে বলে আমি মনে করি না। কারণ অনুরূপ ক্ষেত্রে আমরা যে প্রতীকই ব্যবহার করি না কেন পরবর্তী ধ্বনির অনুষঙ্গগত (homorganic) উচ্চারণই করবো।"

**ৎ** খণ্ড–ৎ এবং হসন্ত ত্ – এ যেহেতু উচ্চারণগত কোনো পার্থক্য নেই, সে–জন্যে 'ত'–এর ব্যঞ্জনান্ত উচ্চারণ নির্দেশের জন্যে কোথাও খণ্ড–ৎ ব্যবহার করা হয়নি, সর্বত্রই 'ত'–এ হস্‌–চিহ্ন ব্যবহার হ'য়েছে।

**য** এর সংস্কৃত উচ্চারণ 'ইঅ'(ya)–র মতো। বাঙলা ভাষায় এর উচ্চারণ চ–বর্গীয় জ–থেকে অভিন্ন [যথা ঃ যম (জম্‌), জঞ্জাল (জন্‌জাল্‌), যুক্ত (জুক্‌তো), জন্তু (জোন্‌তু), যোগ (জোগ্‌), জন্য (জোন্‌নো), যদি (জোদি), জল (জল্‌) ইত্যাদি]। ফলে এ–অভিধানে য–এর উচ্চারণ নির্দেশের জন্যে সর্বত্র জ–ব্যবহৃত হ'য়েছে।

**য়** অন্তঃস্থ 'য়' – এর উচ্চারণ, পদমধ্যে এর সঙ্গে যুক্তস্বরের উপর বহুলাংশে নির্ভর ক'রলেও, এ–অভিধানে বিশুদ্ধ স্বরধ্বনি (অ, আ, ই, উ, এ, ও) দিয়ে দেখানো হয়নি, সর্বত্র অন্তঃস্থ–য় ব্যবহার করা হ'য়েছে। কারণ সুনীতিকুমার



—২

চট্টোপাধ্যায়ের মতে, "বাঙ্গালা শব্দের অভ্যন্তরে পাশাপাশি দুইটি স্বরধ্বনি থাকিলে, যদি দুইটি স্বর মিলিয়া একটি যৌগিক স্বরে বা সন্ধ্যক্ষরে পরিণত না হয়, তাহা হইলে এই দুইটি স্বরের মধ্যে Hiatus বা ব্যঞ্জনের অভাবজনিত ফাঁকটুকুতে উচ্চারণ-সৌকর্যার্থে অন্তঃস্থ য় (y) বা অন্তঃস্থ ব (w) = ওয়, ও এর আগম হয়। Euphony বা শ্রুতিসুখকরত্বের জন্য এই অপ্রধান ব্যঞ্জনধ্বনির আগমকে (ইংরেজীতে এইরূপ ধ্বনিকে Glide বলে) য়-শ্রুতি ও ব্ শ্রুতি (অন্তঃস্থ ব্-শ্রুতি) বলা হয়।" এবং মুহম্মদ আবদুল হাইও অনুরূপ মন্তব্য করেছেন তাঁর ধ্বনিবিজ্ঞান ও বাংলা ধ্বনিতত্ত্ব গ্রন্থে। ('স্বরধ্বনি জাতীয় এ-পিচ্ছিলতাটুকুই তার পরবর্তী ধ্বনিটির সহযোগে এখানকার অর্ধস্বরধ্বনি য়')। ফলে আমরা এ-অভিধানে কোথাও স্বরাশ্রিত 'য়'-এর 'Glide' ভূমিকাকে অস্বীকার করিনি। আমরা মনে করি করুণাময়ী (কোরুনামোয়ি)-র 'ময়্+ই' আর কেবল 'ম+ই'(মোই) ; জলপায়ী (জলোপায়ি) আর জলপাই (জল্পাই), দায়ী (দায়ি) আর দাই (দাই); আততায়ী (আতোতায়ি) আর তাই (তাই) ; চিরস্থায়ী (চিরোস্থায়ী)-র 'থায়ি' আর থাইল্যাণ্ড-এর 'থাই' কখনও সমোচ্চারিত শব্দ নয়। ফলে ধ্বনিতাত্ত্বিক এবং ঐতিহাসিক (বাঙলাভাষী পাঠকদের চোখেও অন্তঃস্থ 'য়'-এর ব্যবহার খুবই পরিচিত) কারণে উচ্চারণ বিভ্রান্তি এড়ানোর জন্যে আমরা সর্বত্র অন্তঃস্থ 'য়' কে উচ্চারণ নির্দেশের জন্যে ব্যবহার করেছি।

ব বাঙলা ভাষায় লিপিগত এবং উচ্চারণগত দিক থেকে অন্তঃস্থ 'ব' এবং বর্গীয় (প-বর্গীয়) 'ব' দু-ই অভিন্ন; সেজন্যে অভিধানে মূল শব্দের বানানে ও উচ্চারণ-নির্দেশে একটি 'ব'-ই ব্যবহৃত হয়েছে।

শ্র এ-বর্ণটি কোনো ব্যঞ্জনবর্ণের পরে যুক্ত হলে এর রূপ বদলে '্র' (র)'-ফলা হয় এবং র-ফলাযুক্ত ব্যঞ্জনবর্ণ শব্দের মধ্যে কিংবা অন্তে থাকলে তার উচ্চারণ-দ্বিত্ব হয় [যথাঃ শিপ্রা (শিপ্‌প্রা), দীপ্র (দিপ্‌প্রো), চিত্র (চিত্‌ত্রো), মিত্র (মিত্‌ত্রো), ভাদ্র (ভাদ্‌দ্রো), আম্র (আম্‌ম্রো), চক্র (চক্‌ক্রো) ইত্যাদি]। কিন্তু সন্ধির সূত্রানুসারে [স্বরবর্ণ, বর্গের তৃতীয়, চতুর্থ বা পঞ্চম বর্ণ, কিংবা অন্তঃস্থ বর্ণ পরে থাকলে, অ-কার বা আ-কার ভিন্ন অন্য স্বরের পরবর্তী বিসর্গের স্থানে 'র' হয় এবং এই 'র' স্থানবিশেষে রেফ হয়। যথাঃ নিঃ + গত = নির্গত (নির্‌গতো), নিঃ + জন = নির্জন (নির্‌জন্), আবিঃ + ভাব = আবির্ভাব (আবির্‌ভাব্) ইত্যাদি]। আগত 'র' যখন 'র্' (রেফ) হয়ে ব্যঞ্জনবর্ণের মাথার উপরে বসে, তখন 'র'-এর উচ্চারণ আগে হলেও রেফযুক্ত ব্যঞ্জন বর্ণটির উচ্চারণ-দ্বিত্ব হওয়ার কোনো তথ্য-প্রমাণ নোই। সুনীতিকুমার চট্টোপাধ্যায় তাঁর বিখ্যাত ODBL (*The Origin and Development of the Bengali Language*) গ্রন্থে এ-ধরনের শব্দের দ্বিত্ববিহীন উচ্চারণ নির্দেশ

করেছেন (যথা ঃ নির্ভীক – ni:rbhi:k; পূর্ণ— purnɔ; তীর্থে — tirthe; দুর্দ্দান্ত — durdantɔ ইত্যাদি)। ধ্বনিবিজ্ঞান ও বাংলা ধ্বনিতত্ত্ব গ্রন্থে মুহম্মদ আবদুল হাইও রেফযুক্ত ব্যঞ্জনের উচ্চারণ-দ্বিত্ব দেখাননি (যথা ঃ স্পর্শ — spɔrsho; সম্পূর্ণ – ʃɔmpurno ইত্যাদি)। ইতঃপূর্বে প্রকাশিত ধীরানন্দ ঠাকুর সঙ্কলিত 'বাংলা উচ্চারণ-কোষ' এবং ঢাকা টিচার্স ট্রেনিং কলেজ, থেকে প্রকাশিত উচ্চারণ অভিধানের কোথাও রেফযুক্ত ব্যঞ্জনবর্ণের উচ্চারণ-দ্বিত্ব প্রদর্শিত নয়। কিন্তু জাতীয় গণমাধ্যম ইন্সটিটিউট, ঢাকা থেকে প্রকাশিত 'ব্যাবহারিক বাংলা উচ্চারণ অভিধান'-এ রেফযুক্ত ব্যঞ্জনের উচ্চারণ-দ্বিত্ব দেখানো হয়েছে। এখানে আমরা পূর্ববর্তী বিশেষজ্ঞদের পদাঙ্ক ও সদ্যুক্তি অনুসরণ করে কোথাও রেফযুক্ত ব্যঞ্জনবর্ণের উচ্চারণ-দ্বিত্ব নির্দেশ করিনি।

**শ, ষ, স** আমরা এ-তিনটি বর্ণকে অভিহিত করি 'তালব্য-শ' 'মূর্ধন্য-ষ' এবং 'দন্ত্য-স' নামে। প্রাচীনকালে তিনটি বর্ণের স্বতন্ত্র উচ্চারণ থাকলেও আধুনিক বাঙলাভাষায় এগুলোর একমাত্র উচ্চারণ 'শ' (ইংরেজির 'sh' – এর মতো)। মুহম্মদ আবদুল হাই-এর মতে, "এর ধ্বনিগত নাম তাই অঘোষ স্বল্পপ্রাণ পশ্চাৎ দন্তমূলীয় উষ্ম তথা শিসধ্বনি (Voiceless unaspirated post dental fricative sibilant বা spirant sound), কোনক্রমেই তালব্য নয়। একমাত্র 'শ' চিহ্নটির সাহায্যেই আমরা এ ধ্বনিটিকে যথাযথভাবে ধরে রাখতে পারি।" ফলে আমরা এ-অভিধানে লিখিত তিনটি শ-এর উচ্চারণ দেখাতে প্রায়-সর্বত্র 'শ' – এর ব্যবহার করেছি। তবে ত, থ, ন, র, ল – এসব দন্ত্য কিংবা দন্তমূলীয় ধ্বনির পূর্বে 'শ বা স' যেহেতু 'দন্ত্য-স রূপেই উচ্চারিত হয়, সেজন্যে এ-সব ক্ষেত্রে শ বা স-এর উচ্চারণ নির্দেশিত হয়েছে 'দন্ত্য-স' দিয়ে [যথা ঃ মস্তিষ্ক (মোস্‌তিশ্‌কো), আস্থা (আস্‌থা), প্রশ্ন (প্রোস্‌নো), শ্রুত (স্রুতো), শ্রীমতী (স্রিমোতি), অশ্লীল (অস্‌স্লিল্‌) ইত্যাদি।] এটা মূলত 'শ' (phoneme)— এর সহধ্বনি বা পূরক ধ্বনি (allophone)।

কতিপয় কৃতঋণ শব্দের উচ্চারণ নির্দেশেও 'দন্ত্য-স' ব্যবহৃত হয়েছে [যেখানে বানানে ব্যবহৃত 'স' এর উচ্চারণ 'sh' নয় 's'-এর অনুরূপ] যথা ঃ তসবি (তোস্‌বি), সফর (সফোর্‌), সফেদ (সফেদ্‌), ইসলাম (ইস্‌লাম্‌), সেলাম (সেলাম্‌), সিমেন্ট (সিমেন্‌ট্‌), সিনেমা (সিনেমা), সিগন্যাল (সিগ্‌ন্যাল্‌), সুপ (সুপ্‌) ইত্যাদি।

**হ** 'হ'-কে চিহ্নিত করা হয় 'আন্তঃস্বরযন্ত্রীয় বা কণ্ঠনালীয় মহাপ্রাণ ঘোষধ্বনি' – রূপে। এই 'হ'-এর সঙ্গে যখন ঋ (ৃ) -কার ণ, ন, ম, য (্য), র (্র), ল, ব যুক্ত হয় তখন বাঙলা বর্ণমালার সাহায্যে বাঞ্ছিত উচ্চারণ বিজ্ঞাপিত করা দুরূহ হয়ে ওঠে। আমরা এ-অভিধানে ধ্বনিতত্ত্ববিদ মুহম্মদ আবদুল হাই –

এর নীতি-অনুসরণে প্রথমে বাঙলা বর্ণমালায় এ-সব শব্দের উচ্চারণ-নির্দেশ ক'রে বিকল্পে রোমীয় (দু'একটি ক্ষেত্রে আন্তর্জাতিক ধ্বনিমূলক) বর্ণমালায় উচ্চারণ বর্ণনা করেছি। কেবল ঋ (ৃ) -কার যুক্ত হ্ - এর উচ্চারণে হ্ - কে আগে দেখানো হয়েছে [যথাঃ হৃদয় (হৃদয়্/hriদয়্), হৃত (হৃতো/hriতো) ইত্যাদি]। অন্যত্র হ্ন, হ্ন = ন্‌হ, হ্ম = ম্‌হ, হ্য = জ্‌ঝ, হ্র = র্‌হ, হ্ল = ল্‌হ এবং হ্ব = (ব্‌ভ) ওভ/উভ — রূপে দেখিয়ে বিকল্পে রোমীয় বা আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায়ও দেখানো হয়েছে [যথা ঃ প্রাহ্ণ (প্রান্‌হো/প্রান্nho), পূর্বাহ্ণ (পুর্‌বান্‌হো/পুর্‌বান্nho), মধ্যাহ্ন (মোদ্‌ধান্‌হো/মোদ্‌ধান্nho), হ্রদ (র্‌হদ্/rh দ্), আহ্লাদ (আল্‌হাদ্/আল্lhaদ্) ব্রহ্ম (ব্রোম্‌হো/ব্রোম্mho) ইত্যাদি।]

ক্ষ ক্ + ষ — মিলে ক্ষ -এর সংস্কৃত উচ্চারণ ক্ষ [যথা ঃ দক্ষ (দক্‌ষ), যক্ষ (ইঅক্‌ষ), পক্ষ (পক্‌ষ) ইত্যাদি]। কিন্তু বাঙলা ভাষায় পদের প্রথমে এর উচ্চারণ স্পষ্ট 'খ'-এর মতো এবং মধ্যে ও অন্তে ক্‌খ-এর অনুরূপ [যেমন ঃ ক্ষত (খতো), ক্ষুধিত (খুধিতো), ক্ষান্ত (খান্‌তো), পদের মধ্যে ও অন্তে — দক্ষ (দোক্‌খো), যক্ষ (জোক্‌খো), রক্ষা (রোক্‌খা), পরীক্ষা (পোরিক্‌খা), অক্ষয় (অক্‌খয়্), বুভুক্ষা (বুভুক্‌খা), অক্ষাংশ (ওক্‌খাঙশো), পক্ষান্তরে (পোক্‌খান্‌তরে), পাক্ষিক (পাক্‌খিক্) ইত্যাদি]। ফলে আমরা ক্ষ-র উচ্চারণ দেখাতে শব্দের আদিতে কেবল 'খ' এবং মধ্য ও অন্তে 'ক্‌খ' ব্যবহার করেছি।

**(ঙ) উচ্চারণ-সূত্র ঃ**

**স্বরবর্ণ**

বাঙলা লিখিত ভাষায় ব্যবহৃত 'অ' এর উচ্চারিত রূপ দুটো। একটি 'অ'(অর্ধ বিবৃত স্বরধ্বনি) অন্যটি 'ও' (বা ও-কারের মতো)। যেমন, অত (অতো), শত (শতো), কত (কতো), মত (মতো), শব্দ (শব্‌দো), বর্তমান (বর্‌তোমান্) ইত্যাদি। এখানে প্রতিটি শব্দের আদ্য-'অ'-এর উচ্চারণ অবিকৃত 'অ' (অর্ধ-বিবৃত স্বরধ্বনি)। কিন্তু ধরুন (ধোরুন্),অরুণ (ওরুন্), বরুণ (বোরুন্),তরুণ (তোরুন্), কিংবা অতি (ওতি), যতি (জোতি), পতি (পোতি), সতী (শোতি), নদী (নোদি), অদ্য (ওদ্‌দো), গদ্য (গোদ্‌দো), পক্ষ (পোক্‌খো), বক্ষ (বোক্‌খো) ইত্যাদি শব্দে আদ্য-'অ' এর উচ্চারণ 'অ' থাকে না, হ'য়ে যায় 'ও' (অর্ধ-সংবৃত স্বরধ্বনি)। সুনীতিকুমার চট্টোপাধ্যায় এই 'ও' কে একটি স্বতন্ত্র ফোনিম (phoneme) বা মূলধ্বনি হিসেবে চিহ্নিত করেছেন।

বাঙলা ভাষায় শব্দের আদি-মধ্য এবং অন্তে ব্যবহৃত এই 'অ' নানাবিধ কারণে প্রমিত বা মানসম্মত উচ্চারণের সৌকর্য-বিধান-হেতু কখনও পূর্ণ 'ও'-কার, অর্ধ-'ও'-কার কিংবা 'ও'-কার স্পর্শযুক্ত (আলতোভাবে) উচ্চারিত হয়। সর্বত্র হয় না, হয় বিশেষ বিশেষ ক্ষেত্রে, বিশেষ কারণে। শব্দের আদ্য-মধ্য এবং অন্ত্য-'অ'-এর 'ও'-কার রূপে (বা ও-কারের মতো) উচ্চারিত হওয়ার কতিপয় সূত্রের উল্লেখ করা যেতে পারে ।

(১) **[অ+ই > ওই, অ + উ > ওউ]** শব্দের আদিতে যদি 'অ' থাকে [স্বতন্ত্র বা স্বাধীন ('অ') কিংবা ব্যঞ্জনে যুক্ত (ক্ + অ= ক, গ্ + অ = গ)] এবং তারপরে 'ই'–কার (হ্রস্ব কিংবা দীর্ঘ), উ'–কার (হ্রস্ব কিংবা দীর্ঘ) থাকে তবে সে –'অ'– এর উচ্চারণ সাধারণত 'ও'–কারের মতো হয়। যথা ঃ অভিধান (ওভিধান্), অভিযান (ওভিজান্), অতি (ওতি), অসি (ওশি), অভিমান (ওভিমান্), যদি (জোদি), পতি (পোতি), রতি (রোতি), মতি (মোতি), গতি (গোতি), অধিকার (ওধিকার্), অতীত (ওতিত্), অধীন (ওধিন্), সতী (শোতি), করী (কোরি), গভীর (গোভির্), মনীষা (মোনিশা), পত্নী (পোত্নি), রথী (রোথি), শরীর (শোরির্), শশী (শোশি), নদী (নোদি), ননী (নোনি), বউ (বোউ), মউ (মোউ), অনুকূল (ওনুকুল্), অনুমান (ওনুমান্), অরুণা (ওরুনা), গরু (গোরু), বপু (বোপু), মরু (মোরু), কর্বূর (কোর্বুর্), কর্পূর (কোর্পুর্), বধূ (বোধু), ময়ূর (মোয়ুর্), অনূদিত (ওনুদিতো), মণ্ডূক (মোন্ডুক্), ময়ূখ (মোয়ুখ্), মসূর (মোশুর্) ইত্যাদি।

(২) **[অ+্য (য) ফলা > ও]** শব্দের আদ্য- 'অ'–এর পরে '্য' (য) – ফলাযুক্ত ব্যঞ্জনবর্ণ থাকলে সেক্ষেত্রে 'অ–এর উচ্চারণ প্রায়শ 'ও'– কারের মতো হয়। যেমন ঃ অদ্য (ওদ্দো), অন্য (ওন্নো), অত্যন্ত (ওত্তোন্তো), অত্যাচার (ওত্তাচার্), কন্যা (কোন্না), কল্যাণ (কোল্ল্যান্/–লান্), বন্যা (বোন্না), অধ্যক্ষ (ওদ্ধোক্খো), অধ্যাত্ম (ওদ্ধাত্তোঁ), অভ্যাগত (ওব্ভাগতো), কথ্য (কোত্থো), পথ্য (পোত্থো), কল্য (কোল্লো), গদ্য (গোদ্দো), পদ্য (পোদ্দো), গণ্য (গোন্নো), ধন্য (ধোন্নো), বন্য (বোন্নো), জন্য (জোন্নো), পণ্য (পোন্নো), সদ্য (শোদ্দো), সভ্য (শোব্ভো), সত্য (শোত্তো) সন্ধ্যা (শোন্ধা), শয্যা (শোজ্জা), তথ্য (তোত্থো), লভ্য (লোব্ভো), শল্য (শোল্লো) ইত্যাদি।

* **ব্যতিক্রম ঃ** বন্ধ্যা (বন্ধা), মর্ত্য (মর্তো), অর্ঘ্য (অর্ঘো), বন্দ্যোপাধ্যায় (বন্দোপাদ্ধায়্), বধ্যভূমি (বদ্ধোভুমি), হর্ম্য (হর্মো), বন্দ্যবংশ (বন্দোবঙশো), কণ্ঠ্য (কন্ঠো), অন্ত্য (অন্তো), অন্ত্যেষ্টি (অন্তেশ্টি) ইত্যাদি।

তবে এক্ষেত্রে লক্ষণীয় বিষয় হচ্ছে, প্রতিটি শব্দে (বধ্যভূমি ব্যতিরেকে) '্য (য) ফলা' যুক্ত হয়েছে যুক্ত ব্যঞ্জনবর্ণে, ফলে উচ্চারণে তার কোন ভূমিকা যেমন নেই তেমনি শব্দের আদ্য 'অ' কেও পরিবর্তন করছে না।

(৩) **[অ+ক্ষ > ও; অ+জ্ঞ > ও]** শব্দের আদ্য 'অ'–এর পর 'ক্ষ' (ক্ + ষ = খিয়ো, বর্তমান বাঙলা উচ্চারণে শব্দের আদিতে কেবল 'খ' এবং শব্দ–মধ্য ও

অন্তে ক্‌খ –এর মতো), 'জ্ঞ' (জ্‌ + ঞ = গঁ, শব্দের আদিতে 'গঁ' এবং মধ্য ও অন্তে 'গ্‌গঁ' – এর মতো) থাকলে, সে 'অ'–এর উচ্চারণ সাধারণত 'ও'–কারের মতো হয়ে থাকে। যথা ঃ অক্ষ (ওক্‌খো), অক্ষাংশ (ওক্‌খাঙশো), অক্ষাগ্র (ওক্‌খাগগ্রো), দক্ষ (দোক্‌খো), যক্ষ (জোকখো), লক্ষণ (লোক্‌খোন্‌), ভক্ষণ (ভোক্‌খোন্‌), তক্ষক (তোক্‌খোক্‌), যজ্ঞ (জোগ্‌গোঁ), লক্ষ (লোক্‌খো), রক্ষা (রোক্‌খা), বক্ষ (বোক্‌খো), পক্ষ (পোক্‌খো), কক্ষ (কোক্‌খো), রক্ষকুল (রোক্‌খোকুল্‌) ইত্যাদি।

* **ব্যতিক্রম ঃ** লক্ষ্মণ (লক্‌খোঁন্‌), যক্ষ্মা (জক্‌খাঁ), পক্ষ্ম (পক্‌খোঁ) ইত্যাদি। এখানেও লক্ষণীয় বিষয় হচ্ছে, 'ক্ষ' – এর সঙ্গে অন্য বর্ণ যুক্ত হয়েছে ব'লে তার আগের 'অ' (ল, য,প) ও–কার রূপে উচ্চারিত হচ্ছে না।

(৪) **[অ + ৃ (ঋ)কার > ও]** শব্দের প্রথমে যদি 'অ' থাকে এবং তারপরে ৃ (ঋ)-কার যুক্ত ব্যঞ্জনবর্ণ থাকলেও, সে–'অ'–এর উচ্চারণ সাধারণত 'ও' –কারের মতো হয়। যথাঃ মসৃণ (মোসৃন্‌/মোস্‌সৃন্‌), কর্তৃকারক (কোর্‌তৃকারোক্‌), বক্তৃতা (বোক্‌তৃতা), যকৃত (জোকৃত্‌), ভর্তৃহরি (ভোর্‌তৃহোরি), শতৃপ্রত্যয় (শোতৃপ্রোত্‌তয়্‌) ইত্যাদি।

(৫) শব্দের প্রথমে 'অ' যুক্ত 'র' (্র) –ফলা থাকলে সেক্ষেত্রেও আদ্য 'অ'–এর উচ্চারণ সাধারণত 'ও'–কার হয়ে থাকে। যথা ঃ ক্রম (ক্রোম্‌), গ্রহ (গ্রোহো), গ্রন্থ (গ্রোনথো), ব্রত (ব্রোতো), ত্রস্ত (ত্রোস্‌তো), ভ্রম (ভ্রোম্‌), শ্রম (স্রোম্‌), প্রভাত (প্রোভাত্‌), দ্রব্য (দ্রোব্‌বো), প্রকাশ (প্রোকাশ্‌), প্রকৃত (প্রোকৃতো), ভ্রষ্ট (ভ্রোশ্‌টো), ব্রজ (ব্রোজো), শ্রবণ (স্রোবোন্‌), স্রষ্টা (স্রোশ্‌টা) ইত্যাদি।

* **ব্যতিক্রম ঃ** কিন্তু 'অ' যুক্ত র–ফলার পরে 'য়' থাকলে সে 'অ' – এর উচ্চারণ প্রায়শ অবিকৃত থাকে। যথা ঃ ক্রয় (ক্রয়্‌), ত্রয় (ত্রয়্‌), শ্রয় (স্রয়্‌) ইত্যাদি।

(৬) যে–সব রেফ যুকত শব্দের বানানে পূর্বে 'য' (য) – ফলা' যুক্ত (বিকল্পে সিদ্ধ) ছিল, বর্তমান বানানে (স্মর্তব্য ঃ কলিকাতা বিশ্ববিদ্যালয় বানান সংস্কার সমিতির সিদ্ধান্ত, "রেফের পর ব্যঞ্জনবর্ণের দ্বিত্ব হইবে না") 'য' (য) –ফলা ব্যবহৃত না হ'লেও, সে–সব শব্দের আদ্য – 'অ' সাধারণত 'ও' – কারের মতো উচ্চারিত হয়ে থাকে। যথা ঃ পর্যন্ত [ পোর্‌জোন্‌তো (<পর্য্যন্ত)], পর্যায় [পোর্‌জায়্‌ (<পর্য্যায়)], চর্যাপদ [চোর্‌জাপদ্‌ (<চর্য্যাপদ)], পর্যবেক্ষণ [পোর্‌জোবেক্‌খোন্‌ (<পর্য্যবেক্ষণ)], মর্যাদা [মোর্‌জাদা (<মর্য্যাদা)], হর্যক্ষ [হোর্‌জোক্‌খো (<হর্য্যক্ষ)] ইত্যাদি। মধ্য 'অ' এর ক্ষেত্রেও এ–নিয়ম অনুসৃত ঃ ঐশ্বর্য [ওইশ্‌শোর্‌জো(<ঐশ্বর্য্য)], সৌন্দর্য [শোউন্‌দোর্‌জো (<সৌন্দর্য্য)], আশ্চর্য [আশ্‌চোর্‌জো (<আশ্চর্য্য)] ইত্যাদি।

(৭) 'সাধুভাষায়' ব্যবহৃত পূর্ণাঙ্গ শব্দ কিংবা ক্রিয়াপদের বানানে 'ই' (ি) –কার আছে কিন্তু 'চলিত ভাষায় সেই 'ই' (ি) –কার বহুক্ষেত্রে বিলুপ্ত হ'লেও তার পূর্ববর্তী 'অ' উচ্চারণে প্রায়শ 'ও' – কারের মতোই হয়ে থাকে। যথা ঃ করিবার > করবার (কোর্‌বার্‌), ধরিবার > ধরবার (ধোর্‌বার্‌), মরিবার > মরবার (মোর্‌বার্‌), করিল > করল (কোর্‌লো), বসিয়াছিল > বসেছিল (বোশেছিলো), করিয়া > করে (কোরে), ধরিয়া > ধরে (ধোরে), মরিয়া >মরে (মোরে), ধনিয়া > ধনে (ধোনে), থলিয়া > থলে (থোলে), ফড়িয়া > ফড়ে (ফোড়ে), বড়িয়া > বড়ে (বোড়ে), রবিবার > রোববার (রোব্‌বার্‌), হরিতকী > হরতকী (হোর্‌তোকি), হইল > হল (হোলো), কলিকাতা > কলকাতা (কোল্‌কাতা), নদীয়া > নদে (নোদে) ইত্যাদি।

* কিন্তু এর কিছু ব্যতিক্রম দেখা যায়, যেমন ঃ হইব > হব (হ্‌বো, কখনও 'হোবো' নয়), কহিব > কইব > কব (কবো, কখনও 'কোবো' নয়), লইব > লব (লবো, কখনও 'লোবো' নয় ), রহিব > রইব (রবো, কখনও রোবো নয়), সহিব > সইব (শবো, কখনও শোবো নয়), রহিবে > রইবে (রবে, কখনও রোবে নয়) ইত্যাদি।

(৮) একাক্ষর (monosyllable) শব্দের প্রথমে 'অ' এবং পরে দন্ত্য –'ন' থাকলে কোথাও কোথাও সে–'অ'–এর উচ্চারণ 'ও' – কারের মতো হয়। যেমন ঃ মন (মোন্‌), বন (বোন্‌), জন (জোন্‌) ইত্যাদি।

তবে এ–সমস্ত শব্দের উচ্চারণে পশ্চিম বাঙলার সঙ্গে আমাদের উচ্চারণে কিছু পার্থক্য বর্তমান। কেবল একাক্ষর 'মন' –এর ক্ষেত্রে আমরা তর্কাতীত ভাবে 'মোন্‌' বললেও 'বোন্‌' (বন) 'জোন্‌' (জন) – এর ক্ষেত্রে দ্বিধা–বিভক্ত এবং বাংলাদেশে সম্পদ অর্থে 'ধোন্‌' উচ্চারিত হয় না বললেই চলে। এ–ক্ষেত্রে বাংলাদেশের উচ্চারণ–প্রবণতাকে আমরা অনেক বেশী মূলানুগ মনে করি। আর এ–সব জায়গায় 'ন' এর পরিবর্তে 'ণ' এলে যেমন 'অ' এর উচ্চারণ প্রায়শ বিকৃত হয় না, তেমনি প্রাগুক্ত শব্দ সমাসবদ্ধ বা সন্ধি হলেও আদ্য–'অ'–এর অবিকৃত–উচ্চারণই বিধেয়। যেমন ঃ গণ (গন্‌), পণ (পন্‌), রণ (রন্‌), ক্ষণ (খন্‌) ইত্যাদি। জনরব (জনোরব্‌), জনগণ (জনোগন্‌), জনশ্রুতি (জনোস্‌স্রুতি), বনবাসী (বনোবাশি), বনস্পতি (বনোশ্‌পোতি), বনবীথি (বনোবিথি), ধনপতি (ধনোপোতি), ধনাগার (ধনাগার্‌), ধনসম্পত্তি (ধন্‌শম্‌পোত্‌তি), মনোহর (মনোহর্‌), মনোরম (মনোরম্‌), মনোলোভা (মনোলোভা) ইত্যাদি।

কিন্তু প্রাগুক্ত ১,২,৩ এবং ৪ নম্বর নিয়মের ব্যতিক্রম ঘটে যখন নেতিবাচক বা না–অর্থে 'অ' বা 'অন্‌' এবং সহার্থে বা সহিত অর্থে 'স' সংযুক্ত হয়। অর্থাৎ এ–সব 'অ' এবং 'স' সবর্ত্র অবিকৃত 'অ' হিসেবে উচ্চারিত। যথা ঃ– অনিকেত (অনিকেত্‌), অবিচার (অবিচার্‌), অনিবার (অনিবার্‌), অনিন্দ্য (অনিন্‌দো), অনিয়ম (অনিয়ম্‌), অসীম

(অশিম্), অধীর (অধির্), অনীশ (অনিশ্), অটুট (অটুট্), অতুল (অতুল্), অনুন্নত (অনুন্নতো), অকূল (অকুল্), অমূল্য (অমুল্লো), অচূর্ণ (অচুর্নো), অমূর্ত (অমুর্তো), অনূন (অনুনো), অনৃত (অনৃতো), অমৃত (অমৃতো), অদৃশ্য (অদৃশ্শো), অদৃষ্ট (অদৃশ্টো), অক্ষম (অক্খম্), অজ্ঞ (অগ্গোঁ), অজ্ঞাত (অগ্গাঁতো), অজ্ঞান (অগ্গ্যাঁন্), অন্যায় (অন্ন্যায়্), অব্যয় (অব্ব্যায়/–বয়্), সঠিক (শঠিক্), সচিত্র (শচিত্ত্রো), সবিশেষ (শবিশেশ্), সবিনয় (শবিনয়), সতীর্থ (শতির্থো), সটীক (শটিক্), সস্ত্রীক (শস্ত্রিক্), সসীম (শশিম্), সজীব (শজিব্), সপুত্রক (শপুত্ত্রোক্), সগুণ (শগুন্), সধূম্ (শধুম্), সমূল (শমুল্), সকৃতজ্ঞ (শকৃতোগ্গোঁ), সতৃষ্ণ (শতৃশ্নো), সস্পৃহ (শস্পৃহো), সহৃদয় (শহৃদয় /শhriদয়্), সক্ষম (শক্খম্), সব্যাজ (শব্ব্যাজো), সব্যয় (শব্ব্যায়্), সজ্ঞান (শগ্গ্যাঁন্) ইত্যাদি। তবে নাম বোঝালে এ না–বোধক 'অ' 'ও'–এর মতো উচ্চারিত হতে পারে। যথা ঃ অসীম (ওশিম্), অবিনাশ (ওবিনাশ্), অতুল (ওতুল্), অজিত (ওজিত্), অনীশ (ওনিশ্) ইত্যাদি। সম্—উপসর্গ যোগে গঠিত শব্দের আদ্য 'অ' সংস্কৃতানুসারী উচ্চারণে সর্বত্র অবিকৃত 'অ'–ই, কিন্তু বাঙলা–উচ্চারণে ক্ষেত্র–বিশেষে সে–'অ' ও–কারের মতো উচ্চারিত হচ্ছে এবং বাঙলা প্রমিত উচ্চারণেও তা স্বীকৃতি লাভ করেছে। যথা ঃ সমীকরণ (শোমিকরোন্), সঞ্চিত (শোন্চিতো), সমীক্ষা (শোমিক্খা), সমীহ (শোমিহো), সমীরণ (শোমিরন্), সমূহ (শোমুহো), সম্বিত (শোম্বিত্), সমীপ (শোমিপ্), সন্ধি (শোন্ধি), সন্ন্যাস (শোন্নাশ্), সন্দিহান (শোন্দিহান্), সমুদ্র (শোমুদ্দ্রো), সমুদয় (শোমুদয়্), সমীচীন (শোমিচিন্), সমিতি (শোমিতি) ইত্যাদি।

কিন্তু সম্–উপসর্গ যোগে গঠিত বহু শব্দে এখনও পূর্ব–উচ্চারণের প্রভাব লক্ষ্য করা যায়। যথা ঃ সন্তুষ্ট (শন্তুশ্টো), সম্মিলিত (শম্মিলিতো), সমুচিত (শমুচিত্), সন্নিকট (শন্নিকট্), সম্পূর্ণ (শম্পুর্নো), সম্প্রীতি (শম্প্রিতি), সম্পৃক্ত (শম্পৃক্তো), সমুন্নত (শমুন্নতো), সম্পূরিত (শম্পুরিতো), সমৃদ্ধি (সমৃদ্ধি), সমুৎকীর্ণ (শমুত্কির্নো), সমুত্থান (শমুত্থান্), সংযুক্ত (শঙজুক্তো), সমুত্থিত (শমুত্থিতো), সন্নিধান (শন্নিধান্), সমুজ্জ্বল (শমুজ্জল্), সন্নিপাত (শন্নিপাত), সংকীর্ণ (শঙকির্নো), সংখ্যা (শঙখা) ইত্যাদি।

### মধ্য – অ

(১) শব্দমধ্যস্থিত 'অ' (ব্যঞ্জনবর্ণে যুক্ত) আদ্য –'অ' –এর মতোই ই, ( ি), ঈ ( ী), উ ( ু), ঊ ( ূ), ঋ ( ৃ) –কার এবং ক্ষ, জ্ঞ, ্য (য)–ফলার আগে থাকলে সে 'অ'–এর উচ্চারণ সাধারণত 'ও' কারের মতো হয়ে থাকে। যথা ঃ কাকলি (কাকোলি), প্রণতি (প্রোনোতি), অবগতি (অবোগোতি), সুমতি (শুমোতি), বিরতি (বিরোতি), জননী (জনোনি), ধরণী (ধরোনি), তপস্বী (তপোশ্শি), রমণী (রমোনি), ঘরণী (ঘরোনি), তরণী (তরোনি), সরণী (শরোনি), সকরুণ (শকোরুন্), অতনু (অতোনু), হেমকূট (হেমোকুট্), শতমূল (শতোমুল্),

উপকূল (উপোকুল্), সমভূমি (শমোভুমি), যবক্ষার (জবোক্‌খার্), অদক্ষ (অদোক্‌খো), সুদক্ষ (শুদোক্‌খো), বিপক্ষ (বিপোক্‌খো), দৈবজ্ঞ (দোইবোগ্‌গোঁ), সর্পযজ্ঞ (শর্‌পোজোগ্‌গোঁ), অদম্য (অদোম্‌মো), আলস্য (আলোশ্‌শো), অগত্যা (অগোত্‌তা), সৌজন্য (শোউজোন্‌নো), অকথ্য (অকোত্‌থো), অসভ্য (অশোব্‌ভো), অমসৃণ (অমোসৃন্/অমোস্‌সৃন্) ইত্যাদি।

(২) তিন বা তার অধিক বর্ণে গঠিত শব্দের মধ্য 'অ' –এর আগে যদি অ, আ, এ এবং ও –কার থাকে তবে পদ–মধ্যের 'অ'–এর ও–কাররূপে উচ্চারিত হওয়ার প্রবণতা থাকে সমধিক। যথা ঃ মতন (মতোন্), যতন (জতোন্), রতন (রতোন্), শতক (শতোক্), জলদ (জলোদ্), বলদ (বলোদ্), ভরত (ভরোত্), কলস (কলোশ্), কাজল (কাজোল্), পাগল (পাগোল্), ছাগল (ছাগোল্), কাগজ (কাগোজ্), কানন (কানোন্), আনন (আনোন্), ডাগর (ডাগোর্), সাগর (শাগোর্), নাগর (নাগোর্), বাঁদর (বাঁদোর্), আদর (আদোর্), বেতন (বেতোন্), চেতন (চেতোন্), লেহন (লেহোন্), কেশর (কেশোর্), রোচন (রোচোন্), লোচন (লোচোন্), শোধন (শোধোন্), বোধন (বোধোন্), তোষণ (তোশোন্), শোষণ (শোশোন্), ওজন (ওজোন্), পোষণ (পোশোন্), কোমল (কোমোল্), কোরক (কোরোক্), ছোবল (ছোবোল্), মোদক (মোদোক্) ইত্যাদি।

কিন্তু এখানেও শব্দের আদ্য 'অ' যদি না–বোধক এবং 'স' যদি সহিত–অর্থে ব্যবহৃত হয়, তবে মধ্য 'অ' অবিকৃত থাকাই বিধেয়। যথা ঃ অমল (অমল্), অজর (অজর্), অমর (অমর্), অনড় (অনড়্), অটল (অটল্), অচল (অচল্), অজয় (অজয়্), সরস (শরশ্), সবল (শবল্), সজল (শজল্), সচল (শচল্), সলজ্জ (শলজ্‌জো), সরব (শরব্) ইত্যাদি।

(৩) বাঙলা ভাষায় বেশ কিছু সমাসবদ্ধ 'তৎসম' (সংস্কৃত) পদ ব্যবহৃত হয়, যে–গুলো পৃথক উচ্চারণে হসন্ত হলেও সমাসবদ্ধ অবস্থায় মধ্য 'অ' রক্ষিত হয়ে ও–কারান্ত রূপে উচ্চারিত হয়। যথা ঃ পথচারী [পথোচারি ('পথ' স্বতন্ত্রভাবে উচ্চারিত — 'পথ্')], করযুগ [করোজুগ্ (পৃথক 'কর্')], বনবাসী [বনোবাশি (স্বতন্ত্র বন্/বোন্)], ফুলশর [ফুলোশর্ (স্বতন্ত্র 'ফুল্')], মেঘমল্লার [মেঘোমল্‌লার্ (স্বতন্ত্র 'মেঘ্')], রসকদম্ব [রশোকদম্‌বো (রশ্)], লোককান্ত [লোকোকান্‌তো (লোক্)], দীনবন্ধু [দিনোবোন্‌ধু (দিন্)], রণতূর্য [রনোতুর্‌জো (রন্)], গীতগোবিন্দ [গিতোগোবিন্‌দো (গিত্)] ইত্যাদি।

কিন্তু এধরনের বেশকিছু সমাসবদ্ধ পদ (বাঙলা প্রমিত উচ্চারণেও) আর পূর্বরীতিতে উচ্চারিত হচ্ছে না, অর্থাৎ সাম্প্রতিক উচ্চারণে মধ্য 'অ'এর স্থানে হসন্ত উচ্চারণ প্রবণতা লক্ষযোগ্য। যথা ঃ রাজপুত্র ('রাজোপুত্রো' নয় 'রাজ্‌পুত্‌ত্রো'), রাজহংস ('রাজোহঙশো'

নয় 'রাজ্‌হঙশো'), ফুলশয্যা ('ফুলোশোজ্‌জা' নয় 'ফুল্‌শোজ্‌জা'), কামধেনু ('কামোধেনু' নয় 'কাম্‌ধেনু'), রাজনীতি ('রাজোনিতি' নয় 'রাজ্‌নিতি'), শিবরাত্রি ('শিবোরাত্‌ত্রি' নয় 'শিব্‌রাত্‌ত্রি'), লোকনাথ ('লোকোনাথ্‌' নয় 'লোক্‌নাথ্‌'), সংবাদপত্র ('শঙবাদোপত্‌ত্রো' নয় 'শঙবাদ্‌পত্‌ত্রো'), দুর্গেশনন্দিনী (দুর্‌গেশোনোন্‌দিনি নয় 'দুর্‌গেশ্‌নোন্‌দিনি), হেমচন্দ্র (হেমোচন্‌দ্রো নয় 'হেম্‌চন্‌দ্রো'), মেঘদূত ('মেঘোদুত্‌' নয় 'মেঘ্‌দুত্‌'), লোকসভা (লোকোশভা নয় 'লোক্‌শভা'), এবং ন্যায়সঙ্গত (ন্যায়োশঙগতো নয় 'ন্যায়্‌শঙগতো) ইত্যাদি।

**অন্ত্য – অ**

শব্দান্তের 'অ' বাঙলা ভাষায় সংস্কৃত বা প্রাকৃতের মতো উচ্চারিত হয় না। এই 'অ' – ধ্বনিটি পূর্ববর্তী ব্যঞ্জনবর্ণে লিপ্ত বা মিশে থাকে বলে প্রায়শ হসন্তরূপে উচ্চারিত হয়ে থাকে। যথা ঃ নাক্‌ , কান্‌ , হাত্‌, জাত্‌, মান্‌, ধান্‌, কাম্‌, ঘর্‌, বর্‌, ছাঁদ্‌, জাম্‌, থান্‌, দাঁত্‌, পাত্‌, আট্‌, ঘাট্‌, নাট্‌, ঘট্‌, বান্‌, গান্‌, পুলিন্‌, মলিন্‌, গাছ্‌, মাছ্‌, দিবশ্‌, ইত্যাদি। কিন্তু সর্বত্রই এ-রূপ উচ্চারিত হয় না, ক্ষেত্রবিশেষে এই 'অ' রক্ষিত হয় এবং 'ও' –কারান্ত উচ্চারিত হয়। যথা ঃ

(১) বাঙলা ভাষায় বেশ কিছু বিশেষণে অথবা বিশেষণরূপে ব্যবহৃত পদের অন্তিম 'অ' লুপ্ত না হয়ে ও-কারান্ত উচ্চারণ হয়ে থাকে। যথা ঃ কাল (বিশেষণ, 'কালো' কিন্তু বিশেষ্য কাল্‌), ভাল [ভালো কিন্তু বিশেষ্য ভাল্‌ (কপাল)], খাট (খাটো কিন্তু বিশেষ্য খাট্‌), ছোট (ছোটো), বড় (বড়ো), এত (এ্যাতো), কত (কতো), যত (জতো), হেন (হ্যানো) ইত্যাদি।

(২) বাঙলা ভাষায় ব্যবহৃত বেশ কিছু দ্বিরুক্ত শব্দ বিশেষণরূপে ব্যবহৃত হলে প্রায়শ অন্তিম 'অ' ও-কারান্ত উচ্চারণ হয়। যথা ঃ কাঁদ-কাঁদ (কাঁদো–কাঁদো), কল–কল (কলো –কলো), পড়-পড় (পড়ো–পড়ো), বড়–বড় (বড়ো–বড়ো), ছল–ছল (ছলো–ছলো), ঝরঝর (ঝরো–ঝরো), সাজ–সাজ (শাজো–শাজো), বাধ–বাধ (বাধো–বাধো) ইত্যাদি।

* **ব্যতিক্রম ঃ** করকর (কর্‌কর্‌), খড় খড় (খড়্‌ খড়্‌), মড় মড় (মড়্‌ মড়্‌), গরগর (গর্‌গর্‌), তরতর (তর্‌তর্‌) ইত্যাদি।

(৩) ১১ থেকে ১৮ পর্যন্ত সংখ্যাবাচক শব্দের শেষ– 'অ' রক্ষিত এবং 'ও'–কারান্ত উচ্চারিত হয়ে থাকে। যথা ঃ (১১) এগার (এ্যাগারো), (১২) বার (বারো), (১৩) তের (ত্যারো), (১৪) চৌদ্দ (চোউদ্‌দো > চোদ্‌দো), (১৫) পনের (পোনেরো), (১৬) ষোল (শোলো), (১৭) সতর (শতরো > শতেরো), এবং (১৮) আঠার (আঠারো)।

(৪) 'আন' (আনো) – প্রত্যয়ান্ত শব্দের অন্তিম 'অ' 'ও'–কারান্ত উচ্চারিত হয়। যথা ঃ করান (করানো), তাড়ান (তাড়ানো), বলান (বলানো), সাঁতরান

(শাঁত্‌রানো), দেখান (দ্যাখানো), শেখান ( শেখানো), লেখান (লেখানো), পাঠান (পাঠানো), খেলান (খ্যালানো), চালান (চালানো), সরান (শরানো), ভরান (ভরানো) ইত্যাদি। তবে দেখান, পাঠান, চালান এ-গুলো সর্বত্র অনুজ্ঞায় হসন্ত উচ্চারণ হয়ে থাকে।

(৫) 'ত' (ক্ত) এবং 'ইত' প্রত্যয়যোগে সাধিত বা গঠিত বিশেষণ শব্দের অন্ত্য 'অ' উচ্চারণে ও-কারান্ত হ'য়ে থাকে। যেমন ঃ হত (হতো), মত (মতো), গত (গতো), নত (নতো), রত (রতো), নিয়মিত (নিয়োমিতো), পঠিত (পোঠিতো), চলিত (চোলিতো), পালিত (পালিতো), গলিত (গোলিতো), গীত (গিতো), প্রীত (প্রিতো), রক্ষিত (রোক্‌খিতো), নীত (নিতো), ধৃত (ধৃতো), মৃত (মৃতো), বিদিত (বিদিতো), জ্ঞাত (গ্যাঁতো), পরীক্ষিত (পোরিক্‌খিতো), বঞ্চিত (বোন্‌চিতো) ইত্যাদি।

* কিন্তু এরমধ্যে কোন শব্দ যদি বিশেষ্যরূপে ব্যবহৃত হয় তাহ'লে অন্তিম 'অ' বিলুপ্ত হ'য়ে হসন্তরূপে উচ্চারিত হয়। যথা ঃ গীত (গিত্‌), মত (মত্‌), রক্ষিত [রোক্‌খিত্‌ (পদবী)], পালিত [পালিত্‌ (পদবী)], পরীক্ষিত [(পোরিক্‌খিত্‌), জনমেজয়ের পিতার নাম, পাণ্ডবগণ একে রাজ্যভার দিয়ে মহাপ্রস্থান করেন।]

(৬) 'ই' কিংবা 'এ' –কারের পর 'য়' (= ইঅ) থাকলে, সেই 'য়' হসন্তরূপে উচ্চারিত না হ'য়ে প্রায়শ 'ও'-কারের মতো উচ্চারিত হ'য়ে থাকে। যেমন ঃ নির্ণেয় (নির্‌নেয়ো), প্রিয় (প্রিয়ো), ম্রিয় (ম্রিয়ো), স্বীয় (শিয়ো), খিয় (খিয়ো), দেয় (দেয়ো), পেয় (পেয়ো), বিধেয় (বিধেয়ো), অনুমেয় (ওনুমেয়ো), অদেয় (অদেয়ো), স্মরণীয় (শঁরোনিয়ো), বরণীয় (বরোনিয়ো), জ্ঞেয় (গেঁয়ো), অজেয় (অজেয়ো), তুলনীয় (তুলোনিয়ো) ইত্যাদি। কিন্তু 'ই' অথবা 'এ' কারের পরিবর্তে 'অ' বা 'আ' ধ্বনি এলেই 'য়'-এর 'অ' (বা রূপান্তরিত 'ও') বিলুপ্ত হ'য়ে হসন্তরূপে উচ্চারিত হয়। যথা ঃ বিষয় (বিশয়্‌), নয় (নয়্‌), লয় (লয়্‌), জয় (জয়্‌), সয় (শয়্‌), খায় (খায়্‌), যায় (জায়্‌), পায় (পায়্‌), ন্যায় (ন্যায়্‌), মায় (মায়্‌), দেয় (দ্যায়্‌ - এখানে 'দে' এর উচ্চারণ 'এ' নয় 'এ্যা) নেয় (ন্যায়্‌ –এখানেও 'নে' – এর উচ্চারণ 'এ' নয় 'এ্যা'), গায় (গায়্‌) ইত্যাদি।

(৭) বিশেষ্য-শব্দের শেষে 'হ' এবং বিশেষণ শব্দের শেষে 'ঢ়' থাকলে সাধারণত অন্ত্য 'অ' বিলুপ্ত না হ'য়ে 'ও'-কারান্ত উচ্চারিত হয়। যথা ঃ বিবাহ (বিবাহো), মোহ (মোহো), কলহ (কলহো), দেহ (দেহো), বিগ্রহ (বিগ্‌গ্রোহো), বিরহ (বিরহো), দ্রোহ (দ্রোহো), মেহ (মেহো), স্নেহ (স্নেহো), গূঢ় (গুঢ়ো – /গুṛho), গাঢ় (গাঢ়ো–/গা ṛho), মূঢ় (মুঢ়ো –/মুṛho ), প্রৌঢ় (প্রৌউঢ়ো– /প্রোউṛho), দৃঢ় (দৃঢ়ো –/ দৃṛho) ইত্যাদি।

* আষাঢ় যেহেতু মাসের নাম বা বিশেষ্য পদ সে-জন্যে উচ্চারণে অন্তিম 'অ' বিলুপ্ত হ'য়ে হসন্ত রূপে উচ্চারিত (আশাঢ়)।

(৮) 'তর' (তরো), তম ' (তমো) প্রত্যয় সংযুক্ত বিশেষণ -পদে অন্তিম 'অ' প্রায়শ ও-কারান্ত উচ্চারিত হয়। যথা ঃ অধিকতর (ওধিকোতরো), উচ্চতর (উচ্‌চোতরো), ভিন্নতর (ভিন্‌নোতরো), অন্যতর (ওন্‌নোতরো), গুরুতর (গুরুতরো), বৃহত্তর (বৃহত্‌তরো), অধিকতম (ওধিকোতমো), সর্বোত্তম (শর্‌বোত্‌তমো), নিকৃষ্টতম (নিকৃশ্‌টোতমো), নিম্নতম (নিম্‌নোতমো), উচ্চতম (উচ্‌চোতমো) ইত্যাদি।

(৯) '-ইব', -'ইল', -'ইতেছ', -ইয়াছ', -ইতেছিল, -ইয়াছিল ইত্যাদি প্রত্যয়-যোগে গঠিত ক্রিয়াপদের অন্তিম 'অ' সাধারণত বিলুপ্ত হয় না, এবং উচ্চারণে ওই 'অ' ও-কারের মতো শোনা যায়। যথা ঃ করিব (কোরিবো > কোর্‌বো), বলিব (বোলিবো > বোল্‌বো), করিতেছ (কোরিতেছো > কোর্‌ছো), করিতেছিল (কোরিতেছিলো > কোর্‌ছিলো), করিয়াছিল (কোরিয়াছিলো > কোরেছিলো), বসিয়াছিল (বোশিয়াছিলো > বোশেছিলো), চলিতেছ (চোলিতেছো > চোল্‌ছো) ইত্যাদি।

(১০) শব্দশেষের 'অ' এর আগে যদি ঐ 'ঔ' ং (অনুস্বার) ঃ (বিসর্গ) এবং ঋ( ৃ )-কার থাকে, তবে সে-'অ' প্রায়শ বিলুপ্ত না হ'য়ে ও-কারান্ত উচ্চারণ হয়। যথা ঃ তৈল (তোইলো), শৈল (শোইলো), স্ত্রৈণ (স্ত্রোইনো), জৈন (জোইনো), দৈব (দোইবো), বৈধ (বোইধো), নৈব (নোইবো) শৈব (শোইবো), গৌণ (গোউনো), মৌন (মোউনো), মৌল (মোউলো), যৌন (জোউনো), পৌর (পোউরো), সৌব (শোউরো), যৌথ (জোউথো), ধৌত (ধোউতো), ভৌম (ভোউমো), সৌধ ( শোউধো), লৌহ (লোউহো), বংশ (বঙশো), হংস (হঙশো), অংশ (অঙশো), বিংশ ( বিঙশো), কংস (কঙশো), দুঃখ (দুক্‌খো), কৃশ (কৃশো), বৃষ (বৃশো), তৃণ (তৃনো), বৃক (বৃকো), মৃগ (মৃগো), নৃপ (নৃপো) ইত্যাদি।

* **ব্যতিক্রম ঃ** দৌড় (দোউড়্‌), পৌষ (পোউশ্‌), বৌল (বোউল্‌), মৌল (মোউল্‌), পৌট [< প্রীতি (পোউট্‌)], শৌচ (শোউচ্‌) ইত্যাদি।

(১১) শব্দান্তে সংযুক্ত বর্ণ (দু'টি বা তার অধিক ব্যঞ্জনবর্ণ) থাকলে, সে-ক্ষেত্রে অন্তিম 'অ'-এর উচ্চারণও 'ও' -কারের মতো হ'য়ে থাকে। যথা ঃ শকত (শক্‌তো), ভকত (ভক্‌তো), অনুরকত (ওনুরক্‌তো), যত্র (জত্‌ত্রো), তত্র (তত্‌ত্রো), প্রাপ্ত (প্রাপ্‌তো), ধর্ম (ধর্‌মো), কর্ম (কর্‌মো), পদ্য (পোদ্‌দো), পদ্ম (পদ্‌দোঁ), চিহ্ন (চিন্‌হো/ 'চিন্‌nho') দাহ্য (দাজ্‌ঝো), বিজ্ঞ (বিগ্‌গোঁ), প্রাজ্ঞ (প্রাগ্‌গোঁ), বিপ্র (বিপ্‌প্রো), সর্ব (শর্‌বো), ঐতিহ্য (ওইতিজ্‌ঝো), দন্ত

(দন্‌তো), অন্ত (অন্‌তো), স্বাস্থ্য (শাস্‌থো), ত্রস্ত (ত্রোস্‌তো), মন্দ (মন্‌দো), গন্ধ (গন্‌ধো), দ্বন্দ্ব (দন্‌দো), পঙ্ক (পঙকো), অঙ্ক (অঙকো), প্রশ্ন (প্রোস্‌নো/ প্রোশ্‌নো) ইত্যাদি।

## আ

(১) বাঙলা উচ্চারণের ধারা–অনুসারে একাক্ষর শব্দের 'আ' কিছুটা দীর্ঘ উচ্চারিত হয়। যথা ঃ রাম (রা–ম্), আম (আ–ম্), জাম (জা–ম্), রাগ (রা–গ্) — এখানে আ–কার কিছুটা দীর্ঘ, কিন্তু এ–শব্দগুলোই যখন রামা, জামা, কিংবা রাগা হয় তখন আ–কারটি অপেক্ষাকৃত হ্রস্ব হয়ে যায়।

(২) শব্দের আদিতে 'জ্ঞ' এবং ্য (য) –ফলাযুক্ত ব্যঞ্জনবর্ণের সঙ্গে আ (া) –কার সংযুক্ত হলে সেই আ (া) –কারের উচ্চারণ প্রায়শ এ্যা ( æ ) –কারের মতো হয়ে থাকে। যথা ঃ জ্ঞান (গ্যাঁন্), জ্ঞাতি (গ্যাঁতি), জ্ঞাপক (গ্যাঁপোক্), জ্ঞাত (গ্যাঁতো), জ্ঞাপিত (গ্যাঁপিতো), খ্যাত (খ্যাতো), ব্যাধ (ব্যাধ্), ব্যাস (ব্যাশ্), প্যাঁচ (প্যাঁচ্), ব্যাদান (ব্যাদান্), ব্যাপার (ব্যাপার্), ব্যাপ্ত (ব্যাপ্‌তো), ব্যাখ্যা (ব্যাক্‌খা), ব্যাকুল (ব্যাকুল্), ম্যাজম্যাজ (ম্যাজ্‌ম্যাজ্), শ্যাম (শ্যাম্), শ্যালক ( শ্যালোক্), ন্যায় (ন্যায়্), ধ্যান (ধ্যান্ ), ন্যাস (ন্যাশ্), ব্যাকরণ (ব্যাকরোন্), ব্যাঘাত (ব্যাঘাত্) ইত্যাদি।

## ই , ঈ, উ, ঊ,

বাঙলা ভাষায় স্বরবর্ণের হ্রস্ব ও দীর্ঘ উচ্চারণের উপর শব্দের অর্থ বিজ্ঞাপিত বা নির্ধারিত হয় না। আমরা সাধারণত একাক্ষর শব্দ বা পদের (monosyllabic word) স্বরবর্ণকে কিছুটা দীর্ঘ উচ্চারণ করে থাকি। যথা ঃ দিন, তিন, চীন, বীণ, মীন কিংবা চুপ, সুর, ধূপ, দূর– এসব একাক্ষর শব্দের ই, ঈ, উ, ঊ, (ি, ী, ু, ূ)–কার কিছুটা দীর্ঘ কিন্তু দিনা, তিনি, চীনা, বীণা, মীনা কিংবা চুপি, সুরে, ধূপা, দূরে এখানে অনেকটা হ্রস্ব।

বাঙলা উচ্চারণে স্বরবর্ণের দীর্ঘ উচ্চারণের প্রভেদ এখন আদৌ অনুসরণ করা হয় না। ফলে, বাড়ী, বাড়ি, পাখী, পাখি, হাতী, হাতি, ঘড়ী, ঘড়ি, দিঘী, দীঘি, বধূ, মধু, সতী, মতি, নদী, যদি—যে-বানানেই লেখা হোক না কেন আমাদের উচ্চারণে এর হ্রস্ব–দীর্ঘত্ব রক্ষিত হয় না। বরঞ্চ বাক্যের মধ্যে পদের অবস্থানভেদে এবং অন্যবিধ কারণে স্বরধ্বনির দীর্ঘ–হ্রস্ব উচ্চারণ হয়ে থাকে।

## ঋ

ঋ–কার কে বাঙলা ভাষায় স্বরধ্বনির মর্যাদা দেওয়া ঠিক নয়; কারণ সংস্কৃত ভাষার শুদ্ধ স্বরধ্বনির মতো এর উচ্চারণ আর অবশিষ্ট নেই। বাঙলায় এর উচ্চারণ পরিষ্কার 'রি' ('র' – এর সঙ্গে সংযুক্ত 'ই')। সংস্কৃত ভাষার অন্ধ অনুসরণে এটিকে এখনও

বর্ণমালায় স্বরবর্ণের মধ্যে স্থান দেওয়া হয় এবং কতিপয় সংস্কৃত শব্দের বানানে এর লিখিত রূপ দেখা যায়। যথা ঃ ঋতু (রিতু), ঋষি (রিশি), ঋণ (রিন), ঋগ্‌বেদ (রিগ্‌বেদ্) ইত্যাদি।

## এ

বাঙলা ভাষায় 'এ' (ে) কার লিখিতরূপে একটি হলেও, এর উচ্চারিত রূপ দু'টো ('এ' এবং এ্যা' (æ)]। মেষ (মেশ্), মেঘ (মেঘ্), দেশ (দেশ্), এল (এলো), এস (এশো) ইত্যাদি শব্দের আদ্য –'এ'–এর উচ্চারণ নিজস্ব (যেটা সংস্কৃত ও প্রাকৃত ভাষাসমূহে সর্বত্র ব্যবহৃত)। খেলা (খ্যালা), বেলা (ব্যালা) ইত্যাদি শব্দের আদ্য 'এ'র উচ্চারণ 'এ' নয় পরিস্কার 'এ্যা (æ) (যেটা সংস্কৃত ভাষায় নেই কিন্তু ইংরেজী Cat, Bat এর মতো শব্দের a–তে আছে)।

বাঙলাভাষার প্রমিত উচ্চারণে বহুল ব্যবহৃত, অতি প্রয়োজনীয় এই মূলধ্বনি বা ফোনিমটির স্বতন্ত্র কোন বর্ণপ্রতীক নেই। ফলে, 'এ' 'ে' অ্যা, এ্যা, 'ɔ' (ব্যথা) ্যা (খ্যাত), য়্যা এবং বিশুদ্ধ 'আ (া)' – কার ( জ্ঞান —গ্যাঁন্) এ ধরনের বিচিত্র প্রতীকে লেখা হয়।

রবীন্দ্রনাথ ঠাকুর মাত্রাওয়ালা এ (ে) –কার দিয়ে এ্যা ( æ) ধ্বনিকে বোঝাতে চেয়েছেন, বিশ্বভারতী গ্রন্থন বিভাগ এখনও এ–নীতি অনুসরণ করেন। কিন্তু এতে সমস্যার সুরাহা হয়নি, তার প্রথম কারণ মাত্রাওয়ালা (ে) এবং মাত্রাহীন (ে) – একার চিহ্নের পার্থক্য এতো সূক্ষ্ম যে এটা সহজে চোখে পড়ে না, দ্বিতীয়ত, পদের আদ্যঅক্ষরে মাত্রাওয়ালা (ে) এ–কার স্পষ্ট হলেও পদের মধ্য বা অন্তিম বর্ণে এর অস্তিত্ব নির্ধারণ অসম্ভব । রাজশেখর বসু এ্যা (æ) ধ্বনির জন্যে উদ্ভাবন করেছিলেন ' এ ' স্বরবর্ণ এবং ব্যঞ্জনবর্ণের সঙ্গে যোজ্য ' ৫ ' – এ ধরনের একটি কার–চিহ্ন (যথা ঃ এ'কাউন্ট (Account), ৫মপ (map)। কিন্তু এর কোনটিই চালু হয়নি।

রবীন্দ্রনাথ ঠাকুর, রাজশেখর বসু এঁরা ভিন্ন ভিন্ন প্রতীক প্রচলনে উৎসাহী ছিলেন, সাম্প্রতিককালে কেউ কেউ প্রস্তাব করছেন এ = এ্যা এবং কারচিহ্ন রূপে ে ]

এই 'এ', কোথায় 'এ্যা'– হিসেবে উচ্চারিত হবে এবং কেবল 'এ'–কার কিংবা 'এ্যা – কারই হবে, এ–ধরনের সর্বজনস্বীকৃত বিধান দুর্লভ। চলিত বাঙলা ভাষার প্রমিত উচ্চারণের বহমান ধারা অনুসরণে 'এ' – সংক্রান্ত কতিপয় শর্তের উল্লেখ করা যাচ্ছে।

(১) শব্দের প্রথমে যদি 'এ–কার (ব্যঞ্জনে যুক্তও হ'তে পারে) থাকে এবং তারপরে ই'(ি), ঈ'(ী) ,উ (ু) ঊ (ূ ) এ (ে) 'ও' (ো) , য়, র, ল, শ, এবং হ থাকলে সাধারণত 'এ' অবিকৃতভাবে উচ্চারিত হয়। যথা ঃ একি (একি), দেখি (দেখি), মেকি (মেকি), ঢেঁকি (ঢেঁকি), বেশী (বেশি), একুনে, বেগুন, একুশ, রেঙুন, মেয়ে, এনে, চেয়ে, গেয়ে, খেয়ে, পেয়ে, [ব্যতিক্রম,–একের (এ্যাকের), একে একে (এ্যাকে এ্যাকে) ইত্যাদি]। শ্রেয়, খেয়া, কেয়া, ঢের,

জের, বের, ঘের, দেড়, গেছো, ভেতো, তেতো, মেঠো, সে-ও [ব্যতিক্রম ঃ দে'ওর (দ্যা'ওর), শেওড়া (শ্যাওড়া)] তেল, বেল, শেল, এল, ভেল, জেল, রেল [ব্যতিক্রম ঃ নিক্ষেপ অর্থে ফেল (ফ্যাল্/ফ্যালো), গেল (গ্যালো, যাওয়া অর্থে] বেশ, লেশ, শেষ, পেশ, এস, কেহ, দেহ, মেহ, স্নেহ, লেহন ইত্যাদি।

(২) শব্দের আদ্য 'এ'-কারের পরে যদি ং (অনুস্বার) ঙ কিংবা ঙ্গ থাকে এবং তারপরে 'ই' (হ্রস্ব বা দীর্ঘ) 'উ' (হ্রস্ব বা দীর্ঘ) অনুপস্থিত থাকে তবে সেক্ষেত্রে 'এ', 'এ্যা'-কারে রূপান্তরিত হয়। যথা ঃ বেঙ [ব্যাঙ, কিন্তু ই (ি) -কার সংযুক্ত হ'লে বেঙি)], খেংরা (খ্যাঙরা কিন্তু খেঙরি), বেঙ্গমা (ব্যাঙগোমা কিন্তু বেঙগোমি), ভেংচো (ভ্যাঙচা কিন্তু ভেঙচি), টেঙরা (ট্যাঙরা কিন্তু টেঙরি), লেংড়া (ল্যাঙড়া কিন্তু লেঙড়ি), নেংটা (ন্যাঙটা কিন্তু নেঙটি)

(৩) এ-কারযুক্ত একাক্ষর (monosyllable) ধাতুর সঙ্গে আ-প্রত্যয়যুক্ত হলে, সাধারণত সেই 'এ' কারের উচ্চারণ 'এ্যা'কার হ'য়ে থাকে। যথা ঃ খেদা (খেদ্ + আ = খ্যাদা), ক্ষেপা (ক্ষেপ্ + আ = খ্যাপা), বেচা (বেচ্ + আ = ব্যাচা), ঠেলা (ঠেল্ +আ = ঠ্যালা), ফেলা (ফেল্ + আ = ফ্যালা), খেলা (খেল্ + আ = খ্যালা), হেলা (হেল্ + আ = হ্যালা), তেলা (তেল্ + আ = ত্যালা), গেলা [ (গেল্ + আ = গ্যালা কিন্তু গিল্ + আ = গেলা (গলাধঃকরণ)] ইত্যাদি।

(৪) মূলে 'ই' -কার বা ঋ-কারযুক্ত ধাতু কিংবা প্রাতিপদিকের সঙ্গে আ -কার যুক্ত হলে সেই ই-কার এ -কার রূপে উচ্চারিত হবে, কখনও 'এ্যা'-কার হবে না। যথা ঃ কেনা (কিন্ ধাতু থেকে), মেলা (‹মিল্), লেখা (‹লিখ্), গেলা (‹গিল্), মেশা (‹মিশ্), জেলা (‹ জিলা), শেখা (‹ শিখ্), এলাকা (‹ ইলাকা), এনাম (‹ ইনাম), এবাদত (‹ ইবাদত), এনসাফ (‹ইনসাফ), পেটা (‹ পিট্), রেচক (‹ রিচ্), লেহন (‹ লিহ্), বেদন (‹ বিদ্), নেতা (‹ নী - ধাতু), কেতাব (‹ কিতাব), নেপাল (‹নৃপাল), মেষ ( ‹ মিষ) ইত্যাদি।

(৫) একাক্ষর (monosyllable) সর্বনাম পদের 'এ' সাধারণত স্বাভাবিকভাবে অর্থাৎ অবিকৃত 'এ' - কার রূপে উচ্চারিত হয়। যথা ঃ কে, সে, এ, যে ইত্যাদি।

(৬) সংস্কৃত বা তৎসম শব্দের আদ্য এ-কার প্রায়শ অবিকৃত 'এ'-রূপে উচ্চারিত হয়ে থাকে। যথা ঃ কেয়ূর, প্রেরক, তেজস্ক্রিয়া, বেদ, প্রেম, হেমন্ত, বেগবতী, রেবা, পেচক, বেত্র, বেতস, মেধা, মেদ, কেতন, কেদার, চেতনা, তেজস্বী, দেবকী, দেবর্ষি, ধেনু, বেণী, ভেদ্য, মেদিনী, মেনকা ,মেরু, রেবতী, শেখর,সেতু, সেবক ইত্যাদি।

(৭) সাধারণত শব্দের আদ্য এ'-কারের পরে 'অ' এবং আ থাকলে 'এ'-কারের 'এ্যা'-কাররূপে উচ্চারিত হওয়ার প্রবণতা থাকে সমধিক। কিন্তু ওই 'অ'

কিংবা 'আ' এর পরিবর্তে ই-কার উ-কার কিংবা 'এ'-কারের মতো স্বরধ্বনি এলেই 'এ' -কার তার নিজস্ব উচ্চারণে ফিরে যায়। যথা ঃ এখন (এ্যাখোন্), এমন (এ্যামোন্), কেমন (ক্যামোন্), যেমন (জ্যামোন্), তেমন(ত্যামোন্), এক (এ্যাক্), একা (এ্যাকা), বেটা (ব্যাটা), জেঠা (জ্যাঠা), ঠেঠা (ঠ্যাঠা), ঠেঙ্গা (ঠ্যাঙগা ), পেঁচা (প্যাঁচা), কেন (ক্যানো), যেন (জ্যানো), হেন (হ্যানো), ফেন (ফ্যান্), হের (হ্যারো ), তের (ত্যারো), টেরা (ট্যারা), তেড়া (ত্যাড়া), ভেড়া (ভ্যাড়া), নেড়া (ন্যাড়া ), মেড়া (ম্যাড়া ), চেলা (চ্যালা), চেঙড়া (চ্যাঙড়া) ইত্যাদি।

**ব্যতিক্রম ঃ** এখান (এখান্)।

কিন্তু এসব শব্দের শেষে যদি 'ই' উ কিংবা একার আসে তবে 'এ'-কার নিজস্ব উচ্চারণে ফিরে যায়। যথা ঃ একি, একুশ, হেরি, টেরি, নেড়ি, এখুনি, জেঠী, জেঠু, পেঁচী, ঠেঙ্গি, নেড়ী, চেঙড়ি ইত্যাদি।

## ব্যঞ্জনবর্ণ

বাঙলা ব্যঞ্জনবর্ণের উচ্চারণে সমস্যা নানাবিধ। তার মধ্যে প্রধান সমস্যা হচ্ছে, উচ্চারিত ধ্বনি একটি কিন্তু লেখার বর্ণ প্রতীক একাধিক। যেমন ঃ ঙ, ং, জ,য, ত্, ৎ, ন, ণ, এবং শ, ষ, স তো আছেই। এরপরে আছে যুকত ব্যঞ্জনবর্ণের বিচিত্র উচ্চারণ--সমস্যা। আমরা সংক্ষিপ্তভাবে, যেসব ব্যঞ্জনবর্ণের উচ্চারণে এবং লিখিত প্রতীকে পার্থক্যহেতু সমস্যা সৃষ্টি হয়, সেসব বর্ণ নিয়েই আলোচনা করবো।

(১) **ঙ ঃ** বাঙলা ভাষা-শিক্ষার্থীকে 'ঙ' হরফটির নাম জানানো হয় উঁয়োঁ ' রূপে (অঞ্চলভেদে উমো, উওঁ, উআঁ ইত্যাদি)। কিন্তু এর প্রাচীন নাম বা পরিচিতি যাই হোক, আধুনিক বাঙলা ভাষায় ব্যবহৃত এ-বর্ণটি কখনও উঁয়োঁ' রূপে উচ্চারিত হয় না, হয় 'অঙ' রূপে। ধ্বনিতত্ত্ববিদ অধ্যাপক মুহম্মদ আবদুল হাই এ ধ্বনিকে চিহ্নিত করেছেন - 'ঘোষ বা নিনাদিত পশ্চাত্তালুজাত নাসিক্য ব্যঞ্জনধ্বনি '(ঙ) রূপে। কতিপয় উদাহরণে বিষয়টি স্পষ্ট হতে পারে ঃ রঙ, ঢঙ, সঙ, বাঙলা, রাঙা, সঙীন, কঙ্কন, গঙ্গা, সঙ্ঘ, বেঙ ইত্যাদি শব্দে ব্যবহৃত 'ঙ'-র উচ্চারণ নিঃসন্দেহে - 'অঙ'। উয়োঁ হ'লে উচ্চারণ হতো রঙ, (রউয়োঁ),বেঙ (ব্যাউয়োঁ) ইত্যাদি। আসলে আধুনিক বাঙলা ভাষায় 'ঙ' এবং ং (অনুস্বার)-এর উচ্চারিত রূপ সম্পূর্ণ অভিন্ন (অঙ)।

(২) **ঞ ঃ** এ-বর্ণটির পরিচিতি অনুনাসিক 'য়ঁ' অর্থাৎ ইঁঅঁ রূপে (বাঙলাদেশের কোন কোন অঞ্চলে 'নিঅঁ' বা 'নিওঁ' হিসেবে)। কিন্তু 'ঞ'-র মূল উচ্চারণ কেবল 'মিঞা', 'ভূঞা (ভুইআঁ)-র মতো দুচারটি শব্দে শোনা যায় এবং স্বাধীনভাবে অন্যত্র বর্ণটি ব্যবহৃতও হয় না।

'ঞ' সাধারণত 'চ' বর্গের (চ,ছ, জ, ঝ) চারটি বর্ণের পূর্বে যুক্তাবস্থায় ব্যবহৃত হয় তবে ক্ষেত্রবিশেষে 'চ' এর পরে বসে (যাচঞা – জাচ্‌না) এবং বাঙলা উচ্চারণে 'দন্ত্য ন'-এর মতো হয়। যথা ঃ পঞ্চ (পন্‌চো), লাঞ্ছিত (লান্‌ছিতো), রঞ্জ (রন্‌জো), গঞ্জিত (গোন্‌জিতো), ব্যঞ্জন (ব্যান্‌জোন্‌), খঞ্জনা (খন্‌জোনা), ঝঞ্ঝা (ঝন্‌ঝা), ঝঞ্ঝনা (ঝন্‌ঝনা/–ঝোনা) ইত্যাদি।

(৩) **ঞ্‌ + জ** = ঞ্জ এ-যুক্তধ্বনিতে 'ঞ'-এর উচ্চারণ 'ন' হলেও 'জ'-এর উচ্চারণ অবিকৃত, কিন্তু জ্‌ + ঞ = জ্ঞ –তে, 'জ' এবং 'ঞ' বর্ণ দুটোর কোনটিরই উচ্চারণ নেই। সংস্কৃতে এর উচ্চারণ ছিল 'জ্‌ঞ' (অর্থাৎ অনেকটা 'জ্যঁ'– এর মতো) কিন্তু বাঙলায় শব্দের আদিতে এর উচ্চারণ হয় অনেকটা 'গঁ' বা 'গ্যঁ'–এর মতো, আর শব্দের মধ্যে ও অন্তে উচ্চারিত হয় 'গ্‌গঁ' –এর ন্যায়। যথা আদিতে জ্ঞ (গঁ/গ্যঁ), জ্ঞাত (গ্যাঁতো), জ্ঞান (গ্যাঁন্‌), জ্ঞাপন (গ্যাঁপন্‌/–পোন্‌); মধ্যে ও অন্তে বিজ্ঞান (বিগ্‌গ্যাঁন্‌), বিজ্ঞপ্তি (বিগ্‌গোঁপ্‌তি), অজ্ঞান (অগ্‌গ্যাঁন্‌), অবজ্ঞা (অবোগ্‌গাঁ), অজ্ঞ (অগ্‌গোঁ), বিজ্ঞ (বিগ্‌গোঁ), বিশেষজ্ঞ (বিশেশোগ্‌গোঁ), দৈবজ্ঞ (দোইবোগ্‌গোঁ) ইত্যাদি।

(৪) **ড়, ঢ় ঃ** 'ড়' ও 'ঢ়' – এ বর্ণ দুটো সংস্কৃতে নেই। সংস্কৃতে সর্বত্র 'ড' এবং 'ঢ' অবিকৃতভাবে উচ্চারিত হতো। এজন্যে আধুনিক বাঙলার 'নাড়ু' সংস্কৃতে ছিল 'নাডু' এবং বাঙলার 'মূঢ়' সংস্কৃতে 'মূঢ'। বর্ণদুটোর পরিবর্তিত উচ্চারণের প্রাতিষ্ঠানিক স্বীকৃতি প্রদান করেন ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর। তিনিই প্রথম 'ড' ও 'ঢ' এর নীচে বিন্দু দিয়ে আধুনিক বাঙলা বর্ণমালায় স্থান করে দেন।

'ড়' ও 'ঢ়'–এর উচ্চারণ স্থান ও রীতি প্রায় অভিন্ন। প্রখ্যাত ধ্বনিতত্ত্ববিদ মুহম্মদ আবদুল হাই-এর মতে 'ধ্বনির দিক থেকে দু'টোই নিনাদিত বা ঘোষধ্বনি, পার্থক্য তাদের মধ্যে শুধু বাতাসের নির্গমন পদ্ধতিতে। অন্য কথায় 'ড়' স্বল্পপ্রাণ আর 'ঢ়' মহাপ্রাণ। 'ড়' –এর ধ্বনিতত্ত্বগত নাম ঘোষ অল্পপ্রাণ দন্তমূলীয় তাড়নজাত ধ্বনি (voiced unaspirated alveolo flapped sound) আর 'ঢ়'–এর নাম ঘোষ মহাপ্রাণ দন্তমূলীয় তাড়নজাত ধ্বনি (voiced aspirated alveolo flapped sound)।"

তবে বাঙলাদেশের বিভিন্ন অঞ্চলে এই 'ড়', 'ঢ়' এবং 'র' – এ তিনটি পৃথক ধ্বনি উচ্চারণে একাকার হয়ে অনেকক্ষেত্রে কেবল প্রমিত উচ্চারণকে বিপর্যস্ত করে না, বরঞ্চ অর্থেরও বিপর্যয় ঘটায়। আমাদের উচ্চারণ–দুর্বলতার প্রধান প্রমাণ আমরা এর প্রতিটি বর্ণকে বিশেষণ–সংযুক্ত করে চিহ্নিত করি। অর্থাৎ তিনটি শ (শ, ষ, স) দুটো 'জ' (জ, য), দুটো ন (ণ, ন) ইত্যাদি সমোচ্চারিত বর্ণের ক্ষেত্রে যেমন, তালব্য, মূর্ধন্য, দন্ত্য, বর্গীয় এ–ধরনের বিশেষণ প্রযুক্ত করে লিপি–স্বাতন্ত্র্য জ্ঞাপন করি, তেমনি, ব–এ শূন্য, ড–এ

শূন্য এবং ঢ-এ শূন্য ব'লে র,ড় এবং ঢ়-এর পার্থক্য বুঝিয়ে থাকি। অথচ এদের ধ্বনিগত পার্থক্য বিলুপ্ত হলে অনেক ক্ষেত্রে শব্দের অর্থ বিপর্যয় ঘটায়। যথা ঃ

প্রথমে, ড় স্থানে র ঃ আমড়া–আমরা, নাড়ী–নারী, মাড়ী–মারি, তাড়ি – তারি, বাড়ী – বারি, পাড়ি – পারি, চড় – চর, ধড় – ধর, চুড়ি – চুরি, ঘোড়া – ঘোরা, সাড়া – সারা, জোড় – জোর, মোড় – মোর, পড়ে – পরে, মাড় – মার, জাড় – জার, দেড় – দের, পাড়া – পারা, পোড়া -- পোরা, ভেড়ি – ভেরি ইত্যাদি।

ঢ় স্থানে ড় ঃ মূঢ় – মুড়, গূঢ় – গুড়, গাঢ় – গাড়, প্রৌঢ় – প্রৌড় ইত্যাদি।

(৫) **ণ ঃ** – এ ধ্বনিটির নাম মূর্ধন্য 'ণ'। বিশুদ্ধ মূর্ধন্য 'ণ'-এর ধ্বনি (অনেকটা 'ড়' – এর মতো) বাঙলা ভাষায় নেই। ফলে লিখিত রূপে 'ণ' থাকলেও উচ্চারণগত দিক থেকে এ বর্ণটি দন্ত্য 'ন'-এর সঙ্গে অভিন্ন (কেউ কেউ অবশ্য ট, ঠ, ড, ঢ-এর আগে মূর্ধন্য ণ–কারের কিঞ্চিৎ আভাস স্বীকার করেন)। অধ্যাপক আবদুল হাই তাঁর 'ধ্বনিবিজ্ঞান ও বাংলা ধ্বনিতত্ত্ব' গ্রন্থে বলেছেন, "বানান যেখানে যেমনই হোক অসংযুক্ত 'ণ' উচ্চারণ বাংলাতে খাঁটি দন্তমূলীয়ই। মূর্ধন্য 'ণ' –এর উচ্চারণগত এ-সীমিত ব্যবহারই একে মূলধ্বনি (Phoneme) থেকে অপসারিত করে দন্তমূলীয় 'ন' –এর একটি সদস্য বা allophone রূপে পরিগণিত করেছে।" 'ণ' এবং ন-এর উচ্চারণ যে অভিন্ন, কয়েকটি উদাহরণ দিলেই তা-প্রমাণিত হবে। যেমন ঃ ধরণী (ধরোনি), রণ (রন্), পাষাণ (পাশান্), চরণ (চরোন্), স্মরণ (শঁরোন্/-রন্), সরণী (শরোনি), তরুণ (তোরুন্), অরুণ (ওরুন্) ইত্যাদি। এর প্রতিটি 'ণ' –এর উচ্চারণই দন্ত্য 'ন' থেকে অভিন্ন।

(৬) **য ঃ** – এর প্রাচীন সংস্কৃত উচ্চারণ ছিল 'ইঅ' (ya)-র মতো কিন্তু বাঙলা-উচ্চারণে এটি পরিষ্কার 'জ'। এর প্রাচীন উচ্চারণের স্মারক হচ্ছে 'য' –এর নীচে বিন্দু দিয়ে লেখা 'য়' আমরা যেটাকে অন্তঃস্থ 'অ' বলে থাকি। বাঙলা ভাষায় এই দু'টো 'জ' (জ,য) –এর কোন উচ্চারণ পার্থক্য নেই। যথা ঃ যম (জম্), জামাই (জামাই্), যদি (জোদি), জগৎ (জগোত), যখন (জখোন্), যাচে (জাচে), জন্তু (জোন্‌তু), জন্ম (জন্‌মো), যায় (জায়্), যাত্রা (জাত্‌ত্রা), জটিল (জোটিল্), যুগ (জুগ্), জট (জট্), যুক্তি (জুক্‌তি), জন্য (জোন্‌নো), যত (জতো), জল (জল্) ইত্যাদি।

(৭) **ব ঃ** বাঙলায় লিপিগত এবং উচ্চারণগত দিক থেকে অন্তঃস্থ এবং বর্গীয় (প-বর্গীয়) 'ব' দু-ই অভিন্ন। কিন্তু প্রাচীনকালে অর্থাৎ সংস্কৃত ও প্রাকৃতযুগে এ দুটো বর্ণ রূপে ও উচ্চারণে স্বতন্ত্র ছিল [প–বর্গীয় 'ব'= ব (ব); এবং অন্তঃস্থ 'ব' = উঅ (W বা V)]। বাঙলা ভাষায় সংযুক্ত বর্ণে ব্যঞ্জনের পরে 'ব-ফলা'

হিসেবে সাধারণত এই অন্তঃস্থ 'ব্' এলেও তার উচ্চারণরীতি আমূল বদলে গেছে। আমরা এবারে দুই 'ব'-এর উচ্চারণ-অভিন্নতার কতিপয় উদাহরণ দিচ্ছি।

**(প) বর্গীয় ব ঃ** বাল্য (বাল্ল্যো), বাহুল্য (বাহুল্লো), বলদেব (বলোদেব্), বলবান (বলোবান্), বলদ (বলোদ্), বড় (বড়ো), বড়শী (বোড়্শি), বলয়িত (বলোয়িতো), বহুব্রীহি (বোহুব্‌ব্রিহি), বধির (বোধির্) বন্ধন (বন্‌ধোন্), বন্ধু (বোন্‌ধু), বালক (বালোক্), বালার্ক (বালার্‌কো), বুদ্ধি (বুদ্‌ধি), বুধ (বুধ্), বুভুক্ষা (বুভুক্‌খা), ব্রহ্মপুত্র (ব্রোম্‌হোপুত্‌ত্রো/ব্রোমmhoপুত্‌ত্রো), বাহ্য (বাজ্‌ঝো), বিন্দু (বিন্‌দু), বুদ্বুদ (বুদ্‌বুদ্), বৌদ্ধ (বোউদ্‌ধো) ইত্যাদি।

**অন্তঃস্থ 'ব্'** ঃ বংশ (বঙশো), বক (বক্), বকুল (বোকুল্), বকতব্য (বক্‌তোব্‌বো), বক্র (বক্‌ক্রো), বক্ষ (বোক্‌খো), বঙ্কিম (বোঙকিম্), বঙ্গ (বঙগো), বচন (বচোন্), বজ্র (বজ্‌জ্রো), বদান্য (বদান্‌নো), বধূ (বোধু), বনিতা (বোনিতা), বর (বর্), বরুণ (বোরুন্), বরেণ্য (বরেন্‌নো), বরেন্দ্র (বরেন্‌দ্রো), বর্গীয় (বোর্‌গিয়ো), বর্ণ (বর্‌নো), বশ্যতা (বোশ্‌শোতা), বসুধা (বোশুধা), বাক্য (বাক্‌কো), বাগ্মী (বাগ্‌মি), বাচনিক (বাচোনিক্), বাসনা (বাশোনা), বিদ্যা (বিদ্‌দা), বিশ্ব (বিশ্‌শো), বর্তমান (বর্‌তোমান্), বহমান (বহোমান্) ইত্যাদি।

ফলে 'ব'-এর স্বরূপনির্ণয়ে মুহম্মদ আবদুল হাইয়ের সিদ্ধান্ত স্মর্তব্য ঃ 'বাংলায় অন্তঃস্থ 'ব' শুধু নামেই আছে বর্গীয় 'ব' এর সঙ্গে তার সাদৃশ্যগত কোন তফাৎ নেই।'

(৮) **শ, ষ, স ঃ** এ তিনটি 'শ' বাঙলা ভাষার উচ্চারণে কেবল বিশেষ বিশেষণে বিশেষিত। যথা, তালব্য শ, মূর্ধন্য ষ এবং দন্ত্য 'স'। আসলে এ তিনটি 'শ'-ই 'শ' (ইংরেজীর 'sh') -এর মতো উচ্চারিত। প্রাচীনকালে এগুলোর পৃথক উচ্চারণ ছিল কিন্তু আধুনিক বাঙলা ভাষায় প্রতিটি 'শ'-ই "বাংলার শিস জাতীয় মূলধ্বনি (phoneme)।" কেবল 'ত, থ, ন, র, ল - এর পূর্ববর্তী ধ্বনি হিসেবে 'শ'এর দন্ত্য স (স) ধ্বনির উচ্চারণ শোনা যায়। এটাকে 'শ' - এর দন্ত্য সহধ্বনি বা পূরক ধ্বনি (allophone) বলা যায়। যথা ঃ

ত ঃ সমস্ত (শোমোস্‌তো/শমোস্‌তো), ব্যস্ত (ব্যাস্‌তো), গ্রস্ত (গ্রোস্‌তো), মস্তক (মস্‌তক্/-তোক্), বস্তি (বোস্‌তি), আস্তে (আস্‌তে), রাস্তা (রাস্‌তা), কাস্তে (কাস্‌তে), দস্তা (দস্‌তা) ইত্যাদি।

থ ঃ আস্থা (আস্‌থা), স্থান (স্থান্), সুস্থ (শুস্‌থো), উপস্থিত (উপোস্‌থিত্), অস্থাবর (অস্‌থাবোর্), ব্যবস্থা (ব্যাবোস্‌থা), মুখস্থ (মুখোস্‌থো) ইত্যাদি।

ন ঃ স্নান (স্নান্), স্নেহ (স্নেহো), প্রশ্ন (প্রোস্নো), স্নায়োবিক (স্নায়োবিক্), স্নিগ্ধ (স্নিগ্ধো) ইত্যাদি।

র ঃ শ্রদ্ধা (স্রোদ্ধা), শ্রবণী (স্রোবোনি), শ্রম (স্রোম্), শ্রব্য (স্রোব্বো), শৃঙ্গ (সৃঙগো) শৃঙ্খল (সৃঙখল্), শৃগাল (সৃগাল্), শ্রাবণ (স্রাবোন্), শ্রোতা (স্রোতা), স্রোত (স্রোতো/স্রোত্), শ্রুতি (স্রুতি), শ্রেষ্ঠ (স্রেশ্ঠো), শ্রেয়সী (স্রেয়োশি), বিশ্রী (বিস্স্রি), শ্রী (স্রি) ইত্যাদি।

ল ঃ শ্লাঘা (স্লাঘা), সংশ্লিষ্ট (শঙস্লিশ্টো), অশ্লীল (অস্স্লিল্), শ্লেষ (স্লেশ্), শ্লেষ্মা (স্লেশ্শাঁ), শ্লোক (স্লোক্), শ্লথগতি (স্লোথোগোতি/স্লথোগোতি) ইত্যাদি।

(৯) **ং (অনুস্বার) ঃ** আধুনিক বাঙলা ভাষার উচ্চারণগত দিক থেকে 'ং' (অনুস্বার) এবং 'ঙ' সম্পূর্ণ অভিন্ন। সংস্কৃতে 'ং' (অনুস্বার) যে-বর্ণের পরে সংযুক্ত হতো, সে-স্বরবর্ণকে আংশিকভাবে সানুনাসিক করে দিতো। বাঙলাভাষায় 'ং' (অনুস্বার) এবং 'ঙ''-র উচ্চারণ সর্বত্র 'অঙ' (অঙ) যথা ঃ অংশ (অঙশো), বংশ (বঙশো), কংস (কঙশো), হংস (হঙশো), অংশী (ওঙশি), জংলা (জঙলা), দংশ (দঙশো), মাংস (মাঙশো), রং (রঙ), শংখ (শঙখো), শংসা (শঙশা), সংক্ষিপ্ত (শঙখিপ্তো), সংগ্রহ (শঙগ্রোহো), সংগ্রাম (শঙগ্রাম্), সংজ্ঞা (শঙগাঁ), সংবর্ত (শঙবর্তো) ইত্যাদি।

(১০) **'ঃ' (বিসর্গ) ঃ** সংস্কৃত 'ঃ' (বিসর্গ) এর উচ্চারণ ছিল অনেকটা 'অর্ধ—হ্'-এর মতো। বাঙলায় কেবল বিস্ময়-সূচক অব্যয়ের ক্ষেত্রে আমরা প্রাচীনকালের 'ঃ' (বিসর্গ) উচ্চারণের রেশ শুনতে পাই। যেমন ঃ আঃ (আহ্), বাঃ (বাহ্), উঃ (উহ্), ওঃ (ওহ্) ইত্যাদি।

এ-ব্যতিরেকে আধুনিক বাঙলাভাষায় 'ঃ' (বিসর্গ) -এর উচ্চারণ সাধারণত হয় না (আধুনিক বাঙলা বানানেও এর প্রভাব লক্ষ্যযোগ্য)। তবে শব্দের অন্তিমে বিসর্গ থাকলে সংস্কৃতের মতো সর্বত্র অর্ধ- 'হ্' উচ্চারিত না হলেও শেষের 'অ' -এর উচ্চারণ 'ও'কারান্ত হয়ে থাকে। যথা ঃ বিশেষতঃ (বিশেশতো ), বস্তুতঃ (বোস্তুতো), সাধারণতঃ (শাধারনতো), প্রায়শঃ (প্রায়শো/প্রায়োশো), মূলতঃ (মুলতো), প্রথমতঃ (প্রোথোমতো), প্রধানতঃ (প্রোধানতো), প্রণতঃ (প্রোনতো) ইত্যাদি।

পদের মধ্যে বিসর্গ (ঃ) থাকলে, বাঙলা উচ্চারণে, বিসর্গ-পরবর্তী ব্যঞ্জনবর্ণটি দু'বার উচ্চারিত হয়ে থাকে। যথা ঃ অতঃপর (অতোপ্পর্), নিঃসঙ্গ (নিশ্শঙগো), নিঃশেষ (নিশ্শেশ্), নিঃসন্তান (নিশ্শন্তান্), নিঃসম্বল (নিশ্শম্বল্/-বোল্), দুঃখ (দুক্খো); অন্তঃসার (অনতোশ্শার্), দুঃসময় ((দুশ্শময়্), পুনঃপুনঃ (পুনোপ্পুনো), দুঃসাহস(দুশ্শাহোশ্) ইত্যাদি।

(১১) (চন্দ্রবিন্দু) ঃ এ-ধ্বনিটির ভূমিকা প্রসঙ্গে মুহম্মদ আবদুল হাই-এর মন্তব্য ঃ " বাংলায় স্বরধ্বনিকে সানুনাসিক করার চিহ্ন ( ँ ) চন্দ্রবিন্দু ; ইংরেজি নাম moon -dot। " এ–সব অনুনাসিক স্বরধ্বনি উচ্চারিত হয় নাক ও মুখের মিলিত দ্যোতনায় ("Combined resonance of nose and mouth")। একে অনেকে 'নাকীসুরে' উচ্চারণ ব'লে থাকেন। বাঙলাদেশের সবর্ত্র এ–উচ্চারণ নিখুঁত হয় না (এমনকি বহু শিক্ষিত লোকেরও)। কিন্তু এর উচ্চারণ বিকৃতি বা বিলুপ্তির জন্যে শব্দের অর্থগত বিপর্যয় অনিবার্য হ'য়ে ওঠে। যথা ঃ

কাদা (কর্দম), কাঁদা (ক্রন্দন), শাখা (ডাল), শাঁখা (শঙ্খ), রাধা (রাধিকা), রাঁধা (রন্ধন), পাক (পবিত্র, রান্না), পাঁক (পঙ্ক), কুড়ি (বিশ), কুঁড়ি (<কুট্মল, মুকুল), বাধা (প্রতিবন্ধক ), বাঁধা (বন্ধন), ফোড়া (স্ফোটক, ব্রণ), ফোঁড়া (ছিদ্র করা), ছাদ (আচ্ছাদনী), ছাঁদ ( ছন্দ, গঠন, ধরন), দাড়ি (শ্মশ্রু), দাঁড়ি (তুলাদণ্ড), তাত (আঁচ, উষ্ণতা), তাঁত (তন্তু, কাপড় বোনার যন্ত্র), চাচা (কাকা, পিতৃব্য), চাঁচা (মার্জিত), গাঁদা (ফুলবিশেষ), গাদা (ঠাসা), গাঁথা (গ্রন্থন করা), গাথা (পালাগান), কুড়া (বিঘা), কুঁড়া (তুষ, চাউলের কণা), বাঁটা (বন্টন করা), বাটা (পেষণ করা), গোঁড়া (অন্ধবিশ্বাসী) গোড়া (মূল, শিকড়), চাই (প্রয়োজন), চাঁই (ঝানু, প্রধান, সর্দার), বাস (সৌরভ), বাঁশ [বংশ (bamboo)], কাটা (ছেদন, কর্তন, বিভকত), কাঁটা (কন্টক), ফোঁটা (বিন্দু, তিলক), ফোটা (বিকশিত হওয়া), খাঁড়া (খড়্গ), খাড়া (সোজা), খাঁট (শঠ), খাট (খাটিয়া) ইত্যাদি।

এক্ষেত্রে একটি বিষয় লক্ষণীয়। যেসব মূল শব্দ বর্গের পঞ্চম বর্ণ–সহযোগে (ঙ, ঞ, ণ, ম ) গঠিত, সেসব শব্দের পরিবর্তিত (তদ্ভব) রূপেই সাধারণত নাসিক্য ( ँ ) প্রতীক ব্যবহৃত হয়। যথা ঃ চাঁদ (< চন্দ্র), বাঁশ (<বংশ), ছাঁদ (< ছন্দ), দাঁত (< দন্ত), কাঁটা (< কন্টক), ষাঁড় (< ষণ্ড), ভাঁড় (< ভাণ্ড), দাঁড় (< দণ্ড), পাঁচ (< পঞ্চ), আঁচল (< অঞ্চল), আঁধার (অন্ধকার) ইত্যাদি।

**'ফলা' বা যুক্ত ব্যঞ্জনবর্ণের উচ্চারণ–বৈশিষ্ট্য ঃ**

ধ্বনিতত্ত্ববিদ মুহম্মদ আবদুল–হাই এর হিসেবমতো 'বাংলায় আড়াইশ'র মতো যুক্তাক্ষর রয়েছে ; কিন্তু যথার্থ যুকত ব্যঞ্জনধ্বনি বা Consonant cluster রয়েছে মাত্র ছত্রিশটি।" এখানে 'আড়াইশো' বা 'ছত্রিশ' কোনটির বিশদ ব্যাখ্যায় না গিয়ে উচ্চারণগত দিক থেকে যেসব যুকতাক্ষর বা 'ফলা' আধুনিক বাঙলা ভাষায় নানা বৈচিত্র্য সৃষ্টি করে তার কতিপয় 'ফলা' বা যুকত ব্যঞ্জনবর্ণ নিয়ে কেবল আলোচনা হবে।

(১২) **ব – ফলা ঃ**

(ক) পদের আদ্য ব্যঞ্জনবর্ণে ব-ফলা সংযুক্ত হলে সাধারণত সে ব-ফলার কোন উচ্চারণ হয় না (তবে আদি বর্ণটির উচ্চারণে সামান্য ঝোঁক বা শ্বাসাঘাত পড়ে থাকে)। যথা ঃ স্বাধিকার (শাধিকার্), স্বদেশ (শদেশ্), জ্বালা (জালা), ত্বক (তক্), শ্বাপদ (শাপদ্), শ্বাস (শাশ্), ধ্বনি (ধোনি), স্বামী (শামি), স্বাগত (শাগতো) *সংস্কৃতে এসব অন্তঃস্থ 'ব্'-এর উচ্চারণ ছিল নির্ধারিত (যথা ঃ সুয়াধিকার্, সুয়দেশ্, তুয়ক্, শুয়াস্ ইত্যাদি)।

(খ) বাঙলা উচ্চারণের রীতি-অনুসারে পদের মধ্যে কিংবা শেষে 'ব' ফলা থাকলে সংযুক্ত বর্ণের উচ্চারণ দ্বিত্ব ঘটে থাকে। যথা ঃ দ্বিত্ব (দিত্তো), বিশ্ব (বিশ্শো), বিশ্বাস (বিশ্শাশ্), বিদ্বান (বিদ্দান্), পক্ব (পক্কো), রাজত্ব (রাজত্তো/রাজোত্তো), বিধ্বস্ত (বিদ্ধস্তো), পৃথ্বী (পৃত্থি), দাসত্ব (দাশত্তো /দাশোত্তো), প্রজ্বলিত (প্রোজ্জোলিতো), অদ্বিতীয় (অদ্দিতিয়ো); অশ্ব (অশ্শো), আশ্বিন (আশ্শিন্) ইত্যাদি।

(গ) উৎ (উদ্), উপসর্গযোগে গঠিত শব্দের 'ৎ' (দ্)-এর সঙ্গে 'ব' - ফলার 'ব' বাঙলা-উচ্চারণে সাধারণত অবিকৃত থাকে। যথা ঃ উদ্বেগ (উদ্বেগ্), উদ্বোধন (উদ্বোধোন্), উদ্বমন (উদ্বমোন্) উদ্বর্তন (উদ্বর্তন্/-তোন্), উদ্বেলিত (উদ্বেলিতো), উদ্বন্ধন (উদ্বন্ধোন্), উদ্বাস্তু (উদ্বাস্তু), উদ্বিগ্ন( উদ্বিগ্নো), উদ্বিড়াল (উদ্বিড়াল্), উদ্বাহু (উদ্বাহু), উদবৃত্ত (উদ্বৃত্তো), উদ্বিগ্ন (উদ্বিগ্নো) ইত্যাদি।

(ঘ) বাঙলা শব্দে ক্ থেকে সন্ধির সূত্রে আগত-'গ্'এর সঙ্গে 'ব'-ফলা যুক্ত হলে সেক্ষেত্রে 'ব'-এর উচ্চারণ প্রায়শ অক্ষত থাকে। যথা ঃ দিগ্বিদিক (দিগ্বিদিক্), দিগ্বধূ (দিগ্বোধু), দিগ্বসনা (দিগ্বশোনা), দিগ্বলয় (দিগ্বলয়্), দিগ্বালিকা (দিগ্বালিকা), দিগ্বিজয় (দিগ্বিজয়্), ঋগ্বেদ (রিগ্বেদ্) ইত্যাদি।

(ঙ) এছাড়া 'ব'-এর সঙ্গে এবং 'ম'-এর সঙ্গে 'ব'-ফলা যুক্ত হলে, সে 'ব'-এর উচ্চারণ অবিকৃত থাকে। যথা ঃ ব-এর সঙ্গে ঃ বাব্বা (বাব্বা), সব্বাই (শব্বাই), সাব্বাশ (শাব্বাশ্), তিব্বত (তিব্বত), নব্বুই (নোব্বুই) ইত্যাদি।

'ম' এর সঙ্গে ঃ বিম্ব (বিম্বো), লম্ব (লম্বো), বুম্বা (বুম্বা), অম্বা (অম্বা), হাম্বা (হাম্বা) নীলাম্বরী (নিলাম্বোরি), সম্বর্ধনা

(শম্‌বর্‌ধোনা), নিতম্ব (নিতম্‌বো), গম্বুজ (গোম্‌বুজ্‌), কম্বু (কোম্‌বু), অম্বর (অম্‌বর্‌), ত্র্যম্বক (ত্রোম্‌বক্‌/ত্রম্‌বক) সম্বন্ধী (শম্‌বোন্‌ধি), সম্বরণ (শম্‌বরোন্‌), সম্বল (শম্‌বোল্‌/-বল্‌), সম্বিত (শোম্‌বিত্‌), সম্বোধন (শম্‌বোধোন্‌), শম্বুক (শোম্‌বুক্‌), ইত্যাদি।

* তবে এ প্রসঙ্গে স্মর্তব্য যে 'ব'-ফলা, যুক্ত-ব্যঞ্জনবর্ণের সঙ্গে সংযুক্ত হলে তার কোন উচ্চারণ হয় না।যথা ঃ উচ্ছ্বাস (উচ্‌ছাশ্‌), উজ্জ্বল (উজ্‌জল্‌), দ্বন্দ্ব (দন্‌দো), সান্ত্বনা (শান্‌তোনা), আমসত্ত্ব (আম্‌শত্‌তো), অন্তর্দ্বার (অন্‌তোর্‌দার্‌), পার্শ্ববর্তী (পার্‌শোবোর্‌তি), ইক্ষ্বাকু (ইক্‌খাকু), তত্ত্ব (তত্‌তো), প্রক্ষ্বেড়ন (প্রোক্‌খেড়ন্‌), অন্তর্দ্বন্দ্ব (অন্‌তোর্‌দন্‌দো) ইত্যাদি।

(১৩) 'ম' –ফলা ঃ

(ক) পদের আদ্য ব্যঞ্জনবর্ণে 'ম'-ফলা সংযুক্ত হ'লে সাধারণত তার কোন উচ্চারণ হয় না, তবে প্রমিত উচ্চারণে 'ম'-ফলাযুক্ত বর্ণটি সামান্য নাসিক্য-প্রভাবিত হ'য়ে ওঠে। যথা ঃ স্মরণ (শঁরোন্‌), শ্মশান (শঁশান্‌), স্মর্তব্য (শঁর্‌তোর্‌বো/শোঁর্‌তোব্‌বো),স্মার্ত (শাঁর্‌তো), স্মৃতি (সৃঁতি), শ্মশ্রু (শোঁস্‌স্রু), স্মারক (শাঁরোক্‌) ইত্যাদি।

(খ) পদের মধ্যে বা অন্তে 'ম'-ফলা-সংযুক্ত বর্ণের দ্বিত্ব উচ্চারণ হয়ে থাকে। তবে এই 'ম' যেহেতু অনুনাসিক ধ্বনি সেজন্যে দ্বিত্ব উচ্চারিত শেষ ধ্বনিটি সাধারণত সামান্য নাসিক্য-প্রভাবিত হয়। যথা ঃ ছদ্ম (ছদ্‌দোঁ), পদ্ম (পদ্‌দোঁ), আত্ম (আত্‌তোঁ),অকস্মাৎ (অকোশ্‌শাঁত), ভস্ম (ভশ্‌শোঁ), রশ্মি (রোশ্‌শিঁ), মহাত্মা (মহাত্‌তাঁ), আকস্মিক (আকোশ্‌শিঁক), কস্মিন (কোশ্‌শিঁন্‌), বিস্ময় (বিশ্‌শঁয়্‌), রুক্মিণী (রুক্‌কিঁনি), বিস্মরণ (বিশ্‌শঁরোন্‌) ইত্যাদি।

(গ) কিন্তু বাঙলা ভাষায় পদের মধ্যে কিংবা অন্তে সবর্ত্র 'ম' ফলা যুক্ত ব্যঞ্জনবর্ণটির দ্বিত্ব উচ্চারণ হয় না ; গ, ঙ, ট, ণ, ন, ম এবং ল – এর সঙ্গে সংযুক্ত 'ম'-এর উচ্চারণ সাধারণত অবিকৃত থাকে। যথা ঃ

গ্‌ + ম – ফলা ঃ বাগ্মী (বাগ্‌মি), যুগ্ম (জুগ্‌মো)

ঙ + ম –ফলা ঃ বাঙ্ময় (বাঙময়্‌), বাঙ্মতী (বাঙমোতি); বাঙ্মুখ (বাঙমুখ্‌)

ট্‌ + ম – ফলা ঃ কুট্মল (কুট্‌মল্‌), কুট্মলিত (কুট্‌মোলিতো)

ণ্ + ম – ফলা ঃ হিরণ্ময় (হিরন্‌ময়), মৃণ্ময় (মৃন্‌ময়), ষাণ্মাসিক (শান্‌মাশিক)

ন্ +ম – ফলা ঃ উন্মাদ (উন্‌মাদ্), উন্মার্গ (উন্‌মার্‌গো), চিন্ময় (চিন্‌ময়্), জগন্ময় (জগোন্‌ময়্), জন্ম (জন্‌মো)

ম্ + ম –ফলা ঃ সম্মান (শম্‌মান্), সম্মতি (শম্‌মোতি)

ল্ + ম –ফলা ঃ গুল্ম (গুল্‌মো), বাল্মীকি (বাল্‌মিকি), বল্মীক (বোল্‌মিক্), শাল্মলী,–লি (শাল্‌মোলি) ইত্যাদি।

(ঘ) যুক্ত ব্যঞ্জনবর্ণের সঙ্গে সংযুক্ত 'ম'–ফলার কোন উচ্চারণ হয় না, তবে এক্ষেত্রেও যুক্ত ব্যঞ্জনবর্ণের শেষ বর্ণটিকে প্রমিত উচ্চারণে সামান্য সানুনাসিক ক'রে তোলে। যথা ঃ

সূক্ষ্ম – (শুক্‌খোঁ), লক্ষ্মী (লোক্‌খি), লক্ষ্মণ (লক্‌খোঁন্), যক্ষ্মা (জক্‌খাঁ) ইত্যাদি।

(ঙ) এ ছাড়া বাঙলা ভাষায় ব্যবহৃত 'ম'–ফলাযুক্ত কতিপয় সংস্কৃত শব্দ আছে (কৃতঋণ শব্দ) যার বানান যেমন অবিকৃত, উচ্চারণেও সংস্কৃত রীতি অনুসৃত। যথা ঃ কুষ্মাণ্ড [কুশ্‌মান্‌ডো (বাঙলা রীতিতে হওয়া উচিত 'কুশ্‌শাঁন্‌ডো')], স্মিত [স্মিতো (বাঙলা রীতিতে 'শিঁতো)], শুচিস্মিতা [শুচিশ্‌মিতা ('শুচিশ্‌শিঁতা' নয়)], সুস্মিতা [শুস্‌মিতা' (শুশ্‌শিঁতা' নয়)], কাশ্মীর (কাশ্‌মির্), আয়ুষ্মতী (আয়ুশ্‌মোতি) ইত্যাদি।

(১৪) **য' – (্য) –ফলা ঃ**

(ক) '্য' (য)–ফলা সবর্ত্র অন্য বর্ণের সঙ্গেই যুক্ত হয়ে থাকে। বাঙলা ভাষায় এ–ফলাটি কখনও সংস্কৃতের মতো 'ইঅ' উচ্চারণ গ্রহণ করে না। তবে পদের আদ্য বর্ণে '্য' (য)–ফলা যুক্ত হলে বর্ণটির উচ্চারণে সামান্য শ্বাসাঘাত পড়ে এবং বর্ণটি 'অ'–কারান্ত বা 'আ' –কারান্ত হলে প্রায়শ তার উচ্চারণ 'এ্যা'–কারান্ত হয়ে থাকে। যথা ঃ ব্যকত (ব্যাক্‌তো), ব্যর্থ (ব্যার্‌থো), ব্যগ্র (ব্যাগ্‌গ্রো), ব্যবস্থা, (ব্যাবোস্‌থা), ন্যস্ত (ন্যাস্‌তো), ব্যস্ত (ব্যাস্‌তো), ব্যথা (ব্যাথা), ব্যবসা (ব্যাবোশা/ব্যাব্‌শা), ব্যপদেশ (ব্যাপোদেশ্), ব্যবধান (ব্যাবোধান্), ত্যকত (ত্যাক্‌তো), ব্যাঙ (ব্যাঙ), ব্যাকরণ (ব্যাকরোন্), খ্যাত (খ্যাতো), ব্যাঘাত (ব্যাঘাত্), ব্যাঘ্র (ব্যাগ্‌ঘ্রো), ব্যাধ (ব্যাধ্), শ্যামল (শ্যামল্/শ্যামোল্), ন্যায় (ন্যায়্), ন্যায্য (ন্যাজ্‌জো) ধ্যান (ধ্যান্), ব্যাহত (ব্যাহতো) ইত্যাদি।

* কিন্তু পদের আদ্য ('অ' কারান্ত) বর্ণের সঙ্গে সংযুক্ত '্য' (য) – ফলার পরে যদি 'ই (ি)'–কার (হ্রস্ব বা দীর্ঘ) থাকে তবে সে –

ক্ষেত্রে তার উচ্চারণ সাধারণত এ্যা-কার না হ'য়ে এ (ে)-কারান্ত হয়। যথা ঃ ব্যথিত (বেথিতো), ব্যতীত (বেতিতো), ত্যজিয়া (তেজিয়া), ব্যক্তি (বেক্‌তি), ব্যতিক্রম (বেতিক্‌ক্রোম্‌), ব্যতিব্যস্ত (বেতিব্‌ব্যাস্‌তো), অপব্যয়ী (অপোব্‌বেয়ি), ব্যক্তিত্ব (বেক্‌তিত্‌তো) ইত্যাদি।

(খ) পদের মধ্য কিংবা অন্তে যুক্ত-ব্যঞ্জনবর্ণের সঙ্গে ্য (য) ফলা সংযুক্ত হলে সাধারণত তার কোন উচ্চারণ থাকে না। যথা ঃ সন্ধ্যা (শোন্‌ধা), স্বাস্থ্য (শাস্‌থো), সন্ন্যাসী (শোন্‌নাশি), মর্ত্য - (মর্‌তো), হর্ম্য (হর্‌মো), বন্ধ্যা (বন্‌ধা), অর্ঘ্য (অর্‌ঘো), কণ্ঠ্য (কন্‌ঠো), অন্ত্য (অন্‌তো) ইত্যাদি।

* সংযুক্ত বর্ণে ্য (য)-ফলা যুক্ত হ'লে তার যেমন উচ্চারণ হয় না, তেমনি তার পূর্ববর্তী অ-কারান্ত বর্ণগুলোকে হয়তো তেমন প্রভাবিত করে না, অর্থাৎ প্রায়শ 'ও' -কারান্ত উচ্চারিত হচ্ছে না। (স্মর্তব্য ঃ মর্ত্য, অর্ঘ্য, বন্ধ্যা, কণ্ঠ্য, অন্ত্য ইত্যাদি)।

(গ) পদের মধ্য ও অন্ত্য বর্ণে ্য (য-ফলা) সংযুক্ত হ'লে সেবর্ণটি দু'বার উচ্চারিত হয় (বর্ণটি অল্পপ্রাণ হ'লে প্রথমটি হসন্ত, দ্বিতীয়বার ও -কারান্ত, আর মহাপ্রাণ হ'লে প্রথমটি তার অল্পপ্রাণ হসন্ত এবং দ্বিতীয়টি মহাপ্রাণ ও-কারান্ত)। যথা ঃ

অদ্য (ওদ্‌দো), মধ্য (মোদ্‌ধো), ধন্য (ধোন্‌নো), শস্য (শোশ্‌শো), সভ্য (শোব্‌ভো), সত্য (শোত্‌তো), কন্যা (কোন্‌না), বন্যা (বোন্‌না ), শূন্য (শুন্‌নো), নব্য (নোব্‌বো), গদ্য (গোদ্‌দো), পদ্য (পোদ্‌দো), লভ্য (লোব্‌ভো), সাধ্য (শাদ্‌ধো), বাধ্য (বাদ্‌ধো) কল্যাণ (কোলল্যান্‌/-লান্‌), পণ্য (পোন্‌নো), গণ্য (গোন্‌নো), তথ্য (তোত্‌থো), কথ্য (কোত্‌থো) ইত্যাদি।

## (১৫) ্র (র) -ফলা ঃ

(ক) আদ্য 'অ'-আলোচনায় আমরা উল্লেখ করেছি, পদের আদ্য ব্যঞ্জনবর্ণের সঙ্গে ্র (র)-ফলা সংযুক্ত হ'লে (এবং বর্ণটিতে অন্য স্বরবর্ণ যুক্ত না থাকলে) তার উচ্চারণ 'ও'-কারান্ত হ'য়ে থাকে, সে-বর্ণের দ্বিত্ব উচ্চারণ হয় না। যথা ঃ

প্রকাশ (প্রোকাশ্‌), প্রণাম (প্রোনাম্‌), গ্রন্থ (গ্রোন্‌থো), গ্রহ (গ্রোহো), প্রতিজ্ঞা (প্রোতিগ্‌গাঁ), প্রজ্ঞা (প্রোগ্‌গাঁ), ব্রত (ব্রোতো), ক্রম (ক্রোম্‌), শ্রম (স্রোম্‌) ইত্যাদি।

(খ) কিন্তু ্র (র) ফলা যদি পদের মধ্য কিংবা অন্ত্য ব্যঞ্জনবর্ণের সঙ্গে সংযুক্ত হয় তবে সে-বর্ণটির দ্বিত্ব উচ্চারণ হ'য়ে থাকে। যথা ঃ বিদ্রোহ (বিদ্‌দ্রোহো), যাত্রী (জাত্‌ত্রি), রাত্রি (রাত্‌ত্রি), ছাত্র (ছাত্‌ত্রো), মাত্র (মাত্‌ত্রো), অভ্র (অব্‌ভ্রো), তীব্র (তিব্‌ব্রো), নম্র (নম্‌ম্রো), বজ্র (বজ্‌জ্রো), ধরিত্রী (ধোরিত্‌ত্রি), ধাত্রী (ধাত্‌ত্রি) ইত্যাদি।

* তবে এখানে স্মরণ রাখা প্রয়োজন, ্র (র) ফলা এবং ৃ ঋ-কার-সংযুক্ত ব্যঞ্জনবর্ণ শব্দের আদিতে অনেকটা এক রীতিতে (দ্বিত্বহীন) উচ্চারিত হলেও পদের মধ্যে এবং অন্তে এদের মধ্যে উচ্চারণ-পার্থক্য ঘটে থাকে। অর্থাৎ পদের মধ্য বা অন্ত্য ্র (র) - ফলাযুক্ত বর্ণের দ্বিত্ব উচ্চারণ বিধেয় হ'লেও ৃ (ঋ) যুক্ত বর্ণের দু'বার উচ্চারণ সমীচীন নয় (কারণ এতে বহুক্ষেত্রে অর্থেরও বির্পযয় ঘটে থাকে)। যথা ঃ

বিক্রীত (বিক্‌ক্রিতো,—যা বিক্রয় করা হয়েছে), বিকৃত (বিকৃতো—রূপান্তরিত, বিরূপতাপ্রাপ্ত), নেতৃ (নেতৃ—পরিচালক, পথপ্রদর্শক), নেত্রী (নেত্‌ত্রি—পরিচালিকা), অভিনেতৃ (ওভিনেতৃ — অভিনয়কারী, অভিনেতা), অভিনেত্রী — (ওভিনেত্‌ত্রি — অভিনয়কারিণী, মহিলা শিল্পী) ইত্যাদি।

ফলে 'ৃ' (ঋ)-কার সংযুক্ত বর্ণের উচ্চারণে দ্বিত্ব হওয়া উচিত নয়। উদ্ধৃতশব্দগুলোর উচ্চারিত রূপ ঃ আবৃত্তি (আবৃত্‌তি), প্রকৃত (প্রোকৃতো), স্বীকৃতি (শিকৃতি), অমৃত (অমৃতো), নিভৃত (নিভৃতো), ছায়াবৃতা (ছায়াবৃতা), মাতৃভাষা ( মাতৃভাশা), আদৃত (আদৃতো), অদৃষ্ট (অদৃশ্‌টো), অদৃশ্য ( অদৃশ্‌শো), আকৃষ্ট (আকৃশ্‌টো) ইত্যাদি।তবে আধুনিক বাঙলা -উচ্চারণে কিছু ক্ষেত্রে ৃ (ঋ) -কার -'যুক্ত বর্ণের দ্বিত্ব -উচ্চারণ অনেকেই স্বীকার করেন। যেমনঃ মসৃন (মোস্‌সৃন), অপসৃত (অপোস্‌সৃতো), আদৃত (আদ্‌দৃতো) ইত্যাদি।

(গ) সংযুক্ত বর্ণে ্র, (র) -ফলা যুক্ত হলে তার উচ্চারণ বিলুপ্ত হয় না (যদিও সে-বর্ণটির উচ্চারণ দ্বিত্ব ঘটে না),। যথা ঃ কম্প্র (কম্‌প্রো), অন্ধ্র (অন্‌ধ্রো), কৃচ্ছ্র (কৃচ্‌ছ্রো), কেন্দ্র (কেন্‌দ্রো), পুরন্ধ্রী (পুরোন্‌ধ্রি), যন্ত্র (জন্‌ত্রো), অস্ত্র (অস্‌ত্রো), শস্ত্র (শস্‌ত্রো) ইত্যাদি।

(১৬) **ল – ফলা ঃ**

(ক) পদের আদিতে বা প্রথমে 'ল' –ফলা সংযুক্ত ব্যঞ্জন বর্ণের উচ্চারণ প্রায়শ অবিকৃত থাকে এবং কোন দ্বিত্ব উচ্চারণ হয় না। যথা ঃ ক্লান্ত (ক্লান্‌তো), ম্লান (ম্লান্), প্লুত (প্লুতো), প্লীহা (প্লিহা), প্লাবন (প্লাবোন্), প্লব (প্লব্), ক্লেশ (ক্লেশ্), গ্লানি (গ্লানি) ইত্যাদি।

(খ) কিন্তু 'ল' –ফলা সংযুক্ত বর্ণটি যখন পদের মধ্যে বা অন্তে বসে তখন তার উচ্চারণে 'র ( ্র)' –ফলার মতোই দ্বিত্ব হয়। যথা ঃ–

অক্লান্ত (অকক্লান্‌তো), অম্লান (অমম্লান্), আপ্লুত (আপ্‌প্লুতো), বিপ্লব (বিপ্‌প্লব্), অক্লেশে (অক্‌ক্লেশে), শুক্লপক্ষ (শুক্‌ক্লোপোক্‌খো), আত্মগ্লানি (আত্‌তোঁগগ্লানি) ইত্যাদি।

* পূর্বেই উল্লেখ করা হয়েছে 'ল' যেহেতু দন্তমূলীয় (পার্শ্বিক অল্পপ্রাণ ঘোষ) ধ্বনি সেজন্যে এর সঙ্গে সংযুক্ত 'শ' –এর উচ্চারণ দন্ত্য–স বা ইংরেজী s–এর মতো হওয়াই বাঞ্ছনীয়। যেমনঃ শ্লথ (স্লোথো/স্লথো), আত্মশ্লাঘা (আত্‌তোঁস্‌স্লাঘা), অশ্লীল (অস্‌স্লিল্), শ্লেষ্মা (স্লেশ্‌শাঁ), শ্লেষ (স্লেশ্) ইত্যাদি।

(১৭) **'হ' সংযুক্ত ব্যঞ্জন বর্ণের উচ্চারণ ঃ**

প্রখ্যাত ধ্বনিতত্ত্ববিদ মুহম্মদ আবদুল হাই 'হ' – কে চিহ্নিত করেছন, আন্তঃস্বরযন্ত্রীয় বা কণ্ঠনালীয় মহাপ্রাণ ঘোষধ্বনি রূপে। এই –'হ' যখন স্বাধীন বা স্বতন্ত্র বর্ণরূপে পদে ব্যবহৃত হয় তখন উচ্চারণে কোন সমস্যারই সৃষ্টি হয় না কিন্তু এই বর্ণটি যখন 'ৃ' (ঋ) , ণ,ন, ম, য, (্য) –ফলা র ( ্র), ল,ব ইত্যাদির সঙ্গে যুক্ত হয়ে পদে সংযুক্ত ব্যঞ্জনবর্ণের মতো ব্যবহৃত হয়, তখন উচ্চারণে নানাবিধ সমস্যা অনিবার্য হয়ে ওঠে। ফলে আমরা এবারে 'হ' যুক্ত ব্যঞ্জনবর্ণের উচ্চারণ বৈশিষ্ট্য আলোচনা করবো।

প্রথমেই মনে রাখা প্রয়োজন, 'হ'–যুক্ত ব্যঞ্জনবর্ণকে 'হ' ধ্বনিটি মূলত মহাপ্রাণতা দান করে। যেখানে ব্যঞ্জনবর্ণটির নিজস্ব মহাপ্রাণ বর্ণ নেই সেখানে 'হ' নিজে তার সঙ্গে যুক্ত হয়ে মহাপ্রাণের মতো করে তোলে। সংযুক্ত 'হ' বহুক্ষেত্রে উচ্চারণে স্থান পরিবর্তন করে এবং বর্ণে মহাপ্রাণ সঞ্চার ও উচ্চারণ দ্বিত্ব বোধক করে থাকে। স্বতন্ত্র উদাহরণে বিষয়টি স্পষ্ট হতে পারে।

(ক) **'হ' –এর সঙ্গে 'ৃ' (ঋ) –কার ঃ**

বস্তুত 'হ' এর সঙ্গে 'ৃ' (ঋ)–কার, ্র(র)–ফলা কিংবা 'র্' রেফ সংযুক্ত হলে 'হ' নয় 'র'-ই মহাপ্রাণ হয়ে ওঠে। [তবে 'ৃ'(ঋ) যেহেতু 'কার' ফলা নয় তাই এখানে 'হ' –এ 'ৃ' –কার যুক্ত হলে 'হ' –এর উচ্চারণ আগেই শোনা যায়, অন্যত্র 'হ'–স্থান পরিবর্তন স্পষ্ট )]

যেমনঃ হৃদয় (hriদয়্), আহৃত (আhriতো), সুহৃদ (শুhriদ্), হৃৎপিণ্ড (hriত্পিন্ডো), হৃদি (hriদি), হৃদ্য (hriদ্দো), হৃষ্ট (hriশ্টো) ইত্যাদি। এখানে 'হৃ' -র উচ্চারণ 'হিরি' বা কেবল 'রি' নয় মহাপ্রাণ 'hri'।

(খ) **'হ' -এর সঙ্গে ্র 'র-ফলা ঃ**

হ্রদ (rh দ্), হ্রস্ব (rh শ্শো), হ্রাস (rhaশ্), হ্রেষা (rhe শা), হ্লাদ (rha দ্), হ্রিত (rhi তো), হ্রীমান ( rhi মান্) হ্লাদী (rha দি) ইত্যাদি।

অতএব এখানেও 'হ্র' -এর উচ্চরণ 'হ্র্' বা 'রহ' নয় 'র্হ' 'বা' rh'।

(গ) **'হ'-এর সঙ্গে ণ বা ন যুক্ত হলে (ন্হ nh) ঃ**

পূর্বাহ্ণ, প্রাহ্ণ, চিহ্ন, মধ্যাহ্ন, বহ্নি, সায়াহ্ন ইত্যাদি শব্দের উচ্চারণে 'হ্ণ' কিংবা 'হ্ন' আসলে 'ন'-এরই মহাপ্রাণ রূপ। মুহম্মদ আবদুল হাই-এর ভাষায় " 'খ' কি 'ঘ' প্রভৃতি ধ্বনি যথাক্রমে যেমন 'ক' ও 'গ' -এর মহাপ্রাণ রূপ এবং নিশ্বাসের একই প্রয়াসে উচ্চারিত হয় তেমনি 'হ্ন' 'হ্ণ' -ও আসলে 'ন্হ' ই এবং one breath কিংবা one effort articulation।" ফলে উপরের শব্দগুলোর উচ্চারিত রূপও পুর্বান্nho, অপোরান্nho, প্রান্nho, চিন্nho, মোদ্ধান্nho, বোন্nhi, শায়ান্nho হওয়া উচিত। এগুলো কখনও 'পুরবান্নো' কিংবা পুর্বান্নোহো কিংবা 'চিন্নো' অথবা চিন্নোহো উচ্চারিত হওয়া সমীচীন নয়।

(ঘ) **'হ'-এর সঙ্গে 'ম' সংযুক্ত হলে (ম্হ'mh) ঃ**

ব্রহ্ম, ব্রহ্মা, ব্রহ্মাণ্ড, ব্রহ্মর্ষি, ব্রাহ্ম, ব্রাহ্মণ — এ জাতীয় কতিপয় সংস্কৃত শব্দের উচ্চারণে মূলত 'ম' -এর মহাপ্রাণ রূপই ধরা পড়ে। এবং ধ্বনিতাত্ত্বিক বিচারে 'হ্ম'-এর নাম ঘোষ মহাপ্রাণ ওষ্ঠ্য নাসিক্য ব্যঞ্জনধ্বনি (voiced aspirated bilabial nasal consonat sound)। ফলে উল্লিখিত শব্দগুলোর উচ্চারণ ঃ ব্রোম্mho, ব্রোম্mha, ব্রোম্mhaন্ডো; ব্রোম্mhoর্শি, ব্রাম্mho, এবং ব্রাম্mhoন্, কখনও ব্রোহ্মা', ব্রোম্মা' কিংবা 'ব্রাহ্মোন' অথবা 'ব্রাম্মোন' জাতীয় নয়।

(ঙ) **'হ'-এর সঙ্গে 'য' (য) ফলা যুক্ত হলে ঃ**

'হ'-এর সঙ্গে 'য' (য) ফলা যুক্ত হলে 'হ'-এর নিজস্ব কোন উচ্চারণ থাকে না, 'য' (উচ্চারিত রূপ 'জ'-এর মহাপ্রাণ ঝ আসবে) -এর দ্বিত্ব উচ্চারণ হয়, প্রথমটি অল্পপ্রাণ হসন্ত (জ) এবং

দ্বিতীয়টি মহাপ্রাণ (ঝ) ও-কারান্ত উচ্চারণ হয়ে থাকে। যথা ঃ উহ্য (উজ্‌ঝো), বাহ্য (বাজ্‌ঝো), গ্রাহ্য (গ্রাজ্‌ঝো), দাহ্য (দাজ্‌ঝো), সহ্য (শোজ্‌ঝো), মুহ্যমান (মুজ্‌ঝোমান্‌), বাহ্য (বাজ্‌ঝো) গুহ্য (গুজ্‌ঝো), গৃহ্য (গৃজ্‌ঝো), লেহ্য (লেজ্‌ঝো), ঐতিহ্য (ওইতিজ্‌ঝো) ইত্যাদি।

(চ) **হ'-এর সঙ্গে 'ল' যুক্ত হলে (ল্‌হ-lh) ঃ**

আহ্লাদ, হ্লাদ, হ্লাদিনী, প্রহ্লাদ— এ ধরনের কয়েকটি শব্দে যে হ্ল' ব্যবহৃত সেটিও মূলত 'ল'-এরই মহাপ্রাণ রূপ। কিন্তু আমাদের উচ্চারণে শব্দের প্রথমে 'হ্ল'-এর মহাপ্রাণতা বিলুপ্ত হয়ে কেবল 'ল' উচ্চারিত হয়, আবার মধ্য বা অন্তে মহাপ্রাণতা লোপ পেয়ে কেবল 'ল' -এর দ্বিত্ব হয়ে থাকে। যেমন 'লাদ্‌' (হ্লাদ), লাদিনি' (হ্লাদিনী) কিংবা আল্‌লাদ্‌ অথবা প্রোল্‌লাদ্‌। কিন্তু এর কোনটিই প্রমিত উচ্চারণ নয়। উল্লিখিত শব্দগুলোর উচ্চারণ হওয়া উচিত আল্‌lhaদ্‌, lhaদিনি এবং প্রোল্‌lhaদ্‌।

(ছ) **'হ'-এর সঙ্গে 'ব' যুক্ত হলে ঃ**

আহ্বান, গহ্বর, আহ্বায়ক, বিহ্বল, জিহ্বা, বহ্বাড়ম্বর, বহ্বারম্ভ, বাহ্বাস্ফোট, এ-ধরনের কিছু শব্দে 'হ' -এর সঙ্গে 'ব' সংযুক্ত হওয়ার ফলে প্রথমত 'ব'-এর পর (মহাপ্রাণ) 'ভ' আসে এবং প্রকৃত পর্যায়ে (এখনও বাঙলাদেশের বিভিন্ন অঞ্চলে প্রবীণ পণ্ডিতদের উচ্চারণেও) উচ্চারিত হয়— আব্‌ভান্‌, গব্‌ভর্‌, 'আব্‌ভায়োক্‌' বিব্‌ভল্‌', -বব্‌ভাড়ম্‌বর্‌, বব্‌ভারম্‌ভো ইত্যাদি। এরপর 'ব' 'ও' বা 'উ' তে পরিবর্তিত ('ব' -শ্রুতির ধারা অনুসারে) হয়ে বাঞ্ছিত উচ্চারণ দাঁড়ায় আওভান্‌, গওভর্‌, আওভায়োক্‌, বিউভল্‌, জিউভা, বওভাড়ম্‌বর্‌, বওভারম্‌ভো, বাওভাস্‌ফোটা ইত্যাদি।

* এখানে 'জিহ্বা' এবং 'বিহ্বল' শব্দে আদ্য ব-এবং জ-এ ই (ি) -কার থাকার জন্যে 'ব' জাত 'ও' কিছুটা 'উ'-কারের মতো উচ্চারিত।

(১৬) **কৃতঋণ শব্দের (Loan word) উচ্চারণ ঃ**

বিশ্বের প্রতিটি আধুনিক ভাষাই ধ্বনিপদ্ধতি এবং উচ্চারণরীতিতে স্বতন্ত্র হওয়া সত্ত্বেও নানা কারণে একভাষা অন্য ভাষা থেকে শব্দ গ্রহণ করে থাকে। গৃহীত সে-শব্দাবলী (কৃতঋণ শব্দ) প্রায়শ বানানে -উচ্চারণে এমনকি

অর্থগত দিক থেকেও রূপান্তরিত হয়ে যায় ! কিন্তু এর মধ্যেও কিছু শব্দ (হয়তো গ্রহণকাল থেকে) বানান ও উচ্চারণগত বিচারে মূলভাষার প্রভাব বহন করে থাকে। বাঙলাভাষায় সংস্কৃত, আরবী, ফারসী, তুর্কী, ইংরেজী ইত্যাদি ভাষা থেকে আগত এ-ধরনের শব্দ প্রচুর। এখানে দৃষ্টান্তরূপে সামান্য কয়েকটি শব্দের উল্লেখ করা হচ্ছে, যথা ঃ

(ক) সংস্কৃত শব্দ ঃ কুষ্মাণ্ড (কুশ্‌মান্‌ডো), স্মিত (স্মিতো), বাঙ্ময় (বাঙময়্‌), গুল্ম (গুল্‌মো), বাল্মীকি (বাল্‌মিকি), বাগ্মী (বাগ্‌মি), হিরণ্ময়(হিরন্‌ময়্‌), উন্মাদ (উন্‌মাদ্‌), একবিংশ (একোবিঙশো), কুট্মল (কুট্‌মল্‌) ইত্যাদি।

(খ) আরবী-ফারসী-শব্দ ঃ ইসলাম (ইস্‌লাম্‌), মুসলমান (মুসোল্‌মান্‌), মসনদ (মস্‌নদ্‌), সফর (সফোর্‌), সালাম (সালাম্‌), বিসমিল্লা (বিস্‌মিল্‌লা), সুন্নী (সুন্‌নি), কসম (কসম্‌/কসোম্‌), সুফী (সুফি), সুরত (সুরত), কিসমৎ (কিস্‌মত্‌), সুন্নৎ (সুন্‌নত্‌), ফয়সালা (ফয়্‌সালা), ফারসী (ফার্‌সি),নমাজ (নমাজ্‌), শবনম (শব্‌নম্‌), শরীফ (শোরিফ্‌) ইত্যাদি।

(গ) তুর্কী শব্দ ঃ সওগাত (সওগাত্‌),আলখাল্লা (আল্‌খাল্‌লা), খানম (খানম্‌), খাতুন (খাতুন্‌), মির্জা (মির্‌জা) ইত্যাদি।

(ঘ) ওলন্দাজ শব্দ ঃ হরতন (হরতন্‌/-তোন্‌), রুইতন (রুইতন্‌/-তোন্‌), তুরুপ (তুরুপ্‌), ইস্কাবন (ইস্‌কাবন্‌/-বোন্‌), চিঁড়িতন (চিঁড়িতন্‌/-তোন্‌) ইত্যাদি।

(ঙ) পোর্তুগীজ শব্দ ঃ ফিতা (ফিতা), চাবি (চাবি), কামিজ (কামিজ্‌), গামলা (গাম্‌লা), গরাদ (গরাদ্‌), পেরেক (পেরেক্‌), বারান্দা (বারান্‌দা), পেয়ারা (পেয়ারা) ইত্যাদি।

(চ) ইংরেজী শব্দ ঃ ভোট (ভোট্‌), ব্যালট (ব্যালোট্‌), গেজেট (গেজেট্‌), রোমান্টিক (রোমান্‌টিক্‌), কমেডি (কমেডি), ট্রাজেডি (ট্রাজেডি), সেক্রেটারী (সেক্‌রেটারি), স্কুল (স্কুল্‌), বেঞ্চ (বেন্‌চ), মার্কেট (মার্‌কেট্‌), প্লেট (প্লেট্‌), ফোন (ফোন্‌), টেলিভিশন (টেলিভিশন্‌), সার্টিফিকেট (সার্‌টিফিকেট্‌), পাইপ (পাইপ্‌), পাউডার (পাউডার্‌), পাউণ্ড (পাউন্‌ড), পাইলট (পাইলট্‌), মিশন (মিশন্‌), মেজর (মেজর্‌), শার্ট (শার্‌ট্‌), টিন (টিন্‌) ইত্যাদি।

## অ

অই — ওই
অঋণী — অঁরিনি
অংশ — অঙশো
অংশক — অঙশোক্/-শক্
অংশগত — অঙশোগতো
অংশন — অঙশোন্
অংশনীয় — অঙশোনিয়ো
অংশভাক — অঙশোভাক্
অংশমান — অঙশোমান্
অংশহারী — অঙশোহারি
অংশাংশ – অঙশাঙশো
অংশিত — ওঙশিতো
অংশীদার — ওঙশিদার্
অংশীদারী — ওঙশিদারি
অংশু — ওঙশু
অংশুক — ওঙশুক্
অংশুপট্ট — ওঙশুপট্টো
অংশুময়ী — ওঙশুমোয়ি
অংশুমান — ওঙশুমান্
অংশুমালী — ওঙশুমালি
অংশুল — ওঙশুল্/-লো
অংস (স্কন্ধ, কাঁধ) — অঙশো
অংসভার — অঙশোভার্
অংসারূঢ় — অঙশারুঢ়ো (-রু rho)
অকটু — অকোটু
অকঠোর — অকঠোর্
অকণ্টক — অকনটোক্
অকথন — অকথোন্
অকথনীয় — অকথোনিয়ো
অকথিত — অকোথিতো
অকথ্য — অকোত্থো
অকথ্য-কথন — অকোত্থোকথোন্
অকনিষ্ঠ — অকোনিশ্ঠো
অকপট — অকপোট্/-পট্
অকবি — অকোবি
অকমনীয় — অকমোনিয়ো
অকম্প — অকম্পো
অকম্পন — অকম্পোন্
অকম্পনীয় — অকম্পোনিয়ো
অকম্পিত — অকোম্পিতো
অকম্প্র — অকম্প্রো
অকর — অকর্
অকরণ — অকরোন্
অকরণীয় — অকরোনিয়ো
অকরুণ — অকোরুন্
অকরোটি,-টী — অকরোটি
অকর্কশ — অকর্কোশ্
অকর্ণ — অকর্নো
অকর্তব্য — অকর্তোব্বো
অকর্ম — অকর্মো
অকর্মক — অকর্মোক্/-মক্
অকর্মণ্য — অকর্মোন্নো
অকর্মণ্যতা — অকর্মোন্নোতা/-মন্নোতা
অকর্মিষ্ঠ — অকোর্মিশ্ঠো
অকলঙ্ক — অকলোঙকো
অকলঙ্কিত — অকলোঙকিতো
অকলঙ্কিনী — অকলোঙকিনি
অকলঙ্কী — অকলোঙকি
অকলুষ — অকোলুশ্
অকলুষিত — অকোলুশিতো
অকল্প — অকল্পো

অকল্পিত — অকোল্‌পিতো
অকল্যাণ — অকোল্‌লান্‌/-ল্যান্‌
অকল্যাণকর — অকোল্‌লান্‌কর্‌
অকষ্ট — অকশ্‌টো
অকষ্টকল্পনা — অকশ্‌টোকল্‌পোনা
অকস্মাৎ — অকোশ্‌শাঁত্‌
অকাজ — অকাজ্‌
অকাট — অকাট্‌
অকাট্য — অকাট্‌টো
অকাণ্ড — অকান্‌ডো
অকাতর — অকাতোর্‌/-তর্‌
অকাপট্য — অকাপোট্‌টো
অকাম — অকাম্‌
অকাম্য — অকাম্‌মো
অকায় — অকায়্‌
অকার — অকার্‌
অকারান্ত — অকারান্‌তো
অকারণ — অকারোন্‌
অকার্যকর — অকার্‌জোকর্‌
অকাল — অকাল্‌
অকালকুষ্মাণ্ড — অকাল্‌কুশ্‌মান্‌ডো
অকালজাত — অকাল্‌জাতো
অকালপক্ব — অকাল্‌পক্‌কো
অকালবার্ধক্য — অকাল্‌বার্‌ধোক্‌কো
অকালবৃদ্ধ — অকাল্‌বৃদ্‌ধো
অকালবোধন — অকাল্‌বোধোন্‌
অকালমৃত্যু — অকাল্‌মৃত্‌তু
অকালসন্ধ্যা — অকাল্‌শোন্‌ধা
অকাল্পনিক — অকাল্‌পোনিক্‌
অকিঞ্চন — অকিন্‌চন্‌/-চোন্‌
অকিঞ্চিৎকর — অকিন্‌চিত্‌কর্‌
অকীর্তি — অকির্‌তি
অকু (ঘটনা) — ওকু
অকুটিল — অকুটিল্‌
অকুণ্ঠ — অকুন্‌ঠো
অকুণ্ঠিত — অকুন্‌ঠিতো
অকুণ্ঠিতচিত্ত — অকুন্‌ঠিতোচিত্‌তো
অকুতোভয় — অকুতোভয়্‌
অকুল — অকুল্‌
অকুলান — অকুলান্‌
অকুলীন — অকুলিন্‌
অকুস্থল — ওকুস্‌থল্‌
অকুস্থান — ওকুস্‌থান্‌
অকূল — অকূল্‌
অকৃত — অকৃতো
অকৃতকার্য — অকৃতোকার্‌জো
অকৃতঘ্ন — অকৃতঘ্‌নো
অকৃতজ্ঞ — অকৃতগ্‌গোঁ
অকৃতদার — অকৃতোদার্‌
অকৃতধী — অকৃতোধি
অকৃতবিদ্য — অকৃতোবিদ্‌দো
অকৃতার্থ — অকৃতার্‌থো
অকৃতী — অকৃতি
অকৃত্য — অকৃত্‌তো
অকৃত্রিম — অকৃত্‌ত্রিম্‌
অকৃত্রিমতা — অকৃত্‌ত্রিমতা
অকৃপণ — অকৃপোন্‌/-পন্‌
অকেজো — অকেজো
অকেলাস — অকেলাশ্‌
অকেশ — অকেশ্‌
অকৈতব (সরল) — অকোইতব্‌
অকোবিদ (অপণ্ডিত) — অকোবিদ্‌
অকৌশল — অকোউশল্‌
অক্কা — অক্‌কা
অক্টোপাস (octopus) — অক্‌টোপাশ্‌
অক্টোবর (october) — অক্‌টোবর্‌
অক্ত (মিশ্রিত, লিপ্ত) — অক্‌তো
অক্রিয় — অক্‌ক্রিয়ো
অক্রিয়াসক্ত — অক্‌ক্রিয়াশক্‌তো
অক্রুদ্ধ — অক্রুদ্‌ধো
অক্রূর — অক্‌ক্রুরো/-ক্রুর্‌
অক্রেয় (আক্রা) — অক্‌ক্রেয়ো
অক্লান্ত — অক্‌ক্লান্‌তো
অক্লিষ্ট — অক্‌ক্লিশ্‌টো

অক্লেশ — অক্‌ক্লেশ্
অক্ষ — ওক্‌খো
অক্ষক্রীড়া — ওক্‌খোক্রিড়া
অক্ষত — অক্‌খতো
অক্ষম — অক্‌খম্
অক্ষমতা — অক্‌খমোতা
অক্ষয় — অক্‌খয়্
অক্ষয়কীর্তি — অক্‌খয়্কির্‌তি
অক্ষর (ক্ষরণশূন্য) — অক্‌খর্
অক্ষর (বর্ণ, হরফ) — অক্‌খর্/ওক্‌খোর্
অক্ষরপরিচয় — অক্‌খর্‌পোরিচয়্
অক্ষরবিন্যাস — অক্‌খর্‌বিন্‌নাশ্
অক্ষরবৃত্ত — অক্‌খর্‌বৃত্‌তো
অক্ষাংশ — ওক্‌খাঙশো
অক্ষি — ওক্‌খি
অক্ষিকাচ (পরকলা) — ওক্‌খিকাচ্
অক্ষিকোটর — ওক্‌খিকোটোর্
অক্ষিগত — ওক্‌খিগতো
অক্ষিগোলক — ওক্‌খিগোলোক্
অক্ষিতারকা — ওক্‌খিতারোকা
অক্ষিপট — ওক্‌খিপট্
অক্ষিপটল — ওক্‌খিপটোল্
অক্ষিপুট — ওক্‌খিপুট্
অক্ষিলোম — ওক্‌খিলোম্
অক্ষুণ্ণ — অক্‌খুন্‌নো
অক্ষুব্ধ — অক্‌খুব্‌ধো
অক্ষুব্ধচিত্ত — অক্‌খুব্‌ধোচিত্‌তো
অক্ষোভ — অক্‌খোভ্
অক্ষৌহিণী — অক্‌খোউহিনি
অক্সিজেন (oxygen) — অক্‌সিজেন্
অখণ্ডনীয় — অখন্‌ডোনিয়ো
অখণ্ডিত — অখোন্‌ডিতো
অখণ্ড্য — অখোন্‌ডো/অখন্‌ডো
অখর্ব — অখর্‌বো
অখল — অখল্
অখাদ্য — অখাদ্‌দো
অখিন্ন — অখিন্‌নো
অখিল — অখিল্/ওখিল্(নাম হলে)
অখুশি,-শী — অখুশি
অখ্যাত — অক্‌খ্যাতো
অখ্যাতনামা — অক্‌খ্যাতোনামা
অখ্যাতি — অক্‌খ্যাতি
অগচ্ছিত — অগোচ্‌ছিতো
অগণন — অগনন্/-নোন্
অগণনীয় — অগনোনিয়ো
অগণিত — অগোনিতো
অগণ্য — অগোন্‌নো
অগতি — অগোতি
অগতিক — অগোতিক্
অগত্যা — অগোত্‌তা
অগন্তব্য — অগন্‌তোব্‌বো
অগন্তি — অগোন্‌তি
অগভীর — অগোভির্
অগম — অগমো
অগম্য — অগোম্‌মো/-গম্‌মো
অগর্হিত — অগোর্‌হিতো/-হিত্
অগস্ত্য — অগোস্‌তো/অগস্‌তো
অগস্ত্যযাত্রা — অগোস্‌তোজাত্‌ত্রা
অগস্ত্যসংহিতা — অগোস্‌তোশঙহিতা
অগাধ — অগাধ্
অগীত — অগিতো
অগুণতি — অগুন্‌তি
অগুরু — অগুরু
অগূঢ় — অগুঢ়ো (-gurho)
অগোচর — অগোচর্
অগোপন — অগোপোন্
অগোপনীয় — অগোপোনিয়ো
অগৌণ — অগোউনো
অগৌর — অগোউরো
অগৌরব — অগোউরব্
অগ্নি — ওগ্‌নি
অগ্নি-অবতার — ওগ্‌নিঅবোতার্
অগ্নিকণা — ওগ্‌নিকনা
অগ্নিকল্প — ওগ্‌নিকল্‌পো

অগ্নিকাণ্ড — ওগ্‌নিকান্‌ডো
অগ্নিকাষ্ঠ — ওগ্‌নিকাশ্‌ঠো
অগ্নিকুণ্ড — ওগ্‌নিকুন্‌ডো
অগ্নিকোণ — ওগ্‌নিকোন্‌
অগ্নিগর্ভ — ওগ্‌নিগর্‌ভো
অগ্নিগৃহ — ওগ্‌নিগৃহো
অগ্নিচূর্ণ — ওগ্‌নিচুর্‌নো
অগ্নিজ — ওগ্‌নিজো
অগ্নিজিহ্ব — ওগ্‌নিজিউভো
অগ্নিতপ্ত — ওগ্‌নিতপ্‌তো
অগ্নিতুল্য — ওগ্‌নিতুল্‌লো
অগ্নিতেজা — ওগ্‌নিতেজা
অগ্নিদগ্ধ — ওগ্‌নিদগ্‌ধো
অগ্নিদাহ — ওগ্‌নিদাহো
অগ্নিদাহ্য — ওগ্‌নিদাজ্‌ঝো
অগ্নিপক্ব — ওগ্‌নিপক্‌কো
অগ্নিপরীক্ষা — ওগ্‌নিপোরিক্‌খা
অগ্নিপুরাণ — ওগ্‌নিপুরান্‌
অগ্নিপুরুষ — ওগ্‌নিপুরুশ্‌
অগ্নিপ্রবেশ — ওগ্‌নিপ্রোবেশ্‌
অগ্নিপ্রভ — ওগ্‌নিপ্রোভো
অগ্নিপ্রস্তর — ওগ্‌নিপ্রোস্‌তর্‌
অগ্নিবর্ণ — ওগ্‌নিবর্‌নো
অগ্নিবর্ধক — ওগ্‌নিবর্‌ধোক্‌/-ধক্‌
অগ্নিবাণ — ওগ্‌নিবান্‌
অগ্নিবিম্ব — ওগ্‌নিবিম্‌বো
অগ্নিবৃদ্ধি — ওগ্‌নিবৃদ্‌ধি
অগ্নিবৃষ্টি — ওগ্‌নিবৃশ্‌টি
অগ্নিভাণ্ড — ওগ্‌নিভান্‌ডো
অগ্নিমন্ত্র — ওগ্‌নিমন্‌ত্রো
অগ্নিময় — ওগ্‌নিময়্‌
অগ্নিমান — ওগ্‌নিমান্‌
অগ্নিমান্দ্য — ওগ্‌নিমান্‌দো
অগ্নিমূর্তি — ওগ্‌নিমুর্‌তি
অগ্নিমূল্য — ওগ্‌নিমুল্‌লো
অগ্নিযুগ — ওগ্‌নিজুগ্‌
অগ্নিশর্মা — ওগ্‌নিশর্‌মা
অগ্নিশিখা — ওগ্‌নিশিখা
অগ্নিশুদ্ধ — ওগ্‌নিশুদ্‌ধো
অগ্নিসংস্কার — ওগ্‌নিশ্‌ঙশ্‌কার্‌
অগ্নিসম্ভবা — ওগ্‌নিশম্‌ভবা
অগ্নিসহ (fire proof) — ওগ্‌নিশহো
অগ্নিসাক্ষী — ওগ্‌নিশাক্‌খি
অগ্নিস্ফুলিঙ্গ — ওগ্‌নিস্‌ফুলিঙগো
অগ্নিস্তম্ভ — ওগ্‌নিস্‌তম্‌ভো
অগ্নিহোত্র — ওগ্‌নিহোত্‌ত্রো
অগ্ন্যস্ত্র — ওগ্‌নস্‌ত্রো/-নোস্‌ত্রো
অগ্ন্যুৎপাত — ওগ্‌নুত্‌পাত্‌
অগ্ন্যুৎসব — ওগ্‌নুত্‌শব্‌
অগ্ন্যুদ্গম — ওগ্‌নুদ্‌গম্‌
অগ্ন্যুদ্গার — ওগ্‌নুদ্‌গার্‌
অগ্র — অগ্‌গ্রো
অগ্রগণ্য — অগ্‌গ্রোগোন্‌নো
অগ্রগামী — অগ্‌গ্রোগামি
অগ্রজ — অগ্‌গ্রোজো
অগ্রজা — অগ্‌গ্রোজা
অগ্রজাত — অগ্‌গ্রোজাতো
অগ্রজিহ্বা — অগ্‌গ্রোজিউভা
অগ্রণী — অগ্‌গ্রোনি
অগ্রদূত — অগ্‌গ্রোদুত্‌
অগ্রপথিক — অগ্‌গ্রোপোথিক্‌
অগ্রপশ্চাৎ — অগ্‌গ্রোপশ্‌চাত্‌
অগ্রবর্তী — অগ্‌গ্রোবোর্‌তি
অগ্রভাগ — অগ্‌গ্রোভাগ্‌
অগ্রমহিষী — অগ্‌গ্রোমোহিশি
অগ্রসন্ধ্যা — অগ্‌গ্রোশোন্‌ধা
অগ্রসর — অগ্‌গ্রোশর্‌
অগ্রসূচনা — অগ্‌গ্রোশুচনা
অগ্রস্থিত — অগ্‌গ্রোস্‌থিতো
অগ্রহণীয় — অগ্রোহোনিয়ো/অগ্‌গ্রোহোনিয়ো
অগ্রহায়ণ — অগ্‌গ্রোহায়োন্‌
অগ্রাধিকার — অগ্‌গ্রাধিকার্‌
অগ্রাহ্য — অগ্‌গ্রাজ্‌ঝো/অগ্রাজ্‌ঝো
অগ্রিম — ওগ্‌গ্রিম্‌

অগ্রিমচুক্তি — ওগ্‌গ্রিম্‌চুক্‌তি
অঘটন — অঘটোন্‌
অঘটনঘটন-পটীয়সী — অঘটোন্‌ঘটোন্‌-
পোটিয়োশি
অঘটনীয় — অঘটোনিয়ো
অঘটিত — অঘোটিতো
অঘাট — অঘাট্‌
অঘৃণ্য — অঘৃন্‌নো
অঘোর — অঘোর্‌
অঘোরতন্ত্রী — অঘোর্‌তোন্‌ত্রি
অঘোরপন্থী — অঘোর্‌পোন্‌থি
অঘোষ — অঘোশো
অঘোষধ্বনি — অঘোশোদ্‌ধোনি
অঘোষবর্ণ — অঘোশোবর্‌নো
অঘ্রান — অগ্‌ঘ্রান্‌
অঙ্ক — অঙকো
অঙ্কগত — অঙকোগতো
অঙ্কদেশ — অঙকোদেশ্‌
অঙ্কন — অঙকোন্‌
অঙ্কপাত — অঙকোপাত্‌
অঙ্কপাতন(notation)- অঙকোপাতোন্‌
অঙ্কবাচক(cardinal)- অঙকোবাচোক্‌
অঙ্কবিদ্যা — অঙকোবিদ্‌দা
অঙ্কলক্ষ্মী — অঙকোলোক্‌খি
অঙ্কশাস্ত্র — অঙকোশাস্‌ত্রো
অঙ্কস্থিত — অঙকোস্‌থিতো
অঙ্কারূঢ় — অঙকারুঢ়ো (-ঢ়rho)
অঙ্কিত — ওঙকিতো
অঙ্কী — ওঙকি
অঙ্কুর — ওঙকুর্‌
অঙ্কুরিত — ওঙকুরিতো
অঙ্কুরোদয় — ওঙকুরোদয়্‌
অঙ্কুরোদ্গম — ওঙকুরোদ্‌গম্‌
অঙ্কুশ (hook) — ওঙকুশ্‌
অঙ্কোপরি — অঙকোপোরি
অঙ্গ — অঙগো
অঙ্গগ্রহ —অঙগোগ্রোহো/-গ্রোগ্‌গ্রোহো
অঙ্গগ্লানি — অঙগোগ্লানি
অঙ্গচালন — অঙগোচালোন্‌
অঙ্গচ্ছেদ — অঙগোচ্‌ছেদ্‌
অঙ্গজ — অঙগোজো
অঙ্গত্রাণ — অঙগোত্রান্‌/-গোত্‌ত্রান্‌
অঙ্গদ — অঙগদো/(নাম হলে) অঙগোদ্‌
অঙ্গন — অঙগোন্‌
অঙ্গনা — অঙগোনা/-গনা
অঙ্গন্যাস — অঙগোন্‌ন্যাশ/-নাশ্‌
অঙ্গপ্রত্যঙ্গ — অঙগোপ্রোত্‌তঙগো
অঙ্গবিকৃতি — অঙগোবিকৃতি
অঙ্গবিক্ষেপ — অঙগোবিক্‌খেপ্‌
অঙ্গবিন্যাস — অঙগোবিন্‌নাশ্‌ /-ন্যাশ্‌
অঙ্গভঙ্গি — অঙগোভোঙগি
অঙ্গমর্দন — অঙগোমর্‌দোন্‌
অঙ্গরক্ষা — অঙগোরোক্‌খা
অঙ্গরাগ — অঙগোরাগ্‌
অঙ্গসংস্থান — অঙগোশঙস্‌থান্‌
অঙগসৌষ্ঠব — অঙগোশোউশ্‌ঠব্‌
অঙ্গহানি — অঙগোহানি
অঙ্গহীন — অঙগোহিন্‌
অঙ্গাঙ্গি — অঙগাঙগি
অঙ্গাবরণ — অঙগাবোরন/-বরোন্‌
অঙ্গার — অঙগার্‌
অঙ্গারক (carbon) — অঙগারক্‌
অঙ্গারযৌগিক — অঙগারোজোউগিক্‌/
অঙগার্‌জোউগিক্‌
অঙ্গারাম্ল (carbonic acid) —
অঙগারাম্‌ল্লো
অঙ্গিরা — ওঙগিরা
অঙ্গী — ওঙগি
অঙ্গীকরণ — ওঙগিকরোন্‌
অঙ্গীকার — ওঙগিকার্‌
অঙ্গীকৃত — ওঙগিকৃতো
অঙ্গীভূত — ওঙগিভুতো
অঙ্গুরি,-রী — ওঙগুরি
অঙ্গুলি,-লী — ওঙগুলি

অঙ্গুষ্ঠ — ওঙগুশ্‌ঠো
অঙ্গুষ্ঠমাত্র — ওঙগুশ্‌ঠোমাত্‌ত্রো
অচক্র — অচক্‌ক্রো
অচক্ষু — অচোক্‌খু
অচঞ্চল — অচন্‌চল্‌
অচতুর — অচোতুর্‌
অচন্দ্রচেতন — অচন্‌দ্রোচেতোন্‌
অচপল — অচপোল্‌
অচর — অচর্‌
অচরিতার্থ — অচোরিতার্‌থো
অচল — অচল্‌
অচলন — অচলোন্‌
অচলনীয় — অচলোনিয়ো
অচলা — অচলা
অচলায়তন — অচলায়োতন্‌
অচলিত — অচোলিতো
অচলিষ্ণু — অচোলিশ্‌নু
অচাঞ্চল্য — অচান্‌চোল্‌লো
অচাপল্য — অচাপোল্‌লো
অচালন — অচালোন্‌
অচালনীয় — অচালোনিয়ো
অচিকিৎসনীয় — অচিকিত্‌শোনিয়ো
অচিকীর্ষু — অচিকির্‌শু
অচিন — অচিন্‌
অচিন্তনীয় — অচিন্‌তোনিয়ো
অচিন্তিত — অচিন্‌তিতো
অচিন্ত্য — অচিন্‌তো
অচিরকাল — অচিরোকাল্‌
অচিরস্থায়ী — অচিরোস্‌থায়ি
অচিরাৎ — অচিরাত্‌
অচিরে — অচিরে
অচিহ্নিত—অচিন্‌হিতো (–চিন্‌nhiতো)
অচুম্বিত — অচুম্‌বিতো
অচূর্ণ — অচুর্‌নো
অচূর্ণিত — অচুর্‌নিতো
অচেত — অচেতো
অচেতচিত্ত — অচেতোচিত্‌তো
অচেতন — অচেতন্‌/–তোন্‌
অচেনা — অচেনা
অচেষ্ট — অচেশ্‌টো
অচেষ্টিত — অচেশ্‌টিতো
অচৈতন্য — অচোইতোন্‌নো/–তন্‌নো
অচ্ছ — অচ্‌ছো
অচ্ছদ — অচ্‌ছদ্‌
অচ্ছায় — অচ্‌ছায়্‌
অচ্ছিদ্র — অচ্‌ছিদ্‌দ্রো
অচ্ছিন্ন — অচ্‌ছিন্‌নো
অচ্ছুত,–ৎ — অচ্‌ছুত্‌
অচ্ছেদ্য — অচ্‌ছেদ্‌দো
অচ্ছোদ — অচ্‌ছোদো/–দ্‌
অচ্যুত — অচ্‌চুতো
অচ্যুত (নাম হলে) — ওচ্‌চুত্‌
অছি — ওছি
অছিয়তনামা — ওছিয়ত্‌নামা
অছিলা — ওছিলা
অজ (জন্মহীন) — অজো
অজ (ছাগ, মেষ) — অজ্‌
অজ (নিতান্ত, খাঁটি) — অজো
অজগর — অজোগর্‌
অজন্ত (অচ্‌ + অন্ত) — অজন্‌তো
অজন্মা — অজন্‌মা
অজয় — অজয়্‌
অজর — অজর্‌
অজরামর — অজরামর্‌
অজস্র — অজোস্‌স্রো
অজাগর (ঘুমন্ত) — অজাগোর্‌/–গর্‌
অজাচার — অজাচার্‌
অজাত (যে জন্মে নাই) — অজাতো
অজাত (নীচ, ইতর) — অজাত্‌
অজাতশত্রু — অজাতোশোত্‌ত্রু
অজাতশ্মশ্রু — অজাতোশোঁস্‌স্রু
অজানিত — অজানিতো
অজান্তে — অজান্‌তে
অজিজ্ঞাসিত — অজিগ্‌গাঁশিতো

অজিজ্ঞাস্য — অজিগ্গাঁশ্শো
অজিত — অজিতো
অজিত (নাম হলে) — ওজিত্/অজিত্
অজিতেন্দ্রিয় — অজিতেন্দ্রিয়ো
অজিন — ওজিন্
অজীর্ণ — অজির্নো
অজু — ওজু
অজুহাত — ওজুহাত্
অজেয় — অজেয়ো
অজৈব — অজোইবো
অজ্ঞ — অগ্গোঁ
অজ্ঞাত — অগ্গ্যাঁতো
অজ্ঞাতকুলশীল — অগ্গ্যাঁতোকুলোশিল্
অজ্ঞাতবাস — অগ্গ্যাঁতোবাশ্
অজ্ঞাতসারে — অগ্গ্যাঁতোশারে
অজ্ঞাতে — অগ্গ্যাঁতে
অজ্ঞান — অগ্গ্যাঁন্
অজ্ঞানকৃত — অগ্গ্যাঁনোকৃতো
অজ্ঞানতঃ — অগ্গ্যাঁনোতো
অজ্ঞানী — অগ্গ্যাঁনি
অজ্ঞেয়বাদ — অগ্গেঁয়োবাদ্
অঝর — অঝোর্
অঞ্চল — অন্চল্
অঞ্চিত — ওন্চিতো
অঞ্জন — অন্জোন্/-জন্
অঞ্জনা — অন্জোনা
অঞ্জনি — অন্জোনি
অঞ্জনিকা (নেত্ররোগ বিশেষ)-অন্জোনিকা
অঞ্জলি — অন্জোলি
অঞ্জলিয়া — অন্জোলিয়া
অঞ্জলিবদ্ধ — অন্জোলিবদ্ধো
অটবি,-বী — অটোবি
অটল — অটল্
অটুট — অটুট্
অটোগ্রাফ (autograph) — অটোগ্রাফ্
অট্টনাদ — অট্টোনাদ্
অট্টনিনাদ — অট্টোনিনাদ্
অট্টরব — অট্টোরব্
অট্টহাস — অট্টোহাশ্
অট্টহাস্য — অট্টোহাশ্শো
অট্টালিকা — অট্টালিকা
অড়হর — অড়হর্
অঢেল — অঢেল্
অণিমা — ওনিমা
অণীয়ান (অণুতর) — ওনিয়ান্
অণু — ওনু
অণুচ্ছেদ — ওনুচ্ছেদ্
অণুবীক্ষণ — ওনুবিক্খন্
অণুমঞ্জরী — ওনুমন্জোরি/-মোন্জোরি
অণুমাত্র — ওণুমাত্ত্রো
অণ্ড — অন্ডো
অণ্ডকোষ,-শ — অন্ডোকোশ্
অণ্ডজ — অন্ডজো/-ডোজো
অতঃ,-ত — অতো
অতঃপর — অতোপ্পর্
অতট — অতট্
অতনু — অতোনু
অতনুরতি — অতোনুরোতি
অতন্ত্র — অতন্ত্রো
অতন্দ্র — অতন্দ্রো
অতন্দ্রিত — অতোন্দ্রিতো
অতর্কিত — অতোর্কিতো
অতল — অতল্
অতলস্পর্শ — অতলোস্পর্শো
অতসী — অতোশি
অতি — ওতি
অতিকায় — ওতিকায়্
অতিক্রম — ওতিক্ক্রোম্
অতিক্রমণীয় — ওতিক্ক্রোমোনিয়ো
অতিক্রমী — ওতিক্ক্রোমি
অতিক্রান্ত — ওতিক্ক্রান্তো
অতিক্ষীণ — ওতিখিনো/-খিন্
অতিথি — ওতিথি
অতিথিসৎকার — ওতিথিশত্কার্

অতিদর্প — ওতিদর্‌পো
অতিদর্শী — ওতিদোর্‌শি
অতিদাহ — ওতিদাহো
অতিদীর্ঘ — ওতিদির্‌ঘো
অতিদূর — ওতিদুর্‌
অতিপরিপক্ব — ওতিপোরিপক্‌কো
অতিপান — ওতিপান্‌
অতিপ্রাকৃত — ওতিপ্রাকৃতো
অতিপ্রৌঢ় — ওতিপ্রোউঢ়ো(–প্রোউ ṛho)
অতিবাড় — ওতিবাড়্‌
অতিবাহিত — ওতিবাহিতো
অতিবিনীত — ওতিবিনিতো
অতিবুদ্ধি — ওতিবুদ্‌ধি
অতিবৃষ্টি — ওতিবৃশ্‌টি
অতিভক্তি — ওতিভোক্‌তি
অতিভোজন — ওতিভোজোন্‌
অতিমন্দা — ওতিমন্‌দা
অতিমাত্রা — ওতিমাত্‌ত্রা
অতিমানবিক — ওতিমানোবিক্‌
অতিরঞ্জন — ওতিরন্‌জোন্‌/–জন্‌
অতিরঞ্জিত — ওতিরোন্‌জিতো
অতিরিক্ত — ওতিরিক্‌তো
অতিরেক (আধিক্য) — ওতিরেক্‌
অতিলোভ — ওতিলোভ্‌
অতিশয় — ওতিশয়্‌
অতিশোভন — ওতিশোভোন্‌
অতিষ্ঠ — অতিশ্‌ঠো
অতিসার — ওতিশার্‌
অতীত — ওতিত্‌
অতীতবেত্তা — ওতিতোবেত্‌তা
অতীন্দ্রিয় — ওতিন্‌দ্রিয়ো
অতীব — ওতিবো
অতুচ্ছ — অতুচ্‌ছো
অতুল — অতুল্‌
অতুল (নাম হলে) — ওতুল্‌
অতুলিত — অতুলিতো
অতুল্য — অতুল্‌লো
অতুষ্ট — অতুশ্‌টো
অতৃপ্ত — অতৃপ্‌তো
অত্যধিক — ওত্‌তোধিক্‌
অত্যন্ত — ওত্‌তোন্‌তো
অত্যয়পত্র (emergency certificate) — ওত্‌তয়্‌পত্‌ত্রো
অত্যল্প — ওত্‌তল্‌পো
অত্যহিত — ওত্‌তোহিত্‌
অত্যাচার — ওত্‌তাচার্‌
অত্যাচারিত — ওত্‌তাচারিতো
অত্যাজ্য — অত্যাজ্‌জো
অত্যাবশ্যক — ওত্‌তাবোশ্‌শোক্‌
অত্যাবশ্যকীয় — ওত্‌তাবোশ্‌শোকিয়ো
অত্যাশ্চর্য — ওত্‌তাশ্‌চোর্‌জো
অত্যাসক্তি— ওত্‌তাশোক্‌তি
অত্যুক্তি — ওত্‌তুক্‌তি
অত্যুঙ্গ — ওত্‌তুঙগো
অত্যুজ্জ্বল — ওত্‌তুজ্‌জল্‌
অত্যুৎকৃষ্ট — ওত্‌তুত্‌কৃশ্‌টো
অত্যুৎপাদন — ওত্‌তুত্‌পাদোন্‌
অত্যুষ্ণ — ওত্‌তুশ্‌নো
অত্র — অত্‌ত্রো
অত্রস্থ — অত্‌ত্রোস্‌থো
অথই — অথোই
অথচ — অথোচো
অথবা — অথোবা
অথর্ব — অথর্‌বো
অদক্ষ — অদোক্‌খো
অদণ্ডনীয় — অদন্‌ডোনিয়ো
অদমনীয় — অদমোনিয়ো
অদম্য — অদোম্‌মো
অদরকারী — অদর্‌কারি
অদরিদ্র — অদোরিদ্‌দ্রো
অদর্শন — অদর্‌শোন্‌
অদলবদল — অদোল্‌বদোল্‌
অদহনীয় — অদহোনিয়ো
অদাহ্য — অদাজ্‌ঝো

অদিতি — অদিতি
অদিন — অদিন্
অদিষ্ট (<অদৃষ্ট) — অদিশ্টো
অদীক্ষিত — অদিক্খিতো
অদীন — অদিন্
অদূরদর্শী — অদুরোদোর্শি
অদূরবর্তী — অদুরোবোর্তি
অদূরভবিষ্যৎ — অদুর্ভোবিশ্শত্
অদৃশ্য — অদৃশ্শো
অদৃষ্ট — অদৃশ্টো
অদৃষ্টক্রমে-অদৃশ্টোক্রোমে/-টোক্ক্রোমে
অদৃষ্টবাদ — অদৃশ্টোবাদ্
অদৃষ্টবৈগুণ্য — অদৃশ্টোবোইগুন্নো
অদৃষ্টলিপি — অদৃশ্টোলিপি
অদেখা — অদ্যাখা
অদেয় — অদেয়ো
অদ্ভুত — অদ্ভুত্
অদ্য — ওদ্দো
অদ্যকার — ওদ্দোকার্
অদ্যাপি — ওদ্দাপি
অদ্যাবধি — ওদ্দাবোধি
অদ্রব — অদ্রোবো/অদ্দ্রোবো
অদ্রাব্য — অদ্রাব্বো
অদ্রি — ওদ্দ্রি
অদ্রিজ — ওদ্দ্রিজো
অদ্বয় — অদ্দয়্
অদ্বয়বাদ — অদ্দয়্বাদ্
অদ্বিতীয় — অদ্দিতিয়ো
অদ্বৈতবাদ — অদ্দোইতোবাদ্
অধঃ,-ধ — অধো
অধঃপতন — অধোপ্পতোন্
অধঃপাত — অধোপ্পাত্
অধঃস্থ — অধোস্থো
অধঃগতি — অধোগোতি
অধন্য — অধোন্নো
অধম — অধম্ / অধোম্
অধমর্ণ — অধোমর্নো
অধমাঙ্গ — অধোমাঙগো
অধমাধম — অধোমাধম্/-ধোম্
অধর — অধর্
অধরচুম্বন — অধর্চুম্বন্
অধরমদিরা — অধর্মোদিরা
অধরসুধা — অধর্শুধা
অধরা — অধরা
অধরামৃত — অধরামৃতো
অধরোষ্ঠ — অধরোশ্ঠো
অধরৌষ্ঠ্য — অধরোউশ্ঠো
অধর্ম — অধর্মো
অধর্মাচরণ — অধর্মাচরোন্
অধর্মী — অধোর্মি
অধস্তন — অধোস্তনো/অধোস্তন্
অধার্মিক — অধার্মিক্
অধার্মিকতা — অধার্মিকতা
অধিক — ওধিক্
অধিকতম — ওধিকোতমো
অধিকতর — ওধিকোতরো
অধিকন্তু — ওধিকোন্তু
অধিকরণ — ওধিকরোন্
অধিকর্তা — ওধিকর্তা
অধিকাংশ — ওধিকাঙশো
অধিকার — ওধিকার্
অধিকারচ্যুত — ওধিকারোচ্চুতো
অধিকারভেদ — ওধিকার্ভেদ্
অধিকৃত — ওধিকৃতো
অধিগত — ওধিগতো
অধিগমন — ওধিগমোন্
অধিগম্য — ওধিগোম্মো/-গম্মো
অধিগ্রহণ — ওধিগ্গ্রোহোন্
অধিত্যকা — ওধিত্তকা
অধিনায়ক — ওধিনায়োক্
অধিপতি — ওধিপোতি
অধিবর্ষ (leap-year) — ওধিবর্শো
অধিবাস — ওধিবাশ্
অধিবাসিত — ওধিবাশিতো

অধিবাসী — ওধিবাশি
অধিবিদ্যা — ওধিবিদ্দা
অধিবৃত্ত (parabola) — ওধিবৃত্তো
অধিবেশন — ওধিবেশোন্
অধিমাংস(ফোড়া) — ওধিমাঙশো
অধিরথ — ওধিরথ্
অধিরাজ — ওধিরাজ্
অধিরাজ্য — ওধিরাজ্জো
অধিরূঢ় — ওধিরুঢ়ো (–রূrho)
অধিরোহণ — ওধিরোহোন্
অধিষ্ঠাতা — ওধিশ্ঠাতা
অধিষ্ঠাত্রী — ওধিশ্ঠাত্ত্রি
অধিষ্ঠান — ওধিশ্ঠান্
অধিষ্ঠিত — অধিশ্ঠিতো
অধীত — ওধিতো
অধীন — ওধিন্
অধীনতা — ওধিনতা
অধীর — অধির্
অধীরতা — অধিরতা
অধীরা — অধিরা
অধীশ — ওধিশ্
অধীশ্বর — ওধিশ্শর্
অধুনা — ওধুনা
রাজপুত — রাজ্‌পুত্‌
রাজপুত্র — রাজ্‌পুত্‌ত্রো
রাজপুরী — রাজ্‌পুরি
রাজপুরুষ — রাজ্‌পুরুশ্‌
রাজপ্রসাদ — রাজোপ্রোশাদ্‌/রাজ্‌প্রোশাদ্‌
রাজপ্রাসাদ — রাজ্‌প্রাশাদ্‌
রাজবংশ — রাজ্‌বঙ্‌শো
রাজবংশী — রাজ্‌বোঙশি

রাজবংশীয় — রাজ্‌বোঙশিয়ো
রাজবর্ত্ম — রাজোবর্‌তো
রাজবাটী — রাজোবাটি/রাজ্‌বাটি
রাজবাড়ী — রাজ্‌বাড়ি
রাজবালা — রাজোবালা/রাজ্‌বালা
রাজবিদ্রোহ — রাজোবিদ্‌দ্রোহো/
রাজ্‌বিদ্‌দ্রোহো
রাজবিধান — রাজ্‌বিধান্‌
রাজবিপ্লব — রাজ্‌বিপ্‌প্লব্‌
রাজবেশ — রাজ্‌বেশ্‌
রাজভক্তি — রাজ্‌ভোক্‌তি
রাজভবন — রাজ্‌ভবোন্‌
রাজভয় — রাজোভয়/রাজ্‌ভয়্‌
রাজভাষা — রাজ্‌ভাশা
রাজভিষক — রাজ্‌ভিশক্‌
রাজভৃত্য — রাজ্‌ভৃত্‌তো
রাজভোগ — রাজ্‌ভোগ্‌
রাজভোগ্য — রাজোভোগ্‌গো
রাজমজুর — রাজ্‌মোজুর্‌
রাজমহিষী—রাজোমোহিশি/রাজ্‌মোহিশি
রাজমান্য – রাজোমান্‌নো
রাজমিস্ত্রি — রাজ্‌মিস্‌ত্রি
রাজমুকুট — রাজ্‌মুকুট্‌
রাজযক্ষ্মা — রাজ্‌জক্‌খাঁ
রাজযোগ – রাজ্‌জোগ্‌
রাজযোটক — রাজ্‌জোটোক্‌
রাজরাজড়া — রাজ্‌রাজ্‌ড়া
রাজরাজেশ্বর — রাজ্‌রাজেশ্‌শর্‌
রাজরানী — রাজ্‌রানি
রাজর্ষি — রাজোর্‌শি
রাজলক্ষণ — রাজোলোক্‌খোন্‌/
রাজ্‌লোক্‌খোন্‌
রাজলক্ষ্মী — রাজ্‌লোঁক্‌খি
রাজশক্তি—রাজোশোক্‌তি/রাজ্‌শোক্‌তি
রাজশয্যা—রাজোশোজ্‌জা/রাজ্‌শোজ্‌জা
রাজশাসন — রাজ্‌শাশোন্‌
রাজশেখর — রাজ্‌শেখর্‌/-শেখোর্‌
রাজশ্রী — রাজোস্‌স্রি
রাজসংস্করণ — রাজ্‌শঙশ্‌করোন্‌
রাজসদন — রাজ্‌শদোন্‌
রাজসভা — রাজ্‌শভা
রাজসভাসদ — রাজ্‌শভাশদ্‌
রাজসরকার — রাজ্‌শর্‌কার্‌
রাজসর্প — রাজ্‌শর্‌পো
রাজসাক্ষী — রাজ্‌শাক্‌খি
রাজসিংহাসন — রাজ্‌শিঙহাশোন্‌
রাজসিক — রাজোশিক্‌
রাজসূয়যজ্ঞ — রাজ্‌শুয়োজোগ্‌গোঁ
রাজসেবা — রাজোশেবা/রাজ্‌শেবা
রাজস্থান — রাজোস্‌থান্‌
রাজস্ব — রাজশ্‌শো/রাজোশশো
রাজস্বসচিব — রাজোশ্‌শোশোচিব্‌
রাজহংস — রাজ্‌হঙশো
রাজহস্তী — রাজ্‌হোস্‌তি
রাজহাঁস — রাজ্‌হাঁশ্‌
রাজাউজির — রাজাউজির্‌
রাজাকার — রাজাকার্‌
রাজাজ্ঞা — রাজাগ্‌গাঁ
রাজাদেশ — রাজাদেশ্‌
রাজাধিরাজ — রাজাধিরাজ্‌
রাজানুকম্পা — রাজানুকম্‌পা
রাজানুগ্রহ — রাজানুগ্‌গ্রোহো
রাজান্তঃপুর — রাজান্‌তোপ্‌পুর্‌
রাজাবলি, -লী — রাজাবোলি
রাজাসন — রাজাশোন্‌/-শন্‌
রাজিত — রাজিতো
রাজীব — রাজিব্‌
রাজীবলোচন — রাজিব্‌লোচোন্‌
রাজেন্দ্র — রাজেন্‌দ্রো
রাজ্ঞী — রাগ্‌গি
রাজ্য — রাজ্‌জো
রাজ্যচ্যুত — রাজ্‌জোচ্‌চুতো
রাজ্যপাল্‌ — রাজ্‌জোপাল্‌
রাজ্যভার — রাজ্‌জোভার্‌

রাজ্যভ্রষ্ট — রাজ্‌জোভ্রোশ্‌টো
রাজ্যশাসন — রাজ্‌জোশাশোন্‌
রাজ্যেশ্বর — রাজ্‌জেশ্‌শর্‌
রাজ্যেশ্বরী — রাজ্‌জেশ্‌শোরি
রাঢ় — রাঢ়্‌ (রা ṛh)
রাঢ়ীয় — রাঢ়িয়ো ( রাṛhiয়ো )
রাত — রাত্‌
রাতকাটান — রাত্‌কাটানো
রাতকানা — রাত্‌কানা
রাতদিন — রাত্‌দিন্‌
রাতভর — রাত্‌ভোর্‌/রাত্‌ভর্‌
রাতুল — রাতুল্‌
রাত্র — রাত্‌ত্রো
রাত্রি — রাত্‌ত্রি
রাত্রিচর – রাত্‌ত্রিচর্‌
রাত্রিবাস( night-dress) — রাত্‌ত্রিবাশ
রাত্রিবেলা — রাত্‌ত্রিব্যালা
রাত্রিমণি — রাত্‌ত্রিমোনি
রাত্র্যন্ধ — রাত্‌ত্রোন্‌ধো/রাত্‌ত্রন্‌ধো
রাদ্ধ — রাদ্‌ধো
রাধাকান্ত — রাধাকান্‌তো
রাধানাথ — রাধানাথ্‌
রাধাপদ্ম — রাধাপদ্‌দোঁ
রাধাবল্লভ — রাধাবল্‌লভ্‌/-লোভ্‌
রাধাবল্লভী — রাধাবল্‌লোভি
রাধামাধব — রাধামাধব্‌/ – মাধোব্‌
রাধারমণ — রাধারমোন্‌
রাধাষ্টমী — রাধাশ্‌টোমি
রাধিকারঞ্জন — রাধিকারন্‌জন্‌/-জোন্‌
রাধেকৃষ্ণ — রাধেকৃশ্‌নো
রাধেয় — রাধেয়ো
রান্ধনী — রান্‌ধোনি
রান্ধাবাড়া — রান্‌ধাবাড়া
রান্না — রান্‌না
রান্নাঘর — রান্‌নাঘর্‌
রান্নাবান্না — রান্‌নাবান্‌না
রাব — রাব্‌
রাবড়ি — রাব্‌ড়ি
রাবণ — রাবোন্‌
রাবণারি — রাবোনারি
রাবণি — রাবোনি
রাবিশ (rubbish) — রাবিশ্‌
রাম — রাম্‌
রামকহ — রাম্‌কহো
রামকান্ত – রাম্‌কান্‌তো
রামকেলি,-লী — রামোকেলি/রাম্‌কেলি
রামখড়ি — রাম্‌খোড়ি
রামচন্দ্র — রাম্‌চন্‌দ্রো
রামছাগল — রাম্‌ছাগোল্‌
রামটেপা — রা্‌টেপা
রামঠেলা — রাম্‌ঠ্যালা
রামদা — রাম্‌দা
রামদৌড় — রাম্‌দোউড়্‌
রামধনু — রাম্‌ধোনু
রামধূন — রাম্‌ধুন্‌
রামনবমী — রাম্‌নবোমি
রামপাখি,-খী — রাম্‌পাখি
রামভকত — রামোভক্‌তো/রাম্‌ভক্‌তো
রামযাত্রা — রাম্‌জাত্‌ত্রা
রমরহিম — রাম্‌রোহিম্‌
রামরাজত্ব — রাম্‌রাজোত্‌তো
রামরাজ্য — রাম্‌রাজ্‌জো
রামলীলা — রাম্‌লিলা
রামশালিক — রাম্‌শালিক্‌
রামশিঙ্গা — রাম্‌শিঙগা
রামশ্যাম — রাম্‌শ্যাম্‌
রামানুজ — রামানুজো
রামায়ণ — রামায়ন্‌/রামায়োন্‌
রামায়ণকার — রামায়ন্‌কার্‌
রামায়েত — রামায়েত্‌
রায় — রায়্‌
রায়জাদা — রায়্‌জাদা
রায়ট ( riot ) — রায়ট্‌
রায়ত — রায়োত্‌

রায়তী — রায়োতি
রায়বাঘিনী — রায়্বাঘিনি
রায়বার — রায়্বার্
রায়বাঁশ — রায়্বাঁশ্
রায়বাহাদুর — রায়্বাহাদুর্
রায়সাহেব — রায়্শাহেব্
রাশ — রাশ্
রাশপাতলা — রাশ্পাত্লা
রাশভারী — রাশ্ভারি
রাশিচক্র — রাশিচক্ক্রো
রাশিবিজ্ঞান — রাশিবিগ্গ্যান/-গাঁন্
রাশীকৃত — রাশিকৃতো
রাষ্ট্র — রাশ্ট্রো
রাষ্ট্রদূত — রাশ্ট্রোদুত্
রাষ্ট্রদ্রোহী — রাশ্ট্রোদ্দ্রোহি
রাষ্ট্রনায়ক — রাশ্ট্রোনায়োক্
রাষ্ট্রনীতিক — রাশ্ট্রোনিতিক্
রাষ্ট্রনৈতিক — রাশ্ট্রোনোইতিক্
রাষ্ট্রপতি (President) — রাশ্ট্রোপোতি
রাষ্ট্রবিপ্লব — রাশ্ট্রোবিপ্প্লব্
রাষ্ট্রিক — রাশ্ট্রিক্
রাষ্ট্রীয় — রাশ্ট্রিয়ো
রাস — রাশ্
রাসন — রাশোন্
রাসপূর্ণিমা — রাশ্পুর্নিমা
রাসবিহারী — রাশ্বিহারি
রাসভ — রাশোভ্
রাসভনিন্দিত —রাশোভোনিন্দিতো
রাসমণ্ডপ — রাশ্মন্ডোপ্
রাসযাত্রা — রাশ্জাত্ত্রা
রাসলীলা — রাশ্লিলা
রাসায়নিক — রাশায়োনিক্
রাসেশ্বরী — রাশেশ্শোরি
রাস্কেল (rascal) — রাস্কেল্
রাস্তা — রাস্তা
রাস্তাখরচ্ — রাস্তাখরোচ্
রাস্তাঘাট — রাস্তাঘাট্
রাস্তাবন্ধ — রাস্তাবন্ধো
রাস্না (অর্কিড বিশেষ) — রাস্না
রাহাখরচ — রাহাখরোচ্
রাহাগির — রাহাগির্
রাহাজান — রাহাজান্
রাহিত্য — রাহিত্তো
রাহুগ্রস্ত — রাহুগ্গ্রোস্তো/রাহুগ্রোস্তো
রিকশাওয়ালা -- রিক্শাওয়ালা
রিকত - রিক্তো
রিনঝিন — রিন্ঝিন্
রিপুদমন — রিপুদমোন্
রিপুদমী — রিপুদোমি
রিপোর্ট (report) — রিপোরট্
রিভলভার (revolver) — রিভল্ভার/
রিভোল্ভার্
রিমঝিম — রিম্ঝিম্
রিরংসা — রিরঙশা
রিরংসু — রিরঙশু/রিরোঙশু
রিলিফ (relief) —রিলিফ্
রিষ্ট — রিশ্টো
রিসালদার — রিসাল্দার্
রিহার্সাল (rehearsal) — রিহার্সাল্
রীত — রিত্
রীতিবিরুদ্ধ — রিতিবিরুদ্ধো
রীতিমত — রিতিমতো
রীম (ream) — রিম্
রীল (reel) রিল্
রুইকাতলা — রুইকাত্লা
রুইতন (ruiten) — রুইতন্/-তোন্
রুইদাস — রুইদাশ্
রুক্মিণী — রুক্কিঁনি
রুক্ষ — রুক্খো
রুক্ষতা — রুক্খোতা
রুক্ষভাষী — রুক্খোভাশি
রুক্ষমূর্তি — রুক্খোমুর্তি
রুক্ষস্নান — রুক্খোস্নান/রুক্খোস্স্নান্
রুক্ষান্ন -- রুক্খান্নো

রুগ্ন — রুগ্‌নো
রুচিকর — রুচিকর্
রুচিবাগীশ — রুচিবাগিশ্
রুচিভেদ — রুচিভেদ্
রুচির — রুচির্
রুচ্য — রুচ্‌চো
রুজ,-রূজ (rouge) — রুজ্
রুজিরোজগার — রুজিরোজ্‌গার্
রুটিবেলা — রুটিব্যালা
রুটিন (routine) — রুটিন্
রুদিত — রুদিতো
রুদ্ধ — রুদ্‌ধো
রুদ্ধকক্ষ — রুদ্‌ধোকোক্‌খো
রুদ্ধবীর্য — রুদ্‌ধোবির্‌জো
রুদ্ধশ্বাসে — রুদ্‌ধোশ্‌শাশে
রুদ্র — রুদ্‌দ্রো
রুদ্রজ — রুদ্‌দ্রোজো
রুদ্রজটা — রুদ্‌দ্রোজটা
রুদ্রতাল — রুদ্‌দ্রোতাল্
রুদ্রদর্শন — রুদ্‌দ্রোদর্‌শোন্
রুদ্রবীণা — রুদ্‌দ্রোবিনা
রুদ্রমূর্তি — রুদ্‌দ্রোমুর্‌তি
রুদ্ররূপ — রুদ্‌দ্রোরুপ্
রুদ্রাক্ষ — রুদ্‌দ্রাক্‌খো
রুদ্রাণী — রুদ্‌দ্রানি
রুধির — রুধির্
রুধিররঞ্জিত — রুধিরোরোন্‌জিতো/ রুধির্‌রোন্‌জিতো
রুধিরাক্ত — রুধিরাক্‌তো
রুধিরাপ্লুত — রুধিরাপ্‌প্লুতো
রুবাইয়াত — রুবাইয়াত্
রুমঝুম — রুম্‌ঝুম্
রুমাল — রুমাল্
রুল — রুল্
রুষিত — রুশিতো
রুষ্ট — রুশ্‌টো
রুসুম (আচার ও প্রথাসমূহ) — রুসুম্
রুসুমাত (মাশুলসমূহ) — রুসুমাত্
রুহিদাস — রুহিদাশ্
রূঢ় — রুঢ়ো (রু rho)
রূঢ়পদার্থ — রুঢ়োপদার্‌থো (রু rho পদার্‌থো)
রূঢ়মূল — রুঢ়োমুল্(রু rho মুল্)
রূঢ়ি — রুঢ়ি (রু rhi)
রূপ — রুপ্
রূপক — রুপক্
রূপকথা — রুপ্‌কথা
রূপকার — রুপোকার
রূপগুণ — রুপ্‌গুন্
রূপচাঁদ — রুপ্‌চাঁদ্
রূপজ — রুপজো
রূপজীবী — রুপোজিবি
রূপণ — রুপন্
রূপতৃষ্ণা — রুপোতৃশ্‌না
রূপদক্ষ — রুপোদোক্‌খো
রূপদস্তা — রুপ্‌দস্‌তা
রূপধারণ — রুপোধারোন্
রূপধারী — রুপোধারি
রূপবতী — রুপোবোতি
রূপবন্ত — রুপোবন্‌তো
রূপবান — রুপোবান্/(লোক-গাথার নায়িকা হলে) রুপ্‌বান্
রূপমঞ্জরী — রুপোমন্‌জোরি/-মোন্‌জোরি
রূপমাধুরী — রুপোমাধুরি .
রূপমোহ — রুপোমোহো
রূপলাবণ্য — রুপোলাবোন্‌নো
রূপশালী (ধানবিশেষ) — রুপ্‌শালি
রূপসা (নদীর নাম) — রুপ্‌শা
রূপসী — রুপোশি
রূপান্তর — রুপান্‌তর্
রূপান্তরিত — রুপান্‌তোরিতো
রূপায়ণ — রুপায়ন্/রুপায়োন্
রূপায়িত — রুপায়িতো
রূপিত — রুপিতো
রূপোন্মত্ত — রুপোন্‌মন্‌তো

রূপোন্মাদ — রুপোন্‌মাদ্
রূপোপজীবিনী — রুপোপোজিবিনি
রূপ্য — রুপ্‌পো
রূবকার (আদালতের আদেশ) - রুব্‌কার্
রেওয়াজ — রেওয়াজ্
রেঁদা -- র‍্যাঁদা
রেক — র‍্যাক্
রেকাব — রেকাব্
রেখচিত্র (graph) — রেখোচিত্‌ত্রো
রেখাগণিত — রেখাগোনিত্
রেখাঙ্কন — রেখাঙকন্
রেখাঙ্কিত — রেখাঙকিতো
রেখাচিত্র — রেখাচিত্‌ত্রো
রেখাপাত — রেখাপাত্
রেচক — রেচক্
রেচন — রেচন্/রেচোন্
রেচিত — রেচিতো
রেজকি,-কী,-গী — রেজ্‌কি/-গি
রেজাই — রেজাই
রেট (rate) — রেট্
রেড়িরতেল — রেড়ির্‌তেল্
রেণু — রেনু
রেতঃপাত — রেতোপ্‌পাত/রেতোপাত্
রেপার (wrapper) — র‍্যাপার্
রেফ — রেফ্
রেফাক্রান্ত — রেফাক্‌ক্রান্‌তো
রেফারি (referee) — রেফারি
রেবতী — রেবোতি
রেবতীমোহন — রেবোতিমোহোন্
রেবতীরমণ — রেবোতির্‌মোন্
রেয়াত — রেয়াত্
রেলগাড়ি,-ড়ী — রেল্‌গাড়ি
রেলপথ — রেল্‌পথ্
রেললাইন — রেল্‌লাইন্
রেশ — রেশ্
রেশন — রেশন্
রেশনকার্ড — রেশন্‌কার্‌ড্
রেশম — রেশোম্
রেশমকীট — রেশোম্‌কিট্
রেশমশিল্প — রেশোম্‌শিল্‌পো
রেশমী — রেশোমি
রেষ — রেশ্
রেষারেষি — রেশারেশি
রেস (race) — রেস্
রেস্টুরেন্ট — রেস্‌টুরেন্‌ট্
রেস্তরাঁ (restaurant) — রেস্‌তোরাঁ
রেহাই — রেহাই
রেহান (বন্ধক) — রেহান্
রৈখিক — রোইখিক্
রৈবত (পর্বত বিশেষ) — রোইবত্
রৈবতক — রোইবোতক্
রৈ রৈ কাণ্ড — রোই রোই কান্‌ডো
রোঁদ (round) — রোঁদ্
রোক (ক্রয়-বিশেষ) — রোক্
রোকড় -- রোকড়্/রোকোড়্
রোকশোধ — রোক্‌শোধ্
রোখ — রোখ্
রোখাল — রোখালো
রোগ — রোগ্
রোগক্লিষ্ট — রোগোক্লিশ্‌টো/রোগোক্‌ক্লিশ্‌টো
রোগগ্রস্ত — রোগোগ্‌গ্রোতো/রোগোগ্রোস্‌তো
রোগজীবাণু — রোগ্‌জিবানু
রোগজীর্ণ — রোগোজির্‌নো
রোগজ্ঞ — রোগোগ্‌গোঁ
রোগনিদান — রোগোনিদান্
রোগপ্রতিষেধক — রোগ্‌প্রোতিশেধক্
রোগভোগ — রোগোভোগ্/রোগ্‌ভোগ্
রোগমুক্ত — রোগোমুক্‌তো
রোগযন্ত্রণা — রোগোজন্‌ত্রোনা
রোগশয্যা — রোগোশোজ্‌জা/রোগ্‌শোজ্‌জা
রোগশান্তি — রোগোশান্‌তি
রোগশোক — রোগ্‌শোক্
রোগা-পটকা — রোগাপট্‌কা
রোচক — রোচোক্

রোচনা — রোচোনা
রোচনী — রোচোনি
রোচিষ্ণু — রোচিশ্‌নু
রোচ্য — রোচ্‌চো
রোজ — রোজ্‌
রোজ-কিয়ামত — রোজ্‌কিয়ামত্‌
রোজ-কেয়ামত — রোজ্‌কেয়ামত্‌
রোজগার — রোজ্‌গার্‌
রোজগেরে — রোজ্‌গেরে
রোজনামচা — রোজ্‌নাম্‌চা
রোজ-হাসর — রোজ্‌হাশোর্‌
রোজাদার — রোজাদার্‌
রোদ — রোদ্‌
রোদন — রোদোন্‌
রোদসী — রোদোশি
রোদ্দুর (রৌদ্র) — রোদ্‌দুর্‌
রোদ্ধা — রোদ্‌ধা
রোধ — রোধ্‌
রোধক — রোধোক্‌
রোধন — রোধোন্‌
রোপণ — রোপোন্‌
রোপয়িতা — রোপোয়িতা
রোপিত — রোপিতো
রোম — রোম্‌
রোমকূপ — রোম্‌কুপ্‌
রোমজ — রোমোজো
রোমন্থন — রোমন্‌থন্‌/ রোমোন্‌থোন্‌
রোমফোড়া — রোম্‌ফোড়া
রোমরাজি — রোমোরাজি
রোমশ — রোমোশো/ রোমোশ্‌
রোমহর্ষ — রোমোহর্‌শো
রোমহর্ষক — রোমোহর্‌শক্‌/-শোক্‌
রোমহর্ষণ — রোমোহর্‌শোন্‌
রোমাঞ্চ — রোমান্‌চো
রোমাঞ্চক — রোমান্‌চক্‌
রোমাঞ্চকর — রোমান্‌চোকর্‌
রোমাঞ্চিত — রোমান্‌চিতো
রোমান্টিক — রোমান্‌টিক্‌
রোমাবলি,-লী — রোমাবোলি
রোমীয় — রোমিয়ো
রোমোদ্গম — রোমোদ্‌গমো/-গম্‌
রোমোদ্ভেদ — রোমোদ্‌ভেদ্‌
রোয়াক — রোয়াক্‌
রোয়েদাদ — রোয়েদাদ্‌
রোরুদ্যমান — রোরুদ্‌দোমান্‌
রোল — রোল্‌
রোলার — রোলার্‌
রোশন-চৌকি — রোশোন্‌চোউকি
রোশনাই — রোশ্‌নাই
রোশনী — রোশ্‌নি
রোষ — রোশ্‌
রোষকষায়িত — রোশোকশায়িতো/
রোশ্‌কশায়িতো
রোষণ — রোশন্‌/রোশোন্‌
রোষাগ্নি — রোশাগ্‌নি
রোষানল — রোশানল্‌
রোষাবিষ্ট — রোশাবিশ্‌টো
রোষাবেশ — রোশাবেশ্‌
রোষিত — রোশিতো
রোস (অপেক্ষা কর) — রোশো
রোস্ট — (roast) — রোস্‌ট্‌
রোহ — রোহো
রোহণ — রোহোন্‌
রোহিণীকান্ত (চন্দ্র) — রোহিনিকান্‌তো
রোহিত (লোহিতবর্ণ) — রোহিতো
রোহিত (রুইমাছ) — রোহিত্‌
রোহিতাশ্ব — রোহিতাশ্‌শো
রৌদ্র — রোউদ্‌দ্রো
রৌদ্রতাপ — রোউদ্‌দ্রোতাপ্‌
রৌদ্রদগ্ধ — রোউদ্‌দ্রোদগ্‌ধো
রৌদ্রপক্ব — রোউদ্‌দ্রোপক্‌কো
রৌদ্রময় — রোউদ্‌দ্রোময়্‌
রৌদ্রময়ী — রোউদ্‌দ্রোমোয়ি
রৌদ্ররস — রোউদ্‌দ্রোরশ্‌

রৌদ্রস্নান -রোউদ্‌দ্রোসস্নান/রোউদ্‌রোস্নান্
রৌদ্রোজ্জ্বল — রোউদ্‌দ্রোজ্‌জল্
রৌপ্য — রোউপ্‌পো
রৌপ্যচূর্ণ — রোউপ্‌পোচুর্‌নো
রৌপ্যজয়ন্তী — রোউপ্‌পোজয়োন্‌তি
রৌপ্যময় — রোউপ্‌পোময়্
রৌপ্যমুদ্রা — রোউপ্‌পোমুদ্‌দ্রা
রৌপ্যমূল্যে — রোউপ্‌পোমুল্‌লে
রৌপ্যালঙ্কার — রোউপ্‌পালঙকার্
রৌরব — রোউরব্
রৌশনী, -নি — রোউশোনি

## ল

লউসনিয়া (লালবর্ণের রত্ন বিশেষ) — লোউসোনিয়া
লওয়ান — লওয়ানো
লংক্লথ ( longcloth) — লঙক্লোথ্
লকলক — লক্‌লক্
লকলকে — লক্‌লোকে
লকেট (locket ) — লকেট্
লককড় — লক্‌কোড়্
লক্ষ — লোক্‌খো
লক্ষক — লোক্‌খোক্/-খক্
লক্ষণ — লোক্‌খোন্
লক্ষণীয় — লোক্‌খোনিয়ো
লক্ষপতি — লোক্‌খোপোতি
লক্ষলক্ষ — লোক্‌খোলোক্‌খো
লক্ষিত — লোক্‌খিতো
লক্ষ্মণ — লক্‌খোঁন্
লক্ষ্মী — লোক্‌খি
লক্ষ্মীকান্ত — লোক্‌খিকান্‌তো
লক্ষ্মীছাড়া — লোক্‌খিছাড়া
লক্ষ্মীজনার্দন—লোক্‌খিজনার্‌দন্/-দোন্
লক্ষ্মীনারায়ণ—লোক্‌খিনারায়ন্/-য়োন্
লক্ষ্মীপতি — লোক্‌খিপোতি
লক্ষ্মীপূর্ণিমা — লোক্‌খিপুর্‌নিমা
লক্ষ্মীপেঁচা — লোক্‌খিপ্যাঁচা
লক্ষ্মীবন্ত — লোক্‌খিবন্‌তো
লক্ষ্মীবান — লোক্‌খিবান্
লক্ষ্মীবিলাস — লোক্‌খিবিলাশ্
লক্ষ্মীভাণ্ডার — লোক্‌খিভান্‌ডার্
লক্ষ্মীমণি — লোক্‌খিমোনি
লক্ষ্মীমন্ত — লোক্‌খিমন্‌তো
লক্ষ্মীশ্রী — লোক্‌খিস্‌স্রি
লক্ষ্মীস্বরূপিণী — লোক্‌খিশরুপিনি
লক্ষ্য — লোক্‌খো
লক্ষ্যচ্যুত — লোক্‌খোচ্‌চুতো
লক্ষ্যতঃ — লোক্‌খোতো
লক্ষ্যবেধ — লোক্‌খোবেধ্
লক্ষ্যভেদ — লোক্‌খোভেদ্
লক্ষ্যভ্রষ্ট — লোক্‌খোভ্রোশ্‌টো
লক্ষ্যস্থল — লোক্‌খোস্‌থল্
লক্ষ্যহীন — লোক্‌খোহিন্
লক্ষ্যীকৃত — লোক্‌খিকৃতো
লখিন্দর — লোখিন্‌দর্
লগন — লগোন্
লগবগ — লগ্‌বগ্
লগবগে — লগ্‌বোগে
লগি,-গী — লোগি
লগুড় — লোগুড়্
লগ্ন — লগ্‌নো
লগ্নপত্র — লগ্‌নোপত্‌ত্রো
লগ্নভ্রষ্ট — লগ্‌নোভ্রোশ্‌টো
লগ্নাচার্য — লগ্‌নাচার্‌জো
লগ্নি, -গ্নী — লোগ্‌নি
লঘিমা — লোঘিমা
লঘিষ্ঠ — লোঘিশ্‌ঠো
লঘীয়ান — লোঘিয়ান্
লঘু — লোঘু
লঘুকৃত — লোঘুকৃতো
লঘুক্রিয়া — লোঘুক্রিয়া/লোঘুক্‌ক্রিয়া
লঘুগামী — লোঘুগামি
লঘুগুরুজ্ঞান — লোঘুগুরুগ্যাঁন্/-গুরুগ্‌গ্যাঁন্

লঘুচিত্ত — লোঘুচিত্তো
লঘুচেতাঃ, –তা — লোঘুচেতা
লঘুত্ব —লোঘুত্তো
লঘুত্রিপদী — লোঘুত্রিপোদি
লঘুপাক — লোঘুপাক্
লঘুহস্ত — লোঘুহস্তো
লঘূকরণ — লোঘুকরোন্
লঙ্কা — লঙকা
লঙ্কাকাণ্ড — লঙকাকানডো
লঙ্কাদাহন — লঙকাদাহোন্
লঙ্কাধিপতি — লঙকাধিপোতি
লঙ্কাপতি — লঙকাপোতি
লঙ্কাবাটা ( পিষ্ট মরিচ ) — লঙকাবাটা
লঙ্কেশ — লঙকেশ্
লঙ্গ — লঙগো
লঙ্গরখানা — লঙগোর্খানা
লঙ্ঘন — লঙঘোন্
লঙ্ঘনীয় — লঙঘোনিয়ো
লঙ্ঘিত — লোঙঘিতো
লঙ্ঘ্য — লঙঘো/লোঙঘো
লছমী (ব্রজবুলিতে, লক্ষ্মী ) — লছোমি
লজিক (logic) — লোজিক্
লজ্জত — লজ্জত্
লজ্জমান — লজ্জোমান্
লজ্জা — লজ্জা
লজ্জাকর — লজ্জাকর্
লজ্জাজনক — লজ্জাজনোক্
লজ্জাবতী — লজ্জাবোতি
লজ্জাবনত — লজ্জাবোনতো
লজ্জাবত্তা — লজ্জাবত্তা
লজ্জারুণ – লজ্জারুন্
লজ্জাশীল — লজ্জাশিল্
লজ্জাশূন্য — লজ্জাশুন্নো
লজ্জাহীন — লজ্জাহিন্
লজ্জিত — লোজ্জিতো
লজঝড় ( কর্মকুণ্ঠ ) —লজ্ঝড়্
লটক(চপল বা অসাধুব্যকিত) — লটক্
লটকা — লট্কা
লটকান — লট্কানো
লটখট — লট্খট্
লটখটী — লট্খোটি
লটপট — লটাপট্
লটপটে — লট্পোটে
লটবহর — লট্বহোর্
লটরপটর — লটোর্পটোর্
লটাপট — লট্পট্
লটুয়া ( লম্পট ) — লোটুয়া
লড়চড় — লড়্চড়্
লড়ন-চড়ন — লড়োন্চড়োন্
লড়বড়ে — লড়্বোড়ে
লড়াইবাজ — লড়াইবাজ্
লড়াকুবংশ — লড়াকুবঙশো
লড়ান — লড়ানো
লড়ি,–ড়ী — লোড়ি
লণ্ঠন (lantern ) — লন্ঠোন্
লণ্ডভণ্ড — লন্ডোভন্ডো
লন্ড্রি (laundry) —লোন্ড্রি
লতাগৃহ — লতাগৃহো
লতান — লতানো
লতাপাশ — লতাপাশ্
লতামণ্ডপ — লতামন্ডোপ্
লতাবিতান — লতাবিতান্
লতায়িত — লতায়িতো
লতি — লোতি
লতিকা — লোতিকা
লদপদ — লদ্পদ্
লপটান — লপ্টানো
লপটালপটী,–টি — লপ্টালোপ্টি
লপ্ত — লপ্তো
লপসি — লোপ্সি
লব (ভগ্নাংশের উপরের রাশি) — লব্
লব (‹ লইব) — লবো
লবকুশ (রামের পুত্রদ্বয়) — লব্কুশ্
লবঙ্গ — লবঙগো/লবোঙগো

লবঙ্গলতা — লবোঙগোলতা
লবঙ্গলতিকা — লবোঙগোলোতিকা
লবজ — লব্জো
লবডঙ্কা — লবোডঙকা
লবণ — লবোন্
লবণাক্ত — লবোনাক্তো
লবণাত্মক — লবোনাত্তঁক্
লবণাম্বুধি — ল্বোনাম্বুধি
লবণাম্বুরাশি — লবোনাম্বুরাশি
লবণিমা — লবোনিমা
লবণোদক — লবোনোদক্
লবেজান — লবেজান্
লব্ধ — লব্ধো
লব্ধকাম — লব্ধোকামো/-কাম্
লব্ধকীর্তি — লব্ধোকির্তি
লব্ধপ্রতিষ্ঠ — লব্ধোপ্রোতিশ্ঠো
লব্ধপ্রবেশ — লব্ধোপ্রোবেশ্
লভনীয় (লভ্য) — লভোনিয়ো
লভ্য — লোব্ভো
লম্পট — লম্পট্/লম্পোট্
লম্ফ — লম্ফো
লম্ফঝম্ফ — লম্ফোঝম্ফো
লম্ফন — লম্ফোন্
লম্ব — লম্বো
লম্বকর্ণ — লম্বোকর্নো
লম্বন — লম্বোন্
লম্বমান — লম্বোমান্
লম্বরদার — লম্বর্দার্
লম্বা — লম্বা
লম্বাটে — লম্বাটে
লম্বালম্বি – লম্বালোম্বি
লম্বিত — লোম্বিতো
লম্বিমালা — লোম্বিমালা
লম্বোদর — লম্বোদর্
লয় — লয়্
লয়হীন — লয়্হিন্
লয়ে ( < লইয়া) — লোয়ে

ললৎ (লোলুপ) — ললত্/ললোত্
ললন ( বিলাস, কম্পন ) — ললোন্
ললনা — ললোনা
ললন্তিকা ( কণ্ঠহার ) ললোন্তিকা
ললাট — ললাট্
ললাম ( ললাট ভূষণ ) — ললাম্
ললিত — লোলিতো / ( নাম হলে ) লোলিত্
ললিতকলা — লোলিতোকলা
ললিতা — লোলিতা
লস্কর — লশ্কর্
লস্করী — লশ্কোরি
লসসী — লোস্সি
লহ ( পদ্যে, গ্রহণ কর ) — লহো
লহনা — লহোনা
লহমা — লহোমা
লহর — লহোর্
লহরি,-রী — লহোরি
লহু —লোহু
লাইট (light ) লাইট্
লাইন (line) — লাইন্
লাইলাক ( lilac) — লাইলাক্
লাইলাতুলকদর — লাইলাতুল্কদোর্
লাওয়ারিশ — লাওয়ারিশ্
লাকড়ি — লাক্ড়ি
লাক্ষণিক — লাক্খোনিক্
লাক্ষণ্য — লাক্খোন্নো
লাক্ষাতরু — লাক্খাতোরু
লাক্ষারস — লাক্খারশ্
লাখ — লাখ্
লাখপতি — লাখোপোতি
লাখলাখ — লাখ্লাখ্
লাখেরাজ — লাখেরাজ্
লাগ — লাগ্
লাগসই — লাগ্শোই
লাগাড় — লাগাড়্
লাগাতার — লাগাতার্
লাগাদ — লাগাদ্

লাগান — লাগানো
লাগাম — লাগাম্
লাঘব — লাঘোব্
লাঙল — লাঙোল্
লাঙ্গল — লাঙগোল্
লাঙ্গলদড়ি — লাঙগোল্দোড়ি
লাঙ্গলদণ্ড —লাঙগোল্দন্ডো
লাঙ্গলী — লাঙগোলি
লাঙ্গুল — লাঙগুল্
লাচার — লাচার্
লাজ (খই) — লাজ্
লা-জওয়াব — লা-জওয়াব্
লাজবর্ষণ — লাজ্বর্শোন্
লাজলজ্জা — লাজ্লজ্জা
লাজশোণিমা — লাজ্শোনিমা
লাজুক — লাজুক্
লাঞ্ছন — লান্ছোন্
লাঞ্ছনা — লান্ছোনা
লাঞ্ছিত — লান্ছিতো
লাট – লাট্
লাটবন্দী — লাট্বোন্দি
লাটবেলাট — লাট্বেলাট্
লাটসাহেব — লাট্শাহেব্
লাটানুপ্রাস — লাটানুপ্প্রাশ্
লাটিম,-টীম — লাটিম্
লাঠিখেলা — লাঠিখ্যালা
লাঠিয়াল — লাঠিয়াল্
লাঠ্যৌষধি — লাট্ঠোউশোধি
লাড্ডু — লাড্ডু
লাড়ুগোপাল — লাড়ুগোপাল্
লাফ — লাফ্
লাফঝাঁপ — লাফ্ঝাঁপ্
লাফান — লাফানো
লাবড়া — লাব্ড়া
লাবণ — লাবোন্
লাবণি — লাবোনি
লাবণিক — লাবোনিক্
লাবণ্য — লাবোন্নো
লাবণ্যময়ী — লাবোন্নোমোয়ি
লাবণ্যার্জিত — লাবোন্নার্জিতো
লাভ — লাভ্
লাভজনক — লাভ্জনোক্
লাভবান — লাভোবান্
লাভ-লোকসান — লাভ্লোক্শান্
লাভালাভ — লাভালাভ্
লাম্পট্য — লাম্পোট্টো
লায়েক — লায়েক্
লাল — লাল্
লালক — লালোক্
লালচ — লালোচ্
লালচে — লাল্চে
লালদালান — লাল্দালান্
লালন — লালোন্
লালপাগড়ি — লাল্পাগ্ড়ি
লালন-পালন — লালোন্পালোন্
লালমুখ — লাল্মুখো
লালমোহন — লাল্মোহোন্
লালসা — লালোশা
লালাপোশ — লালাপোশ্
লালায়িত — লালায়িতো
লালাস্রাব — লালাস্স্রাব্
লালিত — লালিতো
লালিত-পালিত — লালিতোপালিতো
লালিত্য — লালিত্তো
লাশ,-স — লাশ্
লা-শরীক — লাশোরিক্
লাস্য — লাশ্শো
লাস্যগতি — লাশ্শোগোতি
লাস্যময়ী — লাশ্শোমোয়ি
লিকলিকে — লিক্লিকে
লিকার (liquar) — লিকার্
লিখন — লিখন্
লিখন-পদ্ধতি — লিখন্পদ্ধোতি
লিখিত — লিখিতো

লিখিতব্য — লিখিতোব্‌বো
লিঙ্গ — লিঙগো
লিঙ্গদেহ — লিঙগোদেহো
লিঙ্গশরীর — লিঙগোশোরির্‌
লিঙ্গায়েত — লিঙগায়েত্‌
লিজ্জে ( লইবে, ধরিবে ) লিজ্‌জে
লিটার (litre) — লিটার্‌
লিডার (leader) — লিডার্‌
লিপস্টিক (lipstick) — লিপ্‌স্‌টিক্‌
লিপিকর — লিপিকর্‌
লিপিকার — লিপিকার্‌
লিপিকৌশল — লিপিকোউশল্‌
লিপিচাতুর্য — লিপিচাতুর্‌জো
লিপিজ্ঞান — লিপিগগ্যাঁন্‌
লিপিপ্রমাদ — লিপিপ্রোমাদ্‌
লিপিবদ্ধ — লিপিবদ্‌ধো
লিপিবিদ্যা — লিপিবিদ্‌দা
লিপিভুক্ত — লিপিভুক্‌তো
লিপ্ত — লিপ্‌তো
লিপ্তপদ — লিপ্‌তোপদো
লিপ্তপাদ — লিপ্‌তোপাদো
লিপ্তবাসিত — লিপ্‌তোবাশিতো
লিপ্তহস্ত — লিপ্‌তোহস্‌তো
লিপ্সা — লিপ্‌শা
লিপ্সু — লিপ্‌শু
লিপ্যন্তর — লিপ্‌পোন্‌তর্‌/লিপ্‌পন্‌তর্‌
লিভার (liver) — লিভার্‌
লিরিক (lyric) — লিরিক্‌
লিলিপুট (lilliput) — লিলিপুট্‌
লীগ (league) — লিগ্‌
লীঢ় — লিঢ়ো ( liṛho )
লীন — লিনো/লিন্‌
লীনাঙ্গিনী — লিনাঙগিনি
লীলাকমল — লিলাকমোল্‌
লীলাকানন — লিলাকানোন্‌
লীলাক্ষেত্র — লিলাখেত্‌ত্রো
লীলাখেলা — লিলাখ্যালা
লীলাচঞ্চল — লিনাচন্‌চল্‌
লীলানৃত্য — লিলানৃত্‌তো
লীলাবতী — লিলাবোতি
লীলাময়ী — লিলামোয়ি
লীলায়িত — লিলায়িতো
লীলাসঙ্গিনী — লিলাশোঙগিনি
লীলাস্থলী — লিলাস্‌থোলি
লীলাস্মিত — লিলাস্‌মিতো
লুইপাদ — লুইপাদো
লুক — লুক্‌
লুকান — লুকানো
লুকিত — লুকিতো
লুক্কায়িত — লুক্‌কায়িতো
লুঙ্গি,-ঙ্গী — লুঙগি
লুচ্চা — লুচ্‌চা
লুট,-ঠ — লুট্‌/,- ঠ্‌
লুটতরাজ — লুট্‌তরাজ্‌
লুটপাট — লুট্‌পাট্‌
লুটান — লুটানো
লুটেরা — লুটেরা
লুঠ — লুঠ্‌
লুঠন — লুঠন্‌/লুঠোন্‌
লুঠিত — লুঠিতো
লুণ্ঠক — লুন্‌ঠক্‌
লুণ্ঠন — লুনঠন্‌
লুণ্ঠিত — লুন্‌ঠিতো
লুণ্ঠ্যমান — লুন্‌ঠোমান্‌
লুপ্ত — লুপ্‌তো
লুপ্তপ্রায় - লুপ্‌তোপ্‌প্রায়্‌
লুপ্তি — লুপ্‌তি
লুপ্তোদ্ধার — লুপ্‌তোদ্‌ধার্‌
লুপ্তোপমা — লুপ্‌তোপোমা
লুব্ধ — লুব্‌ধো
লুব্ধক — লুব্‌ধক্‌/লুব্‌ধোক্‌
লুব্ধমতি — লুব্‌ধোমোতি
লুম্বিনী — লুম্‌বিনি
লুলিত — লুলিতো

লূতাজাল — লুতাজাল্
লূতাতন্তু — লুতাতোন্‌তু
লেই — লেই
লেং — ল্যাঙ
লেংচা — ল্যাঙচা
লেংচান — ল্যাঙচানো
লেংটা — ল্যাঙটা
লেংটি — লেঙটি
লেংড়া — ল্যাঙড়া
লেংড়াআম — ল্যাঙড়াআম্
লেংড়ান — ল্যাঙড়ানো
লেং–মারা — ল্যাঙমারা
লেক (lake) — লেক্
লেকচার (lecture) –লেক্‌চার্
লেকিন — লেকিন্
লেখ — লেখো
লেখক — লেখক্/লেখোক্
লেখন — লেখোন্
লেখনী – লেখোনি
লেখনীয় — লেখোনিয়ো
লেখসামগ্রী — লেখোশামোগ্‌গ্রি
লেখা — লেখা
লেখাজোখা — লেখাজোখা
লেখান — লেখানো
লেখাপড়া — লেখাপড়া
লেখালিখি — লেখালিখি
লেখিকা — লেখিকা
লেখিত — লেখিতো
লেখ্য — লেক্‌খো
লেখ্যগত — লেক্‌খোগতো
লেখ্যপত্র — লেক্‌খোপত্‌ত্রো
লেখ্যস্থান — লেক্‌খোস্‌থান্
লেখ্যোপকরণ — লেক্‌খোপোকরোন্
লেঙ্গট — ল্যাঙগোট্
লেঙ্গুড় — লেঙগুড়্
লেজ — ল্যাজ্/লেজ্
লেজগুটান — ল্যাজ্‌গুটানো
লেজঝোলা — ল্যাজ্‌ঝোলা/লেজ্‌ঝোলা
লেজা — ল্যাজা
লেজামুড়া — ল্যাজামুড়া
লেজে–গোবরে — ল্যাজেগোবোরে/লেজেগোবোরে
লেজুড় — লেজুড়্
লেজুড়বৃত্তি — লেজুড়্‌বৃত্‌তি
লেটা (বিরোধ) — ল্যাটা
লেঠা — ল্যাঠা
লেঠেল — লেঠেল্
লেড়কা — লেড়্‌কা/ল্যাড়্‌কা
লেড়কী — লেড়্‌কি
লেড়ামাথা — ল্যাড়ামাথা
লেডিকেনি (lady canning) — লেডিকেনি
লেত্তি — লেত্‌তি
লেদাড়ু — ল্যাদাড়ু
লেন (lane) — লেন্
লেনদেন — লেন্‌দেন্
লেনাদেনা — লেনাদেনা
লেপ — লেপ্
লেপক — লেপক্/লেপোক্
লেপচা — লেপ্‌চা
লেপটা — ল্যাপ্‌টা
লেপটান — ল্যাপ্‌টানো
লেপন — লেপন্/লেপোন্
লেপনীয় — লেপোনিয়ো
লেপা — ল্যাপা/লেপা
লেপান — ল্যাপানো/লেপানো
লেপ্য — লেপ্‌পো
লেফাফা (আরবী, লিফাফা) — লেফাফা
লেফাফাদুরস্ত — লেফাফাদুরস্‌ত্/–দুরস্‌তো
লেফাফাদোরস্ত — লেফাফাদোরস্‌ত্
লেবাস — লেবাস্
লেবু — লেবু
লেবেল — লেবেল্
লেলা — ল্যালা
লেলাখেপা,–ক্ষেপা — ল্যালাখ্যাপা

লেলান — ল্যালানো
লেলিহ্ — লেলিহো
লেলিহান — লেলিহান্
লেশ — লেশ্
লেশমাত্র — লেশ্মাত্ত্রো
লেস (lace) — লেস্
লেহ — লেহো
লেহন — লেহোন্
লেহনীয় — লেহোনিয়ো
লেহাজ — লেহাজ্
লেহ্য — লেজ্ঝো
লৈখিক — লোইখিক্
লৈঙ্গিক — লোইঙগিক্
লোক — লোক্
লোককথা — লোকোকথা
লোককান্ত — লোকোকান্তো
লোকক্ষয় — লোকোক্খয়্
লোকগাথা — লোকোগাথা
লোকগীতি — লোকোগিতি
লোকচক্ষু — লোকোচোক্খু
লোকচরিত্র — লোকোচোরিত্ত্রো
লোকজন — লোক্জন্/-জোন্
লোকতঃ — লোকোতো
লোকতন্ত্র — লোকোতন্ত্রো
লোকদেখান — লোক্দ্যাখানো
লোকনাট্য — লোকোনাট্টো
লোকনাথ — লোকোনাথ্/লোক্নাথ্
লোকনিন্দা — লোকোনিন্দা
লোকনীতি — লোকোনিতি
লোকনৃত্য — লোকোনৃত্তো
লোকপরম্পরা — লোকোপরোম্পরা
লোকপাল — লোকোপাল্
লোকপালক — লোকোপালোক্
লোকপ্রবাদ — লোকোপ্রোবাদ্
লোকপ্রশাসন — লোকোপ্রোশাশন/
লোক্প্রোশাশোন্
লোকপ্রসিদ্ধি — লোকোপ্রোশিদ্ধি
লোকবল — লোকোবল্
লোকবহির্ভূত — লোকোবোহির্ভুতো
লোকবাদ — লোকোবাদ্
লোকবাহ্য — লোকোবাজ্ঝো
লোকব্যবহার — লোকোব্যাবোহার্
লোকমত — লোকোমত্
লোকমা (গ্রাস) — লোক্মা
লোকযাত্রা — লোকোজাত্ত্রা
লোকরঞ্জন — লোকোরন্জন্
লোকলজ্জা — লোকোলজ্জা
লোকলস্কর — লোক্লশ্কর্
লোকলীলা — লোকোলিলা
লোকলোকান্তর — লোকোলোকান্তর
লোকলৌকিকতা — লোকোলোউকিকতা
লোকশিক্ষা — লোকোশিক্খা
লোকসংস্কৃতি — লোকোশঙশ্কৃতি
লোকসঙ্গীত — লোকোশোঙগিত্
লোকসভা — লোক্শভা
লোকসমাজ — লোকোশমাজ্
লোকসান — লোক্শান্
লোকস্থিতি — লোকোস্থিতি
লোকহাসান — লোক্হাশানো
লোকহিত — লোকোহিতো/-হিত্
লোকহিতৈষী — লোকোহিতোইশি
লোকাকীর্ণ — লোকাকির্নো
লোকাচার — লোকাচার্
লোকাতিগ — লোকাতিগো
লোকাতীত — লোকাতিতো
লোকান্তর — লোকান্তর্
লোকান্তরিত — লোকান্তোরিতো
লোকাপবাদ — লোকাপোবাদ্
লোকাভাব — লোকাভাব্
লোকায়ত — লোকায়তো/লোকায়োতো
লোকায়তরাষ্ট্র (secular state) —
লোকায়তোরাশ্ট্রো
লোকায়তিক — লোকায়োতিক্
লোকায়ত্ত — লোকায়ত্তো/লোকায়োত্তো

লোকারণ্য — লোকারোন্নো
লোকালয় — লোকালয়্
লোকালোক — লোকালোক্
লোকেশ — লোকেশ্
লোকোত্তর — লোকোত্তর্
লোচন — লোচোন্
লোচনরোচন — লোচোন্রোচোন্
লোচনলোভন — লোচোনলোভোন্
লোচনানন্দ — লোচোনানন্দো
লোচ্চা — লোচ্চা
লোটন — লোটোন্
লোটান — লোটানো
লোধ্র — লোদ্ধ্রো
লোধ্ররেণু — লোদ্ধ্রোরেনু
লোপ —লোপ্
লোপাট — লোপাট্
লোপাপত্তি — লোপাপোত্তি
লোপামুদ্রা — লোপামুদ্রা
লোবান — লোবান্
লোবানদানী — লোবান্দানি
লোভ — লোভ্
লোভন — লোভোন্
লোভনীয় — লোভোনিয়ো
লোভাতুর — লোভাতুর্
লোভাত্তি — লোভাত্তি
লোভিত — লোভিতো
লোভ্য — লোব্ভো
লোম — লোম্
লোমকূপ — লোম্কূপ্
লোমজ — লোমোজো
লোমফোড়া — [illegible]ফোড়া
লোমরাজি — লোমোরাজি
লোমশ — লোমোশো/লোমোশ্
লোমহর্ষ — লোমোহর্শো
লোমহর্ষণ — লোমোহর্শোন্
লোমাঞ্চ — লোমান্চো
লোমাঞ্চিত — লোমান্চিতো
লোমাবলি, -লী — লোমাবোলি
লোমোদ্গম — লোমোদ্গমো/-গম্
লোমোদ্ভেদ — লোমোদ্ভেদ্
লোর ( পদ্যে, অশ্রু ) — লোর্
লোল — লোলো/লোল্
লোলচর্ম — লোলোচর্মো
লোলজিহ্বা — লোলোজিউভা
লোলদৃষ্টি — লোলোদৃশ্টি
লোলাঙ্গী — লোলাঙ্গি
লোলায়মান — লোলায়োমান্
লোলিত — লোলিতো/(নাম হলে) লোলিত্
লোলুপ — লোলুপ্
লোষ্ট্র — লোশ্ট্রো
লোহা-কাঠ — লোহাকাঠ্
লোহালক্কড় — লোহালক্কোড়্
লোহিত — লোহিতো/লোহিত্
লোহিতক — লোহিতক্
লোহিতচন্দন — লোহিত্চন্দোন্
লোহিতলোচন — লোহিত্লোচোন্
লোহিতসাগর — লোহিত্শাগোর্
লোহিতাক্ষ — লোহিতাক্খো
লোহিতাঙ্গ — লোহিতাঙগো
লৌকিক — লোউকিক্
লৌকিকতা — লোউকিকতা
লৌলমর্ম — লোউলোমর্মো
লৌল্য — লোউল্লো
লৌহ — লোউহো
লৌহকণ্টক — লোউহোকন্টোক্
লৌহকার — লোউহোকার্
লৌহবর্ত্ম — লোউহোবর্তোঁ
লৌহভাণ্ড — লোউহোভান্ডো
লৌহমল — লোউহোমল্
লৌহিত্য — লোউহিত্তো
ল্যাংবোট (long boat) — ল্যাঙবোট্

## শ

শংসন — শঙশন্
শংসাপত্র(testimonial)–শঙশাপত্ত্রো
শংসাবচন (citation)—শঙশাবচোন্
শংসিত — শঙশিতো/শোঙশিতো
শংস্য — শঙশো
শক — শক্
শকট — শকোট্
শকটচালক — শকোট্চালোক্
শকটব্যূহ — শকটোবুহো
শকটিকা — শকোটিকা
শকতি (পদ্যে, শক্তি) — শকোতি
শকল — শকোল্
শকলী (আঁশযুক্ত) — শকোলি
শকাব্দ — শকাব্দো
শকার-বকার — শকারবকার্
শকুন — শোকুন্
শকুনজ্ঞ — শোকুনোগগোঁ
শকুনতত্ত্ব — শোকুনোতত্তো
শকুনি — শোকুনি
শকুন্ত — শোকুন্তো
শকুন্তলা — শোকুন্তলা
শকুল — শোকুল্
শক্ত — শক্তো
শক্তি — শোক্তি
শক্তিউপাসক—শোক্তিউপাশক্/-শোক্
শক্তিধর — শোক্তিধর্
শক্তিপ্রয়োগ — শোক্তিপ্রোয়োগ্
শক্তিমত্তা — শোক্তিমত্তা
শক্তিমান — শোক্তিমান্
শক্তিশালী — শোক্তিশালি
শক্তিশেল — শোক্তিশেল্
শক্তিসাধক — শোক্তিশাধোক্
শক্তিহীন — শোক্তিহিন্
শক্তু — শোক্তু
শক্য — শোক্কো
শক্র — শক্ক্রো
শক্রজিৎ — শক্ক্রোজিত্
শক্রধনু — শক্ক্রোধোনু
শক্রবাহন — শক্ক্রোবাহোন্
শক্রোৎসব — শক্ক্রোত্শব্
শঙ্কনীয় — শঙকোনিয়ো
শঙ্কর — শঙকর্/শঙকোর্
শঙ্করাচার্য — শঙকরাচার্জো
শঙ্করাভরণ – শঙকরাভোরন্/–ভরোন্
শঙ্করী — শঙকোরি
শঙ্কা — শঙকা
শঙ্কাহরণ — শঙকাহরোন্
শঙ্কাহীন — শঙকাহিন্
শঙ্কিত — শোঙকিতো
শঙ্কু — শোঙকু
শঙ্কুকর্ণ — শোঙকুকরনো
শঙ্কুপট্ট (সূর্যঘড়ি, sun-dial) —
শোঙকুপট্টো
শঙ্খ — শঙখো
শঙ্খকার — শঙখোকার্
শঙ্খচক্রগদাপদ্মধারী —
শঙখোচক্ক্রোগদাপদ্দোঁধারি
শঙ্খচিল — শঙখোচিল্
শঙ্খচূড় — শঙখোচুড়্
শঙ্খচূর্ণ — শঙখোচুর্নো
শঙ্খধ্বনি — শঙখোদ্ধোনি
শঙ্খনাদ — শঙখোনাদ্
শঙ্খবণিক — শঙখোবোনিক্
শঙ্খবলয় — শঙখোবলয়্
শঙ্খবিষ — শঙখোবিশ্
শঙ্খমুখ — শঙখোমুখ্
শঙ্খিনী — শোঙখিনি
শচী,-চি — শোচি
শচীনন্দন — শোচিনন্দোন্
শচীপতি — শোচিপোতি
শচীবিলাস — শোচিবিলাশ্
শচীশ — শোচিশ্

শজনে — শোজ্‌নে
শজিনা — শোজিনা
শটকা — শট্‌কা
শটন (পচনক্রিয়া) — শটোন্
শটি,-টী — শোটি
শটিত — শোটিতো
শঠ — শঠ্
শঠেশাঠ্যং — শঠেশাট্‌ঠঙ
শণ — শন্
শণসূত্র — শনোশুত্‌ত্রো
শত — শতো
শতক (১০০ সংখ্যা) — শতোক্
শতক (শতাব্দ) — শতক্
শতকরা — শত্‌করা
শতকিয়া — শতোকিয়া
শতকীর্তি — শতোকির্‌তি
শতকোটি — শতোকোটি
শতক্রতু (ইন্দ্র) — শতোক্রোতু
শতগ্রন্থি — শতোগ্রোন্‌থি
শতঘ্নী — শতোঘ্‌নি
শতচেষ্টা — শতোচেশ্‌টা
শতচ্ছদ — শতোচ্‌ছদ্
শতচ্ছিন্ন — শতোচ্‌ছিন্‌নো
শতজীবী — শতোজিবি
শততম — শতোতমো
শতদল — শতোদল্
শতদলবাসিনী — শতোদল্‌বাশিনি
শতদ্রু — শতোদ্‌দ্রু
শতধা — শতোধা
শতধার — শতোধার্
শতনরী — শতোনোরি/শত্‌নোরি
শতপত্র — শতোপত্‌ত্রো
শতপত্রী — শতোপোত্‌ত্রি
শতপথব্রাহ্মণ — শতোপথ্‌ব্রাম্‌হোন্ (-ব্রাম্‌mhon্)
শতপদী — শতোপোদি
শতপাদিকা — শতোপাদিকা
শতপুষ্প — শতোপুশ্‌পো
শতবান — শতোবান্
শতভিষা — শতোভিশা
শতমুখ — শতোমুখ্
শতমুখী — শতোমুখি
শতমূলী — শতোমুলি
শতরঞ্জ — শত্‌রন্‌জো
শতরঞ্জি — শত্‌রোন্‌জি
শতশঃ — শতোশো
শতশৃঙ্গ — শতোসৃঙগো
শতসহস্র — শতোশহোস্‌স্রো
শতাংশ — শতাঙশো
শতাবধি — শতাবোধি
শতাব্দ — শতাব্‌দো
শতাব্দী — শতাব্‌দি
শতায়ুঃ,-য়ু — শতায়ু
শতেক — শতেক্
শতেকখাকী,-গী — শতেক্‌খাকি,-গি
শতেকখোয়ারি — শতেক্‌খোয়ারি
শত্রু — শোত্‌ত্রু
শত্রুঘ্ন — শোত্‌ত্রুঘ্‌নো
শত্রুজয়ী — শোত্‌ত্রুজোয়ি
শত্রুজিৎ — শোত্‌ত্রুজিত্
শত্রুঞ্জয় — শোত্‌ত্রুন্‌জয়্
শত্রুতা — শোত্‌ত্রুতা
শত্রুনাশ — শোত্‌ত্রুনাশ্
শত্রুপক্ষ — শোত্‌ত্রুপোক্‌খো
শত্রুমর্দন — শোত্‌ত্রুমর্‌দন্/-দোন্
শত্রুমিত্রভেদ — শোত্‌ত্রুমিত্‌ত্রোভেদ্
শত্রুসঙ্কুল — শোত্‌ত্রুশঙকুল্/-শোঙকুল্
শনশন — শন্‌শন্
শনাক্ত — শনাক্‌তো
শনি — শোনি
শনিবার — শোনিবার্
শনিরদৃষ্টি — শোনির্‌দৃশ্‌টি
শনৈঃশনৈঃ — শনোইশনোই
শনৈশ্চর — শনোইশ্‌চর

শপ — শপ্
শপতি (কাব্যে) — শপোতি
শপথ — শপথ্/শপোথ্
শপ্ত — শপ্তো
শফর (পুঁটিমাছ) — শফোর্
শফরী — শফোরি
শব — শব্
শবকর্ম — শবোকর্মো
শবদহন — শব্দহোন্
শবদাহ — শব্দাহো
শবদাহস্থান — শব্দাহোস্থান্
শবনম,-নাম — শব্নম্,-নাম্
শববাহক — শব্বাহোক্
শবব্যবচ্ছেদ — শব্ব্যাবোচ্ছেদ্
শবযাত্রা — শব্জাত্ত্রা
শবযান — শবোজান্
শবর (জাতি বিশেষ) — শবোর্
শবরী — শবোরি
শবল (নানাবর্ণযুকত) — শবল্/শবোল্
শবলী — শবোলি
শবসৎকার — শবোশত্কার্
শবসাধনা - শবোশাধোনা/শব্শাধোনা
শবাধার — শবাধার্
শবানুগমন — শবানুগমোন্
শবানুযাত্রী — শবানুজাত্ত্রি
শবাসন - শবাশোন্
শবাহারী — শবাহ ারি
শবেকদর — শবেকদোর্
শবেবরাত — শবেবরাত্
শবেমেরাজ - শবেমেরাজ্
শব্দ — শব্দো
শব্দকোষ — শব্দোকোশ্
শব্দগত — শব্দোগতো
শব্দচাতুর্য — শব্দোচাতুর্জো
শব্দচোর — শব্দোচোর্
শব্দতরঙ্গ — শব্দোতরঙগো
শব্দ ্পত্তি — শব্দোনিশ্পোত্তি
শব্দবহ — শব্দোবহো
শব্দবিদ্যা — শব্দোবিদ্দা
শব্দবিন্যাস — শব্দোবিন্ন্যাশ্/-নাশ্
শব্দবৃত্তি — শব্দোবৃত্তি
শব্দবেধী — শব্দোবেধি
শব্দব্রহ্ম — শব্দোব্রোম্হো/-ব্রোম্mho
শব্দভেদী — শব্দোভেদি
শব্দশক্তি — শব্দোশোক্তি
শব্দশাস্ত্র — শব্দোশাস্ত্রো
শব্দহীন — শব্দোহিন্
শব্দাক্ষর — শব্দাক্খর্/-খোর্
শব্দাতীত — শব্দাতিতো/-তিত্
শব্দানুশাসন — শব্দানুশাশোন্
শব্দায়মান — শব্দায়োমান্
শব্দার্থ — শব্দার্থো
শব্দালঙ্কার — শব্দালঙকার্
শব্দিত — শোব্দিতো
শম — শম্
শমন — শমোন্
শমনভবন — শমোন্ভবোন্
শমনসদন — শমনোশদোন্/শমোন্শদোন্
শমনীয় — শমোনিয়ো
শময়িতা — শমোয়িতা
শমসের,-শের — শম্শের্
শমি,-মী — শোমি
শমিত — শোমিতো
শম্পা - শম্পা
শম্বর — শম্বর্
শম্বরসূদন — শম্বরোশুদন্
শম্বুক — শোম্বুক্
শম্বুকগতি — শোম্বুক্গোতি
শম্ভু — শোম্ভু
শম্ভুকান্তা — শোম্ভুকান্তা
শয়তান — শয়্তান্
শয়ন — শয়োন্
শয়নকক্ষ — শয়োন্কোক্খো
শয়নগৃহ — শয়োন্গৃহো

শয়নমন্দির — শয়োন্‌মোন্‌দির্
শয়নাগার — শয়োনাগার্
শয়ান — শয়ান্
শয়িত — শোয়িতো
শয্যা — শোজ্‌জা
শয্যাকণ্টকী — শোজ্‌জাকন্‌টোকি
শয্যাগত — শোজ্‌জাগতো
শয্যাগার — শোজ্‌জাগার্
শয্যাগৃহ — শোজ্‌জাগৃহো
শয্যাতল — শোজ্‌জাতল্
শয্যারচনা - শোজ্‌জারচোনা
শয্যাশায়ী — শোজ্‌জাশায়ি
শয্যাসঙ্গিনী — শোজ্‌জাশোঙগিনি
শয্যাসহচরী — শোজ্‌জাশহোচোরি
শয্যাস্তরণ — শোজ্‌জাস্‌তরোন্
শর — শর্
শরক্ষেপ — শরোক্‌খেপ্
শরক্ষেপণ — শরোক্‌খেপন্/-পোন্
শরচ্চন্দ্র — শরোচ্‌চন্‌দ্রো
শরজাল — শরোজাল্
শরণ — শরোন্
শরণাগত — শরোনাগতো
শরণাপন্ন — শরোনাপন্‌নো
শরণার্থী — শরোনার্‌থি
শরণি,-ণী — শরোনি
শরণ্য — শরোন্‌নো
শরত্যাগ — শরোত্‌ত্যাগ্
শরৎ — শরোত্
শরদ — শরোদ্
শরদিন্দু — শরোদিন্‌দু
শরদিন্দুনিভাননা — শরোদিন্‌দুনিভাননা
শরনিক্ষেপ — শরোনিক্‌খেপ্
শরবত — শর্‌বত্/শর্‌বোত্
শরবর্ষণ — শরোবর্‌শন্/শরোবরশোন্
শরবিদ্ধ — শরোবিদ্‌ধো
শরব্য — শরোব্‌বো
শরভ (মৃগ বিশেষ) — শরভ্/শরোভ্
শরম — শরোম্
শরমার্ত — শরোমার্‌তো
শরমিন্দা — শর্‌মিন্‌দা
শরশয্যা — শরোশোজ্‌জা
শরসন্ধান — শরোশন্‌ধান্
শরাব — শরাব্
শরাবনতহুরা — শরাবন্‌তোহুরা
শরাসন — শরাশোন্
শরাহত — শরাহতো
শরিক,-রীক — শোরিক্
শরিকান — শোরিকান্
শরিফ,-রীফ — শোরিফ্
শরিয়ত — শোরিয়ত্
শরিয়তি,-তী — শোরিয়োতি
শরীর — শোরির্
শরীরগত — শোরির্‌গতো
শরীরগতিক — শোরির্‌গোতিক্
শরীরজ — শোরিরজো
শরীরপাত — শোরির্‌পাত্
শরীরবৈকল্য — শোরির্‌বোইকোল্‌লো
শরীরী — শোরিরি
শর্করা — শর্‌করা
শর্করাবৎ — শর্‌করাবত্
শর্করিক - শর্‌কোরিক্
শর্কী (পূর্ব দেশীয়) — শোর্‌কি
শর্ত — শর্‌তো
শর্তভঙ্গ — শর্‌তোভঙগো
শর্তা (কাটারী বিশেষ) — শর্‌তা
শর্ব — শর্‌বো
শর্বরী — শর্‌বোরি
শর্বাণী — শর্‌বানি
শর্ম — শর্‌মো
শর্মা — শর্‌মা
শর্মী — শোর্‌মি
শলি,-লী (শস্যের পরিমাপ বিশেষ) — শোলি
শলিতা — শোলিতা
শল্ক — শল্‌কো

শল্য — শোল্‌লো
শল্যচিকিৎসা — শোল্‌লোচিকিত্‌শা
শল্যতন্ত্র — শোল্‌লোতন্‌ত্রো
শল্যপর্ব — শোল্‌লোপর্‌বো
শল্ল — শল্‌লো
শল্লক — শল্‌লক্‌
শল্লকী — শল্‌লোকি
শশ — শশো
শশক — শশোক্‌
শশঘ্ন (বাজপাখী) — শশোঘ্‌নো
শশধর — শশোধর্‌
শশবৃত্তি — শশোবৃত্‌তি
শশব্যস্ত—শশোব্‌ব্যাস্‌তো/শশোব্যাস্‌তো
শশভৃৎ — শশোভৃত্‌
শশলক্ষণ — শশোলোক্‌খোন্‌
শশশৃঙ্গ — শশোসৃঙগো
শশাঙ্ক — শশাঙকো
শশিকর — শোশিকর্‌
শশিকলা — শোশিকলা
শশিকান্ত — শোশিকান্‌তো
শশিপ্রভা—শোশিপ্‌প্রোভা/শোশিপ্রোভা
শশিপ্রিয়া — শোশিপ্‌প্রিয়া/শোশিপ্রিয়া
শশিভূষণ — শোশিভুশন্‌
শশিমুখী — শোশিমুখি
শশিরেখা — শোশিরেখা
শশিলেখা — শোশিলেখা
শশিশেখর — শোশিশেখর্‌/-শেখোর্‌
শশী — শোশি
শশ্বৎ — শশ্‌শত্‌
শষ্প — শশ্‌পো
শষ্পশ্যাম — শশ্‌পোশ্‌শ্যাম্‌
শষ্পাবৃত — শশ্‌পাবৃতো
শষ্পিত — শোশ্‌পিতো
শস্ত্র — শস্‌ত্রো
শস্ত্রক — শস্‌ত্রক্‌/শস্‌ত্রোক্‌
শস্ত্রজীবী — শস্‌ত্রোজিবি
শস্ত্রধর — শস্‌ত্রোধর্‌
শস্ত্রপাণি — শস্‌ত্রোপানি
শস্ত্রভৃৎ — শস্‌ত্রোভৃত্‌
শস্ত্রবিদ্যা — শস্‌ত্রোবিদ্‌দা
শস্ত্রী — শোস্‌ত্রি
শস্য — শোশ্‌শো
শস্যক্ষেত্র — শোশ্‌শোখেত্‌ত্রো
শস্যপাল - শোশ্‌শোপাল্‌
শস্যমঞ্জরী — শোশ্‌শোমন্‌জোরি/-মোন্‌জোরি
শস্যশ্যামল — শোশ্‌শোশ্যামোল্‌
শস্য-সংস্থান — শোশ্‌শোশঙস্‌থান্‌
শস্যাগার — শোশ্‌শাগার্‌
শহর - শহোর্‌
শহরকোতয়াল — শহোর্‌কোতোয়াল্‌
শহরতলী,-লি — শহোর্‌তোলি
শহরস্থ — শহোরস্‌থো
শহীদ — শোহিদ্‌
শহীদমিনার — শোহিদ্‌মিনার্‌
শহীদান — শোহিদান্‌
শহুরে — শোহুরে
শাইলক (Shylock, অর্থপিশাচ ) — শাইলক্‌
শাঁওন (শ্রাবণ মাস) — শাওন্‌
শাঁওল (শ্যামল) — শাঁওল্‌
শাঁখ — শাঁখ্‌
শাঁখচিল — শাঁখ্‌চিল্‌
শাঁখচুন্নী — শাঁখ্‌চুন্‌নি
শাঁখারিবাজার — শাঁখারিবাজার্‌
শাঁস — শাঁশ্‌
শাঁসাল — শাঁশালো
শাক — শাক্‌
শাকপাতা — শাক্‌পাতা
শাকভাত — শাক্‌ভাত্‌
শাকরেদ — শাক্‌রেদ্‌
শাকরেদি,-দী — শাক্‌রেদি
শাকদ্বীপ — শাক্‌দিপ্‌
শাকম্ভরী — শাকোম্‌ভোরি
শাকসবজি — শাক্‌শোব্‌জি

শাকান্ন — শাকান্‌নো
শাকুন — শাকুন্
শাকুনিক — শাকুনিক্
শাক্ত — শাক্‌তো
শাক্য — শাক্‌কো
শাক্যসিংহ — শাক্‌কোশিঙহো
শাখাগ্র — শাখাগ্‌গ্রো
শাখাচ্যুত — শাখাচ্‌চুতো
শাখানদী — শাখানোদি
শাখান্তরাল — শাখান্‌তোরাল্
শাখামৃগ — শাখামৃগো
শাগরেদ — শাগ্‌রেদ্
শাঙন — শাঙোন্
শাটার — শাটার্
শাঠ্য — শাট্‌ঠো
শাড়ি,-ড়ী — শাড়ি
শাণ — শান্
শাণান — শানানো
শাণিত — শানিতো
শাণ্ডিল্য — শান্‌ডিল্‌লো
শাতন (ছেদন) — শাতোন্
শাদ্বল — শাদ্‌বল্
শানকি — শান্‌কি
শানবাঁধান — শান্‌বাঁধানো
শানে-নযুল — শানেনোজুল্
শান্ত — শান্‌তো
শান্তনু — শান্‌তোনু
শান্তভাব — শান্‌তোভাব্
শান্তমূর্তি — শান্‌তোমুর্‌তি
শান্তরস — শান্‌তোরশ্
শান্তশিষ্ট — শান্‌তোশিশ্‌টো
শান্তস্বভাব - শান্‌তোশভাব্
শান্তি — শান্‌তি
শান্তিজল — শান্‌তিজল্
শান্তিনিকেতন — শান্‌তিনিকেতন্
শান্তিপর্ব — শান্‌তিপর্‌বো
শান্তিপাঠ — শান্‌তিপাঠ্
শান্তিপুরী — শান্‌তিপুরি
শান্তিপ্রিয় — শান্‌তিপ্রিয়ো
শান্তিবচন — শান্‌তিবচোন্
শান্তিভঙ্গ - শান্‌তিভঙগো
শান্তিরক্ষক — শান্‌তিরোক্‌খোক্
শান্তিরক্ষা — শান্‌তিরোক্‌খা
শান্তিরঞ্জন — শান্‌তিরন্‌জোন্
শান্তিস্থাপন — শান্‌তিস্‌থাপোন্
শান্তিস্বস্ত্যয়ন — শান্‌তিশস্‌তয়ন্/-য়োন্
শান্ত্রীসেপাই — শান্‌ত্রিসেপাই
শাপ — শাপ্
শাপগ্রস্ত —শাপোগ্‌গ্রোস্‌তো/শাপোগ্রোস্‌তো
শাপনিবৃত্তি - শাপোনিবৃত্‌তি
শাপভ্রষ্ট — শাপোভ্রোশ্‌টো
শাপমণ্যি — শাপ্‌মোন্‌নি
শাপমুক্তি — শাপোমুক্‌তি/শাপ্‌মুক্‌তি
শাপমোচন — শাপ্‌মোচোন্
শাপলা — শাপ্‌লা
শাপান্ত — শাপান্‌তো
শাপিত — শাপিতো
শাপোদ্ধার — শাপোদ্‌ধার্
শাবক — শাবোক্
শাবল — শাবোল্
শাবান — শাবান্
শাবাশ — শাবাশ্
শাব্দ — শাব্‌দো
শাব্দিক — শাব্‌দিক্
শামর (ব্রজবুলিতে, শ্যামল) — শামরো/ শামোর্
শামরী — শামোরি
শামলা — শাম্‌লা
শামাদান — শামাদান্
শামিল — শামিল্
শামীকাবাব — শামিকাবাব্
শামুক — শামুক্
শায়ক — শায়োক্
শায়িত — শায়িতো

শায়েস্তা — শায়েস্‌তা
শারঙ্গ — শারঙগো/শারোঙগো
শারঙ্গী – শারোঙগি
শারদ — শারোদ্‌
শারদপূর্ণিমা — শারোদোপুর্‌নিমা/
শারোদ্‌পুর্‌নিমা
শারদযামিনী — শারোদোজামিনি
শারদশশী—শারোদোশোশি/শারোদ্‌শোশি
শারদা — শারোদা
শারদীয় — শারোদিয়ো
শারীর — শারির্‌
শারীরতত্ত্ব — শারির্‌তত্‌তো
শারীরবিদ্যা — শারির্‌বিদ্‌দা
শারীরবৃত্ত — শারির্‌বৃত্‌তো
শারীরস্থান — শারিরোস্‌থান্‌/শারির্‌স্থান্‌
শারীরিক — শারিরিক্‌
শার্কর — শার্‌কর্‌
শার্ঙ্গ — শারঙগো
শার্ঙ্গধর — শারঙগোধর্‌
শার্ঙ্গপাণি — শারঙগোপানি
শার্ঙ্গী — শারঙগি/শারোঙগি
শার্দূল — শার্‌দুল্‌
শার্দূলবিক্রীড়িত — শার্‌দুলোবিক্‌ক্রিড়িতো
শাল — শাল্‌
শালগম — শাল্‌গম্‌
শালগ্রাম — শাল্‌গ্রাম
শালতি — শাল্‌তি
শালদা (নদী বিশেষ) — শাল্‌দা
শালনির্যাস — শালোনির্‌জাশ্‌
শালপ্রাংশু — শালোপ্‌প্রাঙশু/শালোপ্রাঙশু
শালাজ — শালাজ্‌
শালাবৌ — শালাবোউ
শালিক — শালিক্‌
শালিবাহন — শালিবাহোন্‌
শালিস — শালিশ্‌
শালীন — শালিন্‌
শালুক,–লূক — শালুক্‌
শাল্মলি,–লী — শাল্‌মোলি
শাশ্বত — শাশ্‌শতো
শাশ্বতিক — শাশ্‌শোতিক্‌
শাশ্বতী — শাশ্‌শোতি
শাসক — শাশোক্‌
শাসন — শাশোন্‌
শাসনকর্তা — শাশোন্‌কর্‌তা
শাসনতন্ত্র — শাশোন্‌তন্‌ত্রো
শাসনপত্র — শাশোন্‌পত্‌ত্রো
শাসনাধীন — শাশোনাধিন্‌
শাসনীয় — শাশোনিয়ো
শাসান — শাশানো
শাসিত — শাশিতো
শাস্তর — শাস্‌তোর্‌
শাস্তি — শাস্‌তি
শাস্তিবিধান — শাস্‌তিবিধান্‌
শাস্ত্র — শাস্‌ত্রো
শাস্ত্রকার — শাস্‌ত্রোকার্‌
শাস্ত্রচর্চা - শাস্‌ত্রোচর্‌চা
শাস্ত্রজ্ঞ — শাস্‌ত্রোগ্‌গোঁ
শাস্ত্রজ্ঞানী — শাস্‌ত্রোগ্‌গ্যাঁনি
শাস্ত্রদর্শী — শাস্‌ত্রোদোর্‌শি
শাস্ত্রবিধি — শাস্‌ত্রোবিধি
শাস্ত্রবিহিত — শাস্‌ত্রোবিহিতো
শাস্ত্রব্যাখ্যা — শাস্‌ত্রোব্যাক্‌খা
শাস্ত্রসঙ্গত — শাস্‌ত্রোশঙগতো
শাস্ত্রসম্মত — শাস্‌ত্রোশম্‌মতো
শাস্ত্রানুমোদিত — শাস্‌ত্রানুমোদিতো
শাস্ত্রানুশীলন — শাস্‌ত্রানুশিলন্‌
শাস্ত্রার্থ — শাস্‌ত্রার্‌থো
শাস্ত্রালোচনা — শাস্‌ত্রালোচনা
শাস্ত্রী — শাস্‌ত্রি
শাস্ত্রীয় — শাস্‌ত্রিয়ো
শাস্ত্রোক্ত — শাস্‌ত্রোক্‌তো
শাস্য — শাস্‌শো
শাহজাহান — শাহ্‌জাহান্‌
শাহাদত — শাহাদত্‌

শাহীতক্ত — শাহিতক্‌ত্‌
শাহীপ্রাসাদ — শাহিপ্রাশাদ্‌
শাহীমুকুট — শাহিমুকুট্‌
শিউরান — শিউরানো
শিউলি — শিউলি
শিং — শিঙ
শিককাবাব — শিক্‌কাবাব্‌
শিকড় — শিকড়্‌
শিকদার — শিক্‌দার্‌
শিকল — শিকল্‌
শিকার — শিকার্‌
শিক্ষক — শিক্‌খক্‌/শিক্‌খোক্‌
শিক্ষণ — শিক্‌খন্‌
শিক্ষণীয় — শিক্‌খোনিয়ো
শিক্ষয়িতা — শিক্‌খোয়িতা
শিক্ষয়িত্রী — শিক্‌খোয়িত্‌ত্রি
শিক্ষা — শিক্‌খা
শিক্ষাদাতা — শিক্‌খাদাতা
শিক্ষাদান — শিক্‌খাদান্‌
শিক্ষাদিবস — শিক্‌খাদিবশ্‌
শিক্ষাদীক্ষা — শিক্‌খাদিক্‌খা
শিক্ষাধীন — শিক্‌খাধিন্‌
শিক্ষানবিস,-বীশ — শিক্‌খানোবিশ্‌
শিক্ষানৈপুণ্য — শিক্‌খানোইপুন্‌নো
শিক্ষাপদ্ধতি — শিক্‌খাপদ্‌ধোতি
শিক্ষাপ্রণালী — শিক্‌খাপ্রোনালি
শিক্ষাপ্রদ — শিক্‌খাপ্রোদো
শিক্ষাবিভাগ — শিক্‌খাবিভাগ্‌
শিক্ষাবিস্তার — শিক্‌খাবিস্‌তার্‌
শিক্ষামূলক — শিক্‌খামুলক্‌
শিক্ষার্থী — শিক্‌খার্‌থি
শিক্ষাসংস্কার — শিক্‌খাশঙশ্‌কার্‌
শিক্ষিত — শিক্‌খিতো
শিক্ষিতব্য — শিক্‌খিতোব্‌বো
শিক্ষিতসমাজ — শিক্‌খিতোশমাজ্‌
শিক্ষিতসম্প্রদায় —শিক্‌খিতোশম্‌প্রোদায়্‌
শিখ — শিখ্‌
শিখণ্ড — শিখন্‌ডো
শিখণ্ডী — শিখোন্‌ডি
শিখর — শিখর্‌
শিখরিণী — শিখোরিনি
শিখরিদশনা — শিখোরিদশোনা
শিখরী — শিখোরি
শিখান — শিখানো
শিখিধ্বজ — শিখিদ্‌ধজ্‌
শিখিবাহন — শিখিবাহোন্‌
শিগগির — শিগ্‌গির্‌
শিঙা — শিঙা
শিঙাড়া — শিঙাড়া
শিঙ্গা — শিঙগা
শিঙ্গাড়া — শিঙগাড়া
শিঞ্জন — শিন্‌জন্‌
শিঞ্জিত — শিন্‌জিতো
শিঞ্জিনী — শিন্‌জিনি
শিতিকণ্ঠ — শিতিকন্‌ঠো
শিথান — শিথান্‌
শিথিল — শিথিল্‌
শিপ্রা — শিপ্‌প্রা
শিব — শিব্‌
শিবচতুর্দশী — শিব্‌চোতুর্‌দোশি
শিবজ্ঞান — শিবোগ্‌গ্যাঁন্‌
শিবত্ব — শিবোত্‌তো
শিবনাথ — শিব্‌নাথ্‌
শিবনেত্র — শিবোনেত্‌ত্রো/শিব্‌নেত্‌ত্রো
শিববাহন — শিবোবাহোন্‌
শিবরাত্রি — শিবোরাত্‌ত্রি/শিব্‌রাত্‌ত্রি
শিবলিঙ্গ — শিবোলিঙগো/শিব্‌লিঙগো
শিবলোক — শিবোলোক্‌
শিবালয় — শিবালয়্‌
শিবির — শিবির্‌
শিম — শিম্‌
শিমুল — শিমুল্‌
শিমুলশিম্বী — শিমুলোশিম্‌বি
শিম্বিকা — শিম্‌বিকা

শিয়র — শিয়র্/শিয়োর্
শিয়াকুল — শিয়াকুল্
শিয়াল — শিয়াল্
শিয়ালকাঁটা — শিয়াল্কাঁটা
শিয়ালপণ্ডিত — শিয়াল্পোন্ডিত্
শিরঃ,-র — শিরো/শির্
শিরঃপীড়া — শিরোপিড়া
শিরঃশূল — শিরোশুল্
শিরঃস্নান — শিরোস্স্নান্/শিরোস্নান্
শিরদাঁড়া — শির্দাঁড়া
শিরনাম — শিরোনাম্
শিরনি,-নী — শির্নি
শিরপা — শিরোপা
শিরপেচ — শির্প্যাচ্
শিরশির — শির্শির্
শিরশ্ছেদন — শিরোশ্ছেদন্/-ছেদোন্
শিরসিজ — শিরোশিজো
শিরস্ক — শিরশ্কো/শিরোশ্কো
শিরস্ত্র — শিরোস্ত্রো
শিরস্ত্রাণ — শিরোস্ত্রান্
শিরামূল — শিরামুল্
শিরিষকাগজ — শিরিশ্কাগোজ্
শিরীষ — শিরিশ্
শিরীষকুসুম—শিরিশোকুশুম্/শিরিশ্কুশুম্
শিরোদেশ — শিরোদেশ্
শিরোধার্য — শিরোধার্জো
শিরোমণি — শিরোমোনি
শিরোরত্ন — শিরোরত্নো
শিরোরুহ — শিরোরুহো
শিরোস্থি — শিরোস্থি
শিল — শিল্
শিলাজতু — শিলাজোতু
শিলাপট্ট — শিলাপট্টো
শিলাবৃষ্টি — শিলাবৃশ্টি
শিলাময় — শিলাময়্
শিলারস — শিলারশ্
শিলাস্বেদ — শিলাশ্শেদ্
শিলীন্ধ্র — শিলিন্ধ্রো
শিলীন্ধ্রী — শিলিন্ধ্রি
শিলীপদ — শিলিপদো/-পদ্
শিলীভূত — শিলিভুতো
শিলীমুখ — শিলিমুখ্
শিল্প — শিল্পো
শিল্পকর্ম — শিল্পোকর্মো
শিল্পকলা — শিল্পোকলা
শিল্পকার — শিল্পোকার্
শিল্পকৌশল — শিল্পোকোউশল্
শিল্পবিদ্যালয় — শিল্পোবিদ্দালয়্
শিল্পরূপায়ণ — শিল্পোরুপায়ন্/-য়োন্
শিল্পশালা — শিল্পোশালা
শিল্পিক — শিল্পিক্
শিল্পী — শিল্পি
শিল্পোন্নতি — শিল্পোন্নোতি
শিশমহল — শিশ্মহোল্
শিশির — শিশির্
শিশিরধৌত — শিশির্ধোউতো
শিশিরসিক্ত — শিশির্শিক্তো
শিশিরস্নাত — শিশির্স্নাতো
শিশুক — শিশুক্
শিশুকাল — শিশুকাল্
শিশুতোষ — শিশুতোশ্
শিশুত্ব — শিশুত্তো
শিশুপাঠ — শিশুপাঠ্
শিশুপাঠ্য — শিশুপাট্ঠো
শিশুপাল — শিশুপাল্
শিশুপ্রকৃতি — শিশুপ্রোকৃতি
শিশুসাহিত্য — শিশুশাহিত্তো
শিশুসুলভ — শিশুশুলভ্
শিশুস্বভাব — শিশুশভাব্
শিশুহৃদয় — শিশুহৃদয়্/-hriদয়্
শিশ্ন — শিশ্নো
শিশ্নোদরপরায়ণ— শিশ্নোদরোপরায়ন্/-য়োন্
শিষ,-শীষ — শিশ্
শিষ্ট – শিশ্টো

শিষ্টপ্রয়োগ — শিশ্টোপ্রোয়োগ্
শিষ্টাচার — শিশ্টাচার্
শিষ্য — শিশ্শো
শিষ্যত্ব — শিশ্শোত্তো
শিস — শিশ্
শিহরণ,-ন — শিহরন্/শিহোরন্
শিহরান — শিহোরানো
শীকর — শিকর্
শীগগির — শিগ্গির্
শীঘ্র – শিগ্ঘ্রো
শীঘ্রগতি — শিগ্ঘ্রোগোতি
শীঘ্রগামী — শিগ্ঘ্রোগামি
শীঘ্রচেতন — শিগ্ঘ্রোচেতোন্
শীত — শিত্
শীতকাটান — শিত্কাটানো
শীতকাল — শিত্কাল্
শীতপ্রধান — শিত্প্রোধান্
শীতবস্ত্র — শিতোবস্ত্রো/শিত্বস্ত্রো
শীতল — শিতল্
শীতলক্ষা (নদী বিশেষ) — শিতোলোক্খা
/– লক্খা
শীতলপাটি — শিতল্পাটি
শীতলা — শিতোলা
শীতাংশু — শিতাঙশু
শীতাগম — শিতাগম্
শীতাতপ — শিতাতপ্
শীতাতপনিয়ন্ত্রিত—শিতাতপ্নিয়োন্ত্রিতো
শীতাধিক্য – শিতাধিক্কো
শীতার্ত — শিতার্তো
শীতোষ্ণ — শিতোশ্নো
শীৎকার — শিত্কার্
শীৎকৃত — শিত্কৃতো
শীর্ণ — শির্নো
শীর্ণকায় — শির্নোকায়্
শীর্ণতনু — শির্নোতোনু
শীর্ণদেহ — শির্নোদেহো
শীর্ষ — শির্শো
শীর্ষক — শির্শক্/–শোক্
শীর্ষস্থান — শির্শোস্থান্
শীর্ষস্থানীয় – শির্শোস্থানিয়ো
শীল — শিল্
শীলজ্ঞ — শিলোগ্গোঁ
শীলতা — শিলতা/শিলোতা
শীলন — শিলন্/শিলোন্
শীলবর্জিত — শিলোবোর্জিতো
শীলিত — শিলিতো
শুঁটকা — শুঁট্কা
শুঁটকি,–কী — শুঁট্কি
শুঁড় — শুঁড়্
শুক — শুক্
শুকতারা — শুক্তারা
শুকতুনি — শুক্তুনি
শুকদেব — শুক্দেব্
শুকনা — শুক্না
শুকনাস — শুকোনাশ্/শুক্নাশ্
শুকান — শুকানো
শুকুর (কৃতজ্ঞতা) — শুকুর্
শুকূল (পদবী বিশেষ) — শুকুল্
শুক্ত — শুক্তো
শুক্তনি — শুক্তোনি
শুক্তি — শুক্তি
শুক্র — শুক্ক্রো
শুক্রকর — শুক্ক্রোকর্
শুক্রদোষ — শুক্ক্রোদোশ্
শুক্রবর্ধক — শুক্ক্রোবর্ধক্/–ধোক্
শুক্রবার — শুক্ক্রোবার্
শুক্রাচার্য — শুক্ক্রাচার্জো
শুক্ল — শুক্ক্লো
শুক্লকর্মা — শুক্ক্লোকর্মা
শুক্লপক্ষ — শুক্ক্লোপোক্খো
শুক্লবস্ত্রা — শুক্ক্লোবস্ত্রা
শুক্লমণ্ডল — শুক্ক্লোমন্ডোল্
শুক্লাম্বরী — শুক্ক্লাম্বোরি
শুক্লাবসনা — শুক্ক্লাবশোনা

শুক্লিমা — শুক্‌ক্লিমা
শুখান — শুখানো
শুচিদ্রুম — শুচিদ্‌দ্রুমো/-দ্রুম্‌
শুচিস্মিত — শুচিশ্‌মিতো
শুচিস্মিতা — শুচিশ্‌মিতা
শুজনি,-নী (চাদর বিশেষ) — শুজ্‌নি
শুড়শুড় — শুড়্‌শুড়্‌
শুঠি,-ঠী — শুন্‌ঠি
শুণ্ড — শুন্‌ডো
শুদ্ধ — শুদ্‌ধো
শুদ্ধচিত্ত — শুদ্‌ধোচিত্‌তো
শুদ্ধমতি — শুদ্‌ধোমোতি
শুদ্ধশীল — শুদ্‌ধোশিল্‌
শুদ্ধাচার — শুদ্‌ধাচার্‌
শুদ্ধান্ত — শুদ্‌ধান্‌তো
শুদ্ধাশয় — শুদ্‌ধাশয়্‌
শুদ্ধি — শুদ্‌ধি
শুদ্ধিপত্র — শুদ্‌ধিপত্‌ত্রো
শুদ্ধোদন — শুদ্‌ধোদন্‌/-দোন্‌
শুদ্ধ্যশুদ্ধি — শুদ্‌ধোশুদ্‌ধি
শুধরান — শুধ্‌রানো
শুধান — শুধানো
শুনান — শুনানো
শুবচনী — শুবোচোনি
শুভ — শুভো
শুভকর — শুভোকর্‌
শুভকর্মা — শুভোকর্‌মা
শুভকাম — শুভোকাম্‌
শুভক্ষণ — শুভোক্‌খন্‌/-খোন্‌
শুভগ্রহ — শুভোগ্রোহো/শুভোগ্‌গ্রোহো
শুভঙ্কর — শুভঙকর্‌
শুভঙ্করী — শুভঙকোরি/শুভোঙকোরি
শুভচনী — শুভোচোনি
শুভদা — শুভোদা
শুভদৃষ্টি — শুভোদৃশ্‌টি
শুভব্রত — শুভোব্‌ব্রোতো/শুভোব্রোতো
শুভলক্ষণ — শুভোলোক্‌খোন
শুভাকাঙ্ক্ষী — শুভাকাঙখি
শুভাগমন – শুভাগমোন্‌
শুভানুধ্যায়ী — শুভানুদ্‌ধ্যায়ি/-ধায়ি
শুভানুষ্ঠান — শুভানুশ্‌ঠান্‌
শুভার্থী — শুভার্‌থি
শুভাশিষ,-স — শুভাশিশ্‌
শুভাশীর্বাদ — শুভাশির্‌বাদ্‌
শুভাশুভ — শুভাশুভো
শুভেতর — শুভেতর্‌
শভ্র — শুব্‌ভ্রো
শুভ্রকেশ — শুব্‌ভ্রোকেশ্‌
শুভ্রত্ব — শুব্‌ভ্রোত্‌তো
শুভ্রমৌলি — শুব্‌ভ্রোমোউলি
শুভ্ররশ্মি — শুব্‌ভ্রোরোশ্‌শি
শুভ্রাংশু — শুব্‌ভ্রাঙশু
শুমার — শুমার্‌
শুমার-নবীশ — শুমার্‌নোবিশ্‌
শুম্ভ — শুম্‌ভো
শুম্ভ-নিশুম্ভ — শুম্‌ভোনিশুম্‌ভো
শুয়ার — শুয়ার্‌
শুয়োর — শুয়োর্‌
শুলুক-সন্ধান — শুলুক্‌শন্‌ধান্‌
শুল্ক — শুল্‌কো
শুল্কগ্রাহক — শুল্‌কোগ্রাহোক্‌
শুল্কদ্ধরণিক — শুল্‌কোদ্‌ধরোনিক্‌
শুল্কালয় — শুল্‌কালয়্‌
শুশুক — শুশুক্‌
শুশ্রূষক — শুস্‌সুশক্‌/-শোক
শুশ্রূষণ — শুস্‌সুশন্‌/-শোন্‌
শুশ্রূষা - শুস্‌সুশা
শুশ্রূষাকারী — শুস্‌সুশাকারি
শুশ্রূষু — শুস্‌সুশু
শুশ্রূষ্য — শুস্‌সুশ্‌শো
শুষান — শুশানো
শুষ্ক – শুশ্‌কো
শুষ্কজলা — শুশ্‌কোজলা
শুষ্কজ্ঞান — শুশ্‌কোগগ্যাঁন্‌/শুশ্‌কোগ্যাঁন্‌

শুষ্কতর্ক — শুশ্‌কোতর্‌কো
শূক — শুক্‌
শূককীট — শুক্‌কিট্‌
শূকধান্য — শুকোধান্‌নো/শুক্‌ধান্‌নো
শূকর — শুকর্‌/শুকোর্‌
শূকরী — শুকোরি
শূদ্র — শুদ্‌দ্রো
শূদ্রক — শুদ্‌দ্রক্‌/-দ্রোক্‌
শূদ্রধর্ম — শুদ্‌দ্রোধর্‌মো
শূদ্রাণী — শুদ্‌দ্রানি
শূন (প্রাচীন কাব্যে, শূন্য) — শুনো
শূন্য — শুন্‌নো
শূন্যকুম্ভ — শুন্‌নোকুম্‌ভো
শূন্যগর্ভ — শুন্‌নোগর্‌ভো
শূন্যদৃষ্টি — শুন্‌নোদৃশ্‌টি
শূন্যদেশ — শুন্‌নোদেশ্‌
শূন্যপথ — শুন্‌নোপথ্‌
শূন্যমনা — শুন্‌নোমনা
শূন্যবাদ — শুন্‌নোবাদ্‌
শূয়ার — শুয়ার্‌
শূর — শুর্‌
শূরম্মন্য — শুরোম্‌মোন্‌নো
শূরসেন — শুরোশেন্‌
শূর্প — শুর্‌পো
শূর্পকর্ণ — শুর্‌পোকর্‌নো
শূর্পণখা -- শুর্‌পোনখা
শূর্পী — শুর্‌পি
শূল — শুল্‌
শূলঘ্ন — শুলঘ্‌নো/শুলোঘ্‌নো
শূলপাণি — শুলোপানি
শূলাগ্র — শুলাগ্‌গ্রো
শূলান — শুলানো
শূল্য — শুল্‌লো
শূল্যমাংস (শিককাবাব)—শুল্‌লোমাঙশো
শৃগাল — সৃগাল্‌
শৃঙ্খল — সৃঙখল্‌
শৃঙ্খলা — সৃঙখলা
শৃঙ্খলাবদ্ধ — সৃঙখলাবদ্‌ধো
শৃঙ্খলিত — সৃঙখোলিতো
শৃঙ্গ — সৃঙগো
শৃঙ্গধর — সৃঙগোধর্‌
শৃঙ্গধ্বনি — সৃঙগোদ্‌ধোনি
শৃঙ্গবের — সৃঙগোবের্‌
শৃঙ্গাটক — সৃঙগাটক্‌
শৃঙ্গার — সৃঙগার্‌
শৃঙ্গী — সৃঙগি
শেওড়া — শ্যাওড়া
শেওলা — শ্যাওলা
শেখজাদা — শেখ্‌জাদা
শেখজী — শেখ্‌জি
শেখর — শেখর্‌/শেখোর্‌
শেখা — শেখা
শেখান — শেখানো
শেজ - শেজ্‌
শেঠ — শেঠ্‌
শেফালি,-লী — শেফালি
শেমিজ (chemise) — শেমিজ্‌
শেয — শেজ্‌
শেয়াকুল — শেয়াকুল্‌
শেয়ারমার্কেট (share-market) — শেয়ার্‌মার্‌কেট্‌
শেয়াল (< শিয়াল) — শেয়াল্‌
শের — শের্‌
শেরওয়ানী — শের্‌ওয়ানি
শেল — শেল্‌
শেষ — শেষ্‌
শেষকথা — শেশ্‌কথা
শেষতক — শেশ্‌তক্‌
শেষমেষ — শেশ্‌মেশ্‌
শেষরক্ষা — শেশ্‌রোক্‌খা
শেষরাত্রি — শেশ্‌রাত্‌ত্রি
শেষশয়ন — শেশ্‌শয়োন্‌
শেষান্ন — শেশান্‌নো
শেষাবস্থা — শেশাবস্‌থা

শেষাশেষি — শেশাশেশি
শেষাবধি — শেশাবোধি
শেষোক্ত — শেশোক্তো
শৈত্য — শোইত্তো
শৈত্য-প্রবাহ — শোইত্তোপ্রোবাহো
শৈথিল্য — শোইথিল্লো
শৈব — শোইবো
শৈবলিনী — শোইবোলিনি
শৈবাল — শোইবাল্
শৈবালিত — শোইবালিতো
শৈব্যা — শোইব্বা
শৈল — শোইলো
শৈলজ — শোইলজো/শোইলোজো
শৈলজা — শোইলোজা
শৈলজায়া — শোইলোজায়া
শৈলপ্রস্থ — শোইলোপ্রোস্থো
শৈলরন্ধ্র — শোইলোরন্ধ্রো
শৈলরাজ — শোইলোরাজ্
শৈলসুতা — শোইলোশুতা
শৈলী — শোইলি
শৈলেন্দ্র — শোইলেন্দ্রো
শৈলেশ — শোইলেশ্
শৈল্য — শোইল্লো
শৈশব — শোইশব্
শৈশবকাল — শোইশব্কাল্
শৈশবসঙ্গী — শোইশব্শোঙগি
শৈশবস্মৃতি — শোইশব্সৃতি
শৈশবাবস্থা — শোইশবাবস্থা/-বোস্থা
শোঁকান — শোঁকানো
শোক — শোক্
শোককর — শোকোকর্
শোকগাথা — শোকোগাথা
শোকগ্রস্ত — শোকোগ্গ্রোস্তো/
শোকোগ্রোস্তো
শোকজীর্ণ — শোকোজির্নো
শোকসঙ্গীত — শোকোশোঙগিত
শোকসন্তপ্ত — শোক্শনতপ্তো
শোকসাগর — শোকোশাগোর্/শোক্শাগোর্
শোকাকুল — শোকাকূল্
শোকাগ্নি — শোকাগ্নি
শোকাতুর — শোকাতুর্
শোকানল — শোকানল্
শোকাবহ — শোকাবহো
শোকাবেগ — শোকাবেগ্
শোকার্ত — শোকার্তো
শোকোচ্ছ্বাস — শোকোচ্ছাশ্
শোকোদ্দীপ্ত — শোকোদ্দিপ্তো
শোচন — শোচোন্
শোচনা — শোচোনা
শোচনীয় — শোচোনিয়ো
শোচ্য — শোচ্চো
শোণ — শোন্
শোণপত্র — শোনোপত্ত্রো/শোন্পত্ত্রো
শোণরত্ন — শোনোরত্নো/শোন্রত্নো
শোণিত — শোনিতো/শোনিত্
শোণিতধারা — শোনিতোধারা
শোণিতপুঞ্জ — শোনিতোপুন্জো
শোণিতপ্রবাহ — শোনিতোপ্রোবাহো
শোণিতমোক্ষণ — শোনিতোমোক্খন্
শোণিতরঞ্জিত — শোনিতোরোন্জিতো
শোণিতশোধক — শোনিতোশোধোক্
শোণিতশোষণ — শোনিতোশোশোন্/
শোনিত্শোশোন্
শোণিতসম্পর্ক — শোনিতোশম্পর্কো
শোণিতাক্ত — শোনিতাক্তো
শোথ (dropsy, গোদ) — শোথ্
শোধ — শোধ্
শোধক — শোধোক্
শোধন — শোধোন্
শোধনী — শোধোনি
শোধনীয় — শোধোনিয়ো
শোধবোধ — শোধ্বোধ্
শোধরান — শোধ্রানো
শোধিত — শোধিতো

শোধ্য — শোদ্‌ধো
শোনান — শোনানো
শোভন — শোভোন্
শোভনা — শোভোনা
শোভনীয় — শোভোনিয়ো
শোভমান — শোভোমান্
শোভাকর — শোভাকর্
শোভাঞ্জন — শোভান্‌জন্
শোভান্তরী — শোভান্‌তোরি
শোভান্বিত — শোভান্‌নিতো
শোভাময় — শোভাময়্
শোভাযাত্রা — শোভাজাত্‌ত্রা
শোভাশূন্য — শোভাশুন্‌নো
শোভাহীন — শোভাহিন্
শোভিত - শোভিতো
শোয়ান — শোয়ানো
শোয়া-বসা — শোয়াবশা
শোর — শোর্
শোরগোল — শোর্‌গোল্
শোরশরাবত — শোর্‌শরাবত্
শোরশার — শোর্‌শার্
শোল — শোল্
শোলপোনা — শোল্‌পোনা
শোলোক — শোলোক্
শোষ — শোশ্/শোশো
শোষক — শোশোক্
শোষণ — শোশোন্
শোষাণি — শোশানি
শোষান — শোশানো
শোষিত — শোশিতো
শোহরত — শোহোরত্
শোহিনী (রাগিণী বিশেষ)—শোহিনি
শৌক্ল্য — শোউক্‌ক্লো
শৌখীন,-খিন — শোউখিন্
শৌচ — শোউচো
শৌচাগার — শোউচাগার্
শৌণ্ড — শোউন্‌ডো
শৌণ্ডিক — শোউন্‌ডিক্
শৌণ্ডিকালয় — শোউন্‌ডিকালয়্
শৌনিক (ব্যাধ) — শোউনিক্
শৌভনিক — শোউভোনিক্
শৌভিক (ঐন্দ্রজালিক) — শোউভিক্
শৌরসেন — শোউরোশেন্
শৌরসেনী — শোউরোশেনি
শৌরি — শোউরি
শৌর্য — শোউর্‌জো
শৌর্যবান — শোউর্‌জোবান্
শৌর্যবীর্য — শোউর্‌জোবির্‌জো
শৌর্যশালী — শোউর্‌জোশালি
শৌহর (পতি, স্বামী) — শোউহর্
শ্মশান — শঁশান্
শ্মশানকালিকা — শঁশান্‌কালিকা
শ্মশানকালী — শঁশান্‌কালি
শ্মশানচারী — শঁশান্‌চারি
শ্মশানপুরী — শঁশান্‌পুরি
শ্মশানবন্ধু — শঁশান্‌বোন্‌ধু
শ্মশানবাসী — শঁশান্‌বাশি
শ্মশানবৈরাগ্য — শঁশান্‌বোইরাগ্‌গো
শ্মশানভূমি — শঁশান্‌ভুমি
শ্মশ্রু — শোঁস্‌সু
শ্মশ্রুধর — শোঁস্‌সুধর্
শ্মশ্রুবর্ধক — শোঁস্‌সুবর্‌ধক্/-ধোক্
শ্মশ্রুমণ্ডিত — শোঁস্‌সুমোন্‌ডিতো
শ্মশ্রুল — শোঁস্‌সুলো/শোঁস্‌সুল্
শ্মশ্রুশোভিত — শোঁস্‌সুশোভিতো
শ্যাকরাগাড়ী — শ্যাক্‌রাগাড়ি
শ্যাঙাত — শ্যাঙাত্
শ্যাঙ্গাত — শ্যাঙগাত্
শ্যাম — শ্যাম্
শ্যামক (ধান বিশেষ) — শ্যামোক্
শ্যামকণ্ঠ — শ্যামোকন্‌ঠো/শ্যাম্‌কন্‌ঠো
শ্যামচাঁদ — শ্যাম্‌চাঁদ্
শ্যামর (প্রাচীন কাব্যে) — শ্যামোরো/-মোর্
শ্যামল — শ্যামোল্

শ্যামলা — শ্যাম্‌লা
শ্যামলিমা — শ্যামোলিমা
শ্যামলী — শ্যামোলি
শ্যামা — শ্যামা
শ্যামাঙ্গ — শ্যামাঙগো
শ্যামাঙ্গিনী — শ্যামাঙগিনি
শ্যামাঙ্গী — শ্যামাঙগি
শ্যামাপোকা — শ্যামাপোকা
শ্যামায়মান — শ্যামায়োমান্‌
শ্যালক — শ্যালোক্‌
শ্যালিকা — শ্যালিকা
শ্যালীপতি — শ্যালিপোতি
শ্যেন (বাজপাখী) — শেন্‌
শ্যেনচক্ষু — শেনোচোক্‌খু
শ্যেনদৃষ্টি — শেনোদৃশ্‌টি/শেন্‌দৃশ্‌টি
শ্রদ্ধা — স্রোদ্‌ধা
শ্রদ্ধান্বিত — স্রোদ্‌ধান্‌নিতো
শ্রদ্ধাবান — স্রোদ্‌ধাবান্‌
শ্রদ্ধাভাজন — স্রোদ্‌ধাভাজোন্‌
শ্রদ্ধালু — স্রোদ্‌ধালু
শ্রদ্ধাস্পদ — স্রোদ্‌ধাশ্‌পদো
শ্রদ্ধাস্পদেষু — স্রোদ্‌ধাশ্‌পদেশু
শ্রদ্ধেয় — স্রোদ্‌ধেয়ো
শ্রব,-বঃ — স্রোবো
শ্রবণ — স্রোবোন্‌
শ্রবণগোচর — স্রোবোনোগোচর্‌/
স্রোবোন্‌গোচোর্‌
শ্রবণপথ — স্রোবোন্‌পথ্‌
শ্রবণমধুর — স্রোবোন্‌মোধুর্‌
শ্রবণবহির্ভূত — স্রোবনোবোহির্‌ভুতো
শ্রবণবিবর — স্রোবোন্‌বিবর্‌
শ্রবণসুখকর — স্রোবনোশুখোকর্‌
শ্রবণা — স্রোবোনা
শ্রবণাতীত — স্রোবোনাতিতো
শ্রবণীয় — স্রোবোনিয়ো
শ্রবণেন্দ্রিয় — স্রোবনেন্‌দ্রিয়ো
শ্রব্য — স্রোব্‌বো
শ্রব্যকাব্য — স্রোব্‌বোকাব্‌বো
শ্রম — স্রোম্‌
শ্রমকাতর — স্রোমোকাতোর্‌
শ্রমজল — স্রোমোজল্‌
শ্রমজাত — স্রোমোজাতো
শ্রমজীবী — স্রোমোজিবি
শ্রমণ — স্রোমন্‌/স্রোমোন্‌
শ্রমদপ্তর — স্রোমোদপ্‌তর্‌/-তোর্‌
শ্রমবন্টন — স্রোমোবন্‌টন্‌/-টোন্‌
